উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

JAL

সেনসেক্স : ৭৯,৮০১.৪৩ (-৩১৫.০৬)

নিফটি : ২৪,২৪৬.৭০ (-৮২.২৫)

**গুলির লড়াইয়ে শহিদ বাঙালি সেনা**

পহলগামে জঙ্গি হানার পর জম্মু ও কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের গুলিতে নিহত হলেন নদিয়ার পাথরঘাটার বাসিন্দা, ভারতীয় সেনার প্যারাকমান্ডো ঝন্টু আলি শেখ। » ৭

**মাধ্যমিকের ফল প্রকাশ ২ মে**

মাধ্যমিকের ফল প্রকাশের দিন বদল করল মধ্যশিক্ষা পর্ষদ। ৩০ এপ্রিলের বদলে ফল প্রকাশ হবে ২ মে। পরীক্ষার ৭০ দিনের মাথায় ফল প্রকাশ হতে চলেছে। » ৫

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| | শিলিগুড়ি | জলপাইগুড়ি | কোচবিহার | আলিপুরদুয়ার |
|---|---|---|---|---|
| সর্বোচ্চ | ৩৬° | ৩৬° | ৩৭° | ৩৫° |
| সর্বনিম্ন | ২৩° | ২৩° | ২৪° | ২২° |

**গম্ভীরকে মেরে ফেলার হুমকি** » ১১



১১ বৈশাখ ১৪৩২ শুক্রবার ৫.০০ টাকা 25 April 2025 Friday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 45 Issue No. 335

কূটনৈতিক চাপ



## আরও কড়া ভারত

- ২৭ এপ্রিল থেকে পাকিস্তানের নাগরিকদের বৈধ ভারতীয় ভিসা বাতিল
- মেডিকেল ভিসা নিয়ে এ দেশে আসা পাক নাগরিকদের ২৯ এপ্রিল পর্যন্ত সময় দেওয়া হয়েছে। তারপর তাঁদের ভিসা বাতিল হয়ে যাবে
- বর্তমানে পাকিস্তানে থাকা ভারতীয় নাগরিকদের অবিলম্বে দেশে ফেরার পরামর্শ
- ভারতীয়দের পাকিস্তান সফরে জারি নিষেধাজ্ঞা

## পালটা পাকিস্তান

- সিন্ধু জলচুক্তি নিয়ে নয়াদিল্লির সিদ্ধান্তের জোরালো প্রতিবাদ
- পাক প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ জানিয়েছেন, ভারতের সঙ্গে যুদ্ধের জন্য তাঁরা প্রস্তুত
- ভারতের সঙ্গে সমস্ত ধরনের বাণিজ্যিক সম্পর্ক বন্ধের ঘোষণা, তৃতীয় কোনও দেশে বাণিজ্যের জন্য ইসলামাবাদ প্রশাসন নিজেদের ভূখণ্ড ব্যবহার করতে দেবে না ভারতকে
- নিজেদের আকাশসীমা ভারতকে আর ব্যবহার করতে দেওয়া হবে না
- ৩০ এপ্রিলের মধ্যে ইসলামাবাদে ভারতীয় দূতাবাসের প্রতিরক্ষা আধিকারিকদের পাকিস্তান ছাড়তে বলা হয়েছে
- পাকিস্তানও এখন থেকে ওয়াঘা সীমান্ত বন্ধ করে দিচ্ছে
- ওয়াঘা সীমান্ত হয়ে পাকিস্তানে আসা ভারতীয়দের ৩০ এপ্রিলের মধ্যে সে দেশ ছাড়ার নির্দেশ
- ভারতীয়দের জন্য 'সার্ক' ভিসা বাতিল
- সিমলা চুক্তি সহ ভারতের সঙ্গে সমস্ত দ্বিপাক্ষিক চুক্তি স্থগিত রাখার সম্ভাবনার কথা জানিয়েছে পাকিস্তান

## নিন্দা বিশ্বের

ট্রাম্পের মতোই মার্কিন প্রশাসনের শীর্ষকর্তারা পহলগাম হামলার নিন্দা জানিয়েছেন

মার্কিন অ্যাটর্নি জেনারেল পামেলা বন্ডি, নিউ ইয়র্কের সেনেটর চাক শুমার, রিপাবলিকান কংগ্রেসম্যান ব্রায়ান ফিটজপ্যাট্রিক এই ঘটনার কড়া নিন্দা জানান

জঙ্গি হামলার কড়া নিন্দা জানিয়েছেন রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসও

# বাজল যুদ্ধের দামামা

## কল্পনাতীত শাস্তির হুমকি মোদির মুখে

**নয়াদিল্লি ও মধুবনি, ২৪ এপ্রিল :** পহলগামে জঙ্গি হামলার পরিপ্রেক্ষিতে যুদ্ধং দেহি মেজাজ ভারত ও পাকিস্তান- উভয় দেশেরই। পর্যটক সহ ২৮ জনের মৃত্যুর পর জঙ্গিদের গুলিতে শহিদ হলেন এক ভারতীয় জওয়ান। কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে সেনার মুখোমুখি সংঘর্ষে শহিদ হয়েছেন আদতে বাংলার বাসিন্দা হাবিলদার ঝন্টু আলি শেখ। ধর্মে মুসলিম এই জওয়ানের বাড়ি নদিয়ার পাথরঘাটা গ্রামে।

পাকিস্তানকেই ঠারেঠোরে এই হামলার নাটের গুরু ঠাউরে ভারত বুধবারই সিন্ধু জল চুক্তি রদ সহ একাধিক পদক্ষেপ করেছিল। বৃহস্পতিবার মেডিকেল ভিসা বাতিল সহ আরও একগুচ্ছ পদক্ষেপ করল। পাকিস্তানের নাম না করে সন্ত্রাসবাদের বিরুদ্ধে কার্যত 'যুদ্ধ' ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

সন্তানহীন দম্পতিদের জন্য পরামর্শ শিবির এবার শিলিগুড়িতে
আগামী ৪ মে, রবিবার
বন্ধ্যাত্ব বিষয়ক পরামর্শ দেবেন
ডা: এস. এম. রহমান
MBBS, MD (Obs & Gyn)
AIIMS New Delhi, Gold Medalist
22 yrs experience
Cradle fertility center
For Appointment Call us:
9147071888
Jeevandeep Building
Salugara, Siliguri

বিহারের মধুবনিতে জাতীয় পঞ্চায়েতিরাজ দিবস পালনের মঞ্চে বৃহস্পতিবার সন্ত্রাসবাদী এবং তার মদতদাতাদের মাটিতে মিশিয়ে দেওয়ার বার্তা দিয়েছেন তিনি। মোদি বলেন, 'জঙ্গিদের অবশিষ্ট জমিটুকুও মাটিতে মিশিয়ে দেওয়ার সময় এসে গিয়েছে।' বক্তৃতা শুরুর আগে সভায় উপস্থিত সবাইকে পহলগামে নিহতদের প্রতি শ্রদ্ধা জানাতে নীরবতা পালনের আর্জি জানান প্রধানমন্ত্রী।

সাধারণত দেশে হিন্দিতেই বক্তৃতা দেন মোদি। বৃহস্পতিবার হিন্দি বলতে বলতে হঠাৎ যেন গোটা পৃথিবীকে জানাতে ইংরেজিতে ভাষণ দেওয়া শুরু করেন। তিনি বলেন, 'বিহারের মাটি থেকে আজ আমি সারা বিশ্বকে বলছি, প্রত্যেক জঙ্গি এবং তাদের মদতদাতাদের খুঁজে শনাক্ত করে শাস্তি দেবে ভারত। যারা পহলগামে হামলা চালিয়েছে, সেই সন্ত্রাসবাদী আর এই হামলার ষড়যন্ত্রকারীদের কল্পনাতীত শাস্তি দেওয়া হবে।'

দেশের সাধারণ মানুষ এবং শাসক-বিরোধী নির্বিশেষে সব রাজনৈতিক দলের সমর্থন ও সহানুভূতিতে এখন বলীয়ান মোদি সরকার। সেই শক্তিতে বুধবারের পর বৃহস্পতিবার পাকিস্তানের বিরুদ্ধে আরও কয়েকটি পদক্ষেপ করল নয়াদিল্লি। ভিসা প্রত্যাহার করে পাকিস্তানি নাগরিকদের ২৭ এপ্রিলের মধ্যে ভারত ছাড়তে বলা হয়েছে। *এরপর দশের পাতায়*

## সিমলা চুক্তি স্থগিতের বার্তা পাক সরকারের

**ইসলামাবাদ, ২৪ এপ্রিল :** প্রত্যাঘাতের পথে ইসলামাবাদ। ভারত সিন্ধু নদীর জল চুক্তি রদ করেছিল বুধবার। ২৪ ঘণ্টার মধ্যে সিমলা চুক্তি খারিজের ইঙ্গিত দিল পাকিস্তান। সিন্ধু নদী নিয়ে নয়াদিল্লির চুক্তি রদের সিদ্ধান্তকে জল-যুদ্ধের শামিল বলে মন্তব্য করেছে পাক সরকার।

শুধু সিমলা চুক্তি খারিজ নয়, মোট আট দফা পদক্ষেপের বার্তা দিয়েছে পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সরকার। কাশ্মীরে জঙ্গি হামলায় ২৮ জনের মৃত্যুতে পাকিস্তানকে দায়ী করেছে ভারত। কড়া ব্যবস্থা হিসেবে বুধবার পাঁচটি পদক্ষেপ ঘোষিত হয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে জাতীয় নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রীগোষ্ঠীর বৈঠকে। ইসলামাবাদে বৃহস্পতিবার পালটা পাকিস্তানের জাতীয় নিরাপত্তা কমিটির বৈঠক করেন শাহবাজ।


বৈঠকের পর পাক প্রধানমন্ত্রী দপ্তর থেকে প্রচারিত বিবৃতিতে জানানো হয়, পাকিস্তানে জল বন্ধের যে কোনও চেষ্টাকে 'আগ্রাসন' হিসাবে বিবেচনা করা হবে। পূর্ণ শক্তি দিয়ে এই জাতীয় পদক্ষেপের জবাব দেবে পাকিস্তান। উপপ্রধানমন্ত্রী ইসাক দার বলেন, 'ভারত কোনও প্রমাণ দেয়নি। ওরা পরিণত আচরণ করছে না। ওদের সরকার অপরিণত এবং তাড়াহুড়ো করে পদক্ষেপ করেছে।' চলতি সপ্তাহের শেষে বাংলাদেশ সফরে যাওয়ার কথা ছিল দারের। সেই কর্মসূচি স্থগিত করা হয়েছে।

জাতীয় নিরাপত্তা কমিটির বৈঠকের আগেই অবশ্য ভারত সীমান্ত ও নিয়ন্ত্রণরেখায় সেনা মোতায়েন শুরু করে দিয়েছিল পাকিস্তানি সেনা। বুধবার থেকেই গুজরাট, রাজস্থান ও পঞ্জাবের আন্তর্জাতিক সীমান্ত বরাবর পাকবাহিনীর তৎপরতা নজরে আসছে। জম্মু ও কাশ্মীরের নিয়ন্ত্রণরেখা বরাবর পাক সেনার গতিবিধি বেড়েছে। রণকৌশলগতভাবে গুরুত্বপূর্ণ জায়গাগুলিতে কামান ও বিমান বিধ্বংসী ক্ষেপণাস্ত্র বসানো হচ্ছে।

জারি হয়েছে রেড অ্যালার্ট। বায়ু ও নৌসেনাকে তৈরি থাকার নির্দেশ দিয়েছে শরিফের সরকার। শক্তি প্রদর্শনের লক্ষ্যে করাচি উপকূল থেকে পরীক্ষামূলকভাবে ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের প্রস্তুতির খবর মিলেছে। সমুদ্র বন্দর করাচি ভারতীয় নৌসেনার সহজ নিশানা হতে পারে আশঙ্কা করে সেখানে ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের প্রস্তুতি চলছে বলে মনে করছেন প্রতিরক্ষা বিশেষজ্ঞরা।

বৃহস্পতিবার জাতীয় নিরাপত্তা কমিটির বৈঠকে শরিফের সঙ্গে উপস্থিত ছিলেন উপপ্রধানমন্ত্রী ইসাক দার, তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার, আইনমন্ত্রী আজম নাজির তারার, দেশের অ্যাটর্নি জেনারেল মনসুর উসমান আওয়ান ও ৩ বাহিনীর প্রধান। সিন্ধু জলচুক্তি অনির্দিষ্টকালের জন্য স্থগিতের মতো বাণিজ্য বন্ধ ও ভিসা রদের মতো পদক্ষেপ করেছিল ভারত। *এরপর দশের পাতায়*





*ভারত ছেড়ে দেশে ফিরছেন পাকিস্তানি নাগরিকরা। ওয়াঘা সীমান্তে (উপরে)। জঙ্গিহানা ভুলে ছন্দে ফিরতে চাইছে শ্রীনগর। বৃহস্পতিবার লাল চকে। ছবি : এএফপি ও অপর্ণা গুহ রায়*

## দুঃস্বপ্ন ভুলতে চাইছে ভূস্বর্গ

কাশ্মীরে উত্তরবঙ্গ সংবাদ

**বিশ্বজিৎ সাহা**

**শ্রীনগর, ২৪ এপ্রিল :** জীবনে খারাপ পর্ব আসেই। কিন্তু ভালোর খোঁজটা চালিয়ে যেতেই হয়। ভূস্বর্গও এই তত্ত্বেই বিশ্বাসী। পহলগামের বৈসরণে জঙ্গি হামলায় মৃতদের প্রতি শ্রদ্ধা প্রদর্শনে বুধবার কাশ্মীর উপত্যকাজুড়ে স্বতঃস্ফূর্ত বনধে স্বাভাবিক জনজীবন কার্যত স্তব্ধ হয়ে গিয়েছিল। আর বৃহস্পতিবার সকাল থেকেই পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক ছন্দে ফিরল।

জঙ্গি হামলার পর গোটা কাশ্মীরজুড়ে পর্যটকদের মধ্যে আতঙ্কের পরিবেশ সৃষ্টি হতেই বেশিরভাগ পর্যটক পহলগাম, সোনমার্গ, গুলমার্গ, দুধপাথরি, ইউজমার্গের মতো গুরুত্বপূর্ণ ভিউপয়েন্টগুলি ছেড়ে নিরাপত্তার জন্য শ্রীনগরে ঘাঁটি গেড়েছেন। অনেকেই চড়া দামে বিমানের টিকিট কেটে উপত্যকা ছেড়েছেন। আর যাঁরা যেতে পারেননি, তাঁরা শ্রীনগরের বিভিন্ন হোটেলে রয়ে গিয়েছেন। অন্যান্য ভিউপয়েন্টের হোটেলগুলি খাঁখাঁ করলেও শ্রীনগরের হোটেলগুলিতে এদিনও পর্যটকদের উপচে পড়া ভিড় ছিল। শ্রীনগরের বাইরের গুরুত্বপূর্ণ ভিউপয়েন্টগুলি ঘুরে দেখার কর্মসূচিরও পরিবর্তন তাঁদের করতে হয়। এদিন সকাল থেকেই ডাল লেক, শালিমার বাগ, মানসবাল লেক, নিশাদবাগ টিউলিপ গার্ডেন, শংকরাচার্য মন্দির, পরিমহল প্রভৃতি স্থানে পর্যটকরা ঘুরে কার্যত দুধের স্বাদ ঘোলে মেটান। তাঁদের অনেকেরই ইতিমধ্যেই একবার এই জায়গাগুলি ঘোরা হয়ে গিয়েছিল। তবে অন্য কোনও জায়গায় যাওয়ার উপায় না থাকায় তাঁরা এদিন ফের চেনা জায়গাগুলিতেই আবার ঢুঁ মারেন। *এরপর দশের পাতায়*

## নিরাপত্তা নিয়ে প্রশ্ন অনেক, নেই শুধু উত্তর

কাশ্মীরে উত্তরবঙ্গ সংবাদ

**বিশ্বজিৎ সাহা**

**শ্রীনগর, ২৪ এপ্রিল :** কী কারণে হামলা আর কীভাবে ভবিষ্যৎ চলবে সেটাই এখন ভূস্বর্গের বাসিন্দাদের কাছে বড় হয়ে দাঁড়িয়েছে। পহলগামের হামলার পর ৪৮ ঘণ্টা পেরিয়ে গেলেও এই সমস্ত প্রশ্নের ওপর থেকে ধোঁয়াশা সরার কোনও লক্ষণই নেই। পাশাপাশি, যাঁরা নিরাপত্তার দায়িত্বে রয়েছেন, তাঁদের ভূমিকাকে কেন্দ্র করে ক্ষোভ ছড়ানো শুরু করেছে।

মহম্মদ মুস্তাক শ্রীনগর সংলগ্ন গোন্ডারওয়ালের বাসিন্দা। ২০০৭ সাল থেকে পর্যটকদের নিয়ে প্রতি মাসেই চার-পাঁচবার পহলগাম যান। জঙ্গিহানার পর এতটাই মর্মাহত যে খাবার গলা দিয়ে প্রায় নামছেই না। কী কারণে এই হামলা আর নিজের কাজের ভবিষ্যৎ নিয়ে অনেক ভেবেছেন। কোনও কূলকিনারা পাননি। পর্যটনের মরশুম শুরু হওয়ার আগে পর্যন্ত পহলগামে সেনাবাহিনীর দু-তিনটি নাকা চেকপোস্ট ছিল। পর্যটনের মরশুম শুরুর পর কী কারণে সেই চেকপোস্ট তুলে নেওয়া হল বলে পড়ুয়া আকিব মনজুরের প্রশ্ন। পড়াশোনার ফাঁকে সংসার চালাতে আকিব ডাল লেকে শিকারা চালান। *এরপর দশের পাতায়*

## উত্তরের খোঁজে

## এক হুংকার ও শিলিগুড়ির মেয়রকে এক চিঠি

**রূপায়ণ ভট্টাচার্য**



দুপুর শেষ হয়ে আসার মুখে আপনার বাড়ির সামনে দিয়ে হলুদ স্কুল বাসগুলো যায়। সন্তানকে নেবেন বলে দাঁড়িয়ে থাকেন কোনও মা। তখনই হয়তো আপনাদের পাড়ার কৃষ্ণচূড়া, জারুল, পেয়ারা, রাধাচূড়ার ছায়া মাড়িয়ে চার তরুণী যাচ্ছেন নানা ভঙ্গিতে। প্রতিদিনের ছবি।

পারলে তাঁদের একবার একটা প্রশ্ন করবেন মাননীয়েষু গৌতম দেব। এই যে সেদিন সবুজ জামা পরে আপনারই পুরসভার মেয়র ইন কাউন্সিল অসভ্যের মতো জেলা প্রাথমিক শিক্ষা কমিশনের চেয়ারম্যানের অফিসে অকারণ তারস্বরে তুলে নিয়ে যাওয়ার হুমকি দিচ্ছিলেন, সেটা কেমন লেগেছে? কোনও সাধারণ শিক্ষক এমন করলে সাসপেন্ড হতেন না? তবু ভালো, কী ভাগ্যি শিলিগুড়ির, এবার সবুজ শার্ট আগের বারের মতো থুতু ছেটাননি।

এভাবেই কি বাড়িতে কথা বলার শিক্ষা দেওয়া উচিত? বা স্কুলে?

ঔদ্ধত্যের শেষ বাক্য হয়ে দাঁড়ানো ওই শর্মা আসলে কে? সবুজ ফুলশার্টের নাম রঞ্জন শীলশর্মা। আপনাদের শহরে কত ভোট ওই অসভ্যতার জন্য কমল বলতে পারব না। তবে রাজ্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের ভোট কিছু কমতে বাধ্য ওই শর্মার জন্য। সরকারি অফিসারদের অপমান করার এ ধরনের ঔদ্ধত্য এঁরা কোথায় পান, শহরের মহানাগরিক? প্রকাশ্যে সবুজ শার্টকে তীব্র ভর্ৎসনা কি করা উচিত ছিল না আপনার? এরপর যদি একজন প্রাথমিক শিক্ষক আপনার চেম্বারে ঢুকেও তুলে নিয়ে যাওয়ার তর্জনগর্জন করে, সেটা কি মানতে পারবেন মহাশয়?

মাসকয়েক আগে গজলডোবার জমি দুর্নীতি নিয়ে লেখালেখির সময়, এই নামটি উঠেছিল অনেক শর্মার সঙ্গে। আপনি তো মেয়র মশাই সেবারও কিছু করেননি। কোনও ব্যবস্থা? না। কোনও প্রকাশ্য ভর্ৎসনা? না। তা হলে আপনি কী বার্তাটি দিলেন আপনার অন্য দুর্নীতিগ্রস্ত পারিষদদের জন্য? চালিয়ে খেলো!

আপনার মেয়র পারিষদদের মধ্যে অনেকেই চালিয়ে খেলায় শুভমান গিল। রত্ন। হিরের রত্ন।


এক রত্ন অসংখ্য বেআইনি নির্মাণের পিছনে। এক রত্ন গ্রামের পঞ্চায়েতের মতো-- স্ত্রী কাউন্সিলার, অথচ পিছন থেকে চালান স্বামী। অন্তত পাঁচজনের সম্পত্তির এত বাড়ন্ত, চোখে লাগে। এক রত্ন নিজের নামে বেআইনি কলোনি বানিয়ে ফেলেছেন জীবদ্দশায়। মহানন্দাতীরে বেআইনি জমিকে আইনি করে দেন এক ছুমন্তরে। বাংলায় এমন মন্ত্রোচ্চারণের লোক পাওয়া কঠিন। *এরপর দশের পাতায়*

## এডিশন স্পেশাল



**শিক্ষকদের ধর্নায় ভিড় কম**

» পাঁচের পাতায়



**জঙ্গিদের ডিজিটাল অস্ত্র ট্রেকিং অ্যাপ**

» সাতের পাতায়

## দলত্যাগী পঞ্চায়েত সদস্যাকে মার নেত্রীর

**শুভদীপ শর্মা**

**ক্রান্তি, ২৪ এপ্রিল :** দল ছাড়ায় এক পঞ্চায়েত সদস্যাকে মারধরের অভিযোগ উঠল বিজেপির মহিলা মোর্চার জেলা সভানেত্রী দীপা বণিকের বিরুদ্ধে। ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে ক্রান্তি গ্রাম পঞ্চায়েতের আমিনেরটারি এলাকায়। আহত ওই পঞ্চায়েত সদস্যা বর্তমানে জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে ক্রান্তি ফাঁড়ির পুলিশ। অভিযোগ অস্বীকার করেছেন দীপা।

আমিনেরটারি ২০/২২২ নম্বর এলাকায় গত পঞ্চায়েত নির্বাচনে বিজেপির প্রতীকে জয়লাভ করেন কামনাবালা বিশ্বাস রায়। গত রবিবার তিনি লাটাগুড়িতে তৃণমূল কংগ্রেস কার্যালয়ে গিয়ে তৃণমূলে যোগদান করেন। তাঁর হাতে দলীয় পতাকা তুলে দেন তৃণমূলের জেলা সভানেত্রী মহুয়া গোপ ও ক্রান্তি ব্লক সভাপতি মহাদেব রায়। এরপর এই পঞ্চায়েত সদস্যা গ্রামে না ফিরে নিজের আত্মীয়র বাড়িতে বেড়াতে চলে যান। বুধবার রাতে তিনি বাড়ি ফিরে আসেন।



*কামনাবালা বিশ্বাস রায়*

অভিযোগ, এদিন দুপুরে বিজেপি মহিলা মোর্চার জলপাইগুড়ি জেলা সভানেত্রী দীপা বণিক লোকজন নিয়ে এসে চড়াও হন কামনাবালার বাড়িতে। দীপার নেতৃত্বে তাঁকে ও তাঁর স্বামী তাপস রায়কেও ব্যাপক মারধর করা হয়। কামনাবালা দাবি করেন, বিজেপিতে থেকে তিনি উন্নয়নমূলক কাজকর্ম করতে পারছিলেন না। তাই বাধ্য হয়ে তিনি তৃণমূল কংগ্রেসে যোগ দেন। এদিন তাঁর বাড়িতে দীপা বণিকের নেতৃত্বে বেশ কিছু বিজেপি কর্মী চড়াও হয়। তাঁকে পঞ্চায়েতের সদস্যপদ থেকে ইস্তফাপত্র লিখে দিতে হবে বলে দাবি করা হয়। তাতে রাজি না হওয়ায় স্বামী-স্ত্রীকে বেধড়ক মারধর করা হয়। *এরপর দশের পাতায়*

## সিভিকের সাইবার ক্যাফে সিল

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ২৪ এপ্রিল :** মাল থানার সিভিক ভলান্টিয়ার মণিরুলকে গ্রেপ্তার করার তিনদিন পর তার সাইবার ক্যাফে সিল করল পুলিশ। বাজেয়াপ্ত করা হল মণিরুলের ল্যাপটপ। ক্যাফে থেকে পাওয়া গেল আরও ১৫টি জাল পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট। যে সাইবার ক্যাফে থেকে জাল সার্টিফিকেট তৈরি করা হত, তা সিল করতে মাল থানার পুলিশের এত সময় লাগল কেন, তা নিয়ে প্রশ্ন উঠছে। আইসি অবশ্য বিষয়টি তদন্তের অংশ জানিয়ে কোনও কথা বলতেই চাননি।

বিষয়টি নিয়ে ক্ষুব্ধ পুলিশ মহলের একাংশ। এমনকি জেলার পুলিশকর্তাদেরও মণিরুলের সাইবার ক্যাফে সিল না করার বিষয়টি জানা ছিল না। বৃহস্পতিবার দুপুর পর্যন্ত পুলিশ মণিরুলের বাড়িতে তল্লাশিতে যায়নি। অতিরিক্ত পুলিশ সুপার সমীর আহমেদ বলেন, 'আমি অন্য ডিউটিতে বাইরে আছি। কেন সাইবার ক্যাফে সিল করতে দেরি হয়েছে সেটা খোঁজ নিয়ে দেখা হবে।'

নিজের বাড়িতেই সাইবার ক্যাফে চালাত মণিরুল। রাতে থানায় ডিউটি আর দিনে বাড়িতে সাইবার ক্যাফের আড়ালে ভুয়ো সার্টিফিকেট তৈরি করত। থানায় রাতে ডিউটির ফাঁকেই সে আইসি-র সই নকল করে জাল সার্টিফিকেটে স্ট্যাম্প লাগায় বলে তদন্তকারীদের প্রাথমিক ধারণা।



তবে তার পিছনে আরও কেউ আছে বলেই তদন্তকারীরা মনে করছেন।

বৃহস্পতিবার বিকেলে নিজামবাড়ি এলাকায় মণিরুলের বাড়িতে যায় পুলিশের একটি দল। সেখান থেকে পুলিশ বাজেয়াপ্ত করে মণিরুলের ব্যবহার করা ল্যাপটপ, কিছু হার্ড ডিস্ক এবং ১৫টি জাল পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট। সেইসঙ্গে মণিরুলকে টানা জেরা করছে মাল থানার পুলিশের বিশেষ দল। পাশাপাশি সেনা গোয়েন্দা আধিকারিকদের একটি দলও থানায় এসে এই কেস সংক্রান্ত যাবতীয় তথ্য পুলিশের থেকে সংগ্রহ করেছে। সূত্রের খবর, সেনা গোয়েন্দাদের আশঙ্কা, অতীতে যে সেনাবাহিনীর ভর্তির পরীক্ষা হয়েছিল সেখানেও

**আটক ল্যাপটপ, হার্ড ডিস্ক, আরও ১৫ জাল সার্টিফিকেট**

মণিরুল জাল সার্টিফিকেটের ব্যবস্থা করে থাকতে পারে।

পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেটের জন্য অনলাইনে আবেদন করতে হয়। অন্তত ৭২ ঘণ্টা পর সেই শংসাপত্র প্রার্থীর হাতে পৌঁছায়। আধার কার্ডের সঙ্গে মোবাইল নম্বর লিংক করা না থাকলে প্রার্থীরা এই শংসাপত্রের আবেদন করতে পারেন না। সেনাবাহিনীর বিভিন্ন পরীক্ষায় এই সার্টিফিকেটের প্রয়োজন হয়। পাহাড় ও ডুয়ার্সের প্রত্যন্ত এলাকার তরুণরা অনলাইনে স্বচ্ছন্দ না হওয়ায় তাঁরা অনেকসময়ই মাল থানায় এসে খোঁজখবর নেন। এঁদেরই টার্গেট করত মণিরুলের টিম। তদন্তকারীরা জানতে পেরেছেন, ওই তরুণদের নানারকম বুঝিয়ে মণিরুলের ক্যাফেতে নিয়ে যাওয়া হত। মোটা ফি নিয়ে তাঁদের ভুয়ো পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট বানিয়ে দিত মণিরুল। সেই সার্টিফিকেটে কোনও বার কোড থাকত না। সার্টিফিকেটে থানার আইসির স্বাক্ষর প্রয়োজন না থাকলেও সেখানে তাঁর হয়ে জাল স্বাক্ষর করে মণিরুল।

মণিরুলের তৈরি করে দেওয়া এমন একটি শংসাপত্রে ত্রুটি থাকায় বাগ্রাকোট এলাকার এক তরুণ তা সংশোধন করতে থানার ডিআইবি অফিসে আসেন। ডিআইবি'র আধিকারিক সেই শংসাপত্র দেখে বুঝতে পারেন যে সেটা জাল। তৎক্ষণাৎ সেই তরুণ ও তাঁর সঙ্গীদের আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়। জিজ্ঞাসাবাদে নাম উঠে আসে মণিরুলের। *এরপর দশের পাতায়*

# কামতাপুরি ভাষা আকাদেমির বৈঠক

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** কামতাপুরি অভিধানের নতুন সংস্করণ প্রকাশ করতে চলেছে কামতাপুরি ভাষা আকাদেমি। নতুন শব্দের অন্তর্ভুক্তিতে আগের তুলনায় অভিধানটির পৃষ্ঠাসংখ্যা আরও বাড়বে। পাশাপাশি আকাদেমির তরফে সংগীত, খেলা, সাহিত্য, ভাষা, সংস্কৃতি সহ নয়টি বিভাগে উত্তরবঙ্গের নয় জন ব্যক্তিকে 'কামতারত্ন সম্মান' দেওয়া হবে বলে ঠিক হয়েছে।

বৃহস্পতিবার জলপাইগুড়িতে কামতাপুরি ভাষা আকাদেমির বৈঠকে একগুচ্ছ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংস্থার চেয়ারম্যান অমিত রায় বলেন, 'দীর্ঘদিন কামতাপুরি ভাষা আকাদেমিকে প্রয়োজনীয় অর্থবরাদ্দ করছে না রাজ্য সরকার। যেটুকু অর্থবরাদ্দ করা হচ্ছে তা দিয়ে অনেক সময় অনুষ্ঠান আয়োজন করতেই সমস্যা হচ্ছে। আমরা কামতাপুরি অভিধানকে আরও বড় আকারে তৈরি করছি। কামতাপুরি ভাষাভাষীদের নিয়ে জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, শিলিগুড়ি ও কোচবিহার এই চার জেলায় আলোচনা সভা করা হবে। আমরা কামতাপুরি ভাষায় প্রায় ৪০টি বই প্রকাশ করতে চলেছি। উত্তরবঙ্গের যে কোনও এক জেলায় এই বইমেলার আয়োজন করা হবে।'

বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, উত্তরবঙ্গে ৩০০টি প্রাথমিক বিদ্যালয় এবং ১০০টি আপার প্রাথমিক বিদ্যালয় সরকারি উদ্যোগে তৈরি করার দাবিতে কামতাপুরি ভাষা আকাদেমি রাজ্য সরকারের কাছে আবেদন করবে। রাজ্যের ঘোষিত নারায়ণী ব্যাটালিয়ন দ্রুত স্থাপন করে ভূমিপুত্রদের নিয়োগের ব্যবস্থা করার দাবিও রাজ্যকে জানানো হবে।



*বৃহস্পতিবার জলপাইগুড়িতে কামতাপুরি ভাষা আকাদেমির বৈঠক।*

# জেলায় স্ট্যান্ডিং কমিটির সদস্যরা

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** কোচবিহারের পর বৃহস্পতিবার জলপাইগুড়িতে এলেন পশ্চিমবঙ্গ বিধানসভার সমবায় ও ক্রেতা সুরক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সদস্যরা। জলপাইগুড়ির সার্কিট হাউসে এদিন কমিটির চেয়ারম্যান তথা জয়নগরের বিধায়ক বিশ্বনাথ দাসের নেতৃত্বে চার বিধায়ক সহ বেশ কয়েকজন আধিকারিক বৈঠক করেন। বিশ্বনাথ বলেন, 'আমরা ২১ এপ্রিল উত্তরবঙ্গে এসেছি। দুটি জেলা পরিদর্শন করে জলপাইগুড়িতে এসেছি। দেখা গেল বেশ কয়েকটি সমবায় সমিতি ক্ষতির দিকে চলছে। বিষয়টি দেখা হচ্ছে। এছাড়াও পেট্রোল পাম্পগুলিতে পরিদর্শন করা হয়েছে, সেখানে ক্রেতারা প্রতারিত হচ্ছেন কি না দেখতে।'

বৈঠকে এডিএমডি পুষ্পক রায়, কুমারগ্রামের বিধায়ক মনোজ ওরাওঁ, পূর্ব মেদিনীপুরের বিধায়ক রবীন্দ্রনাথ মাইতি, হুগলির বিধায়ক মনোরঞ্জন ব্যাপারী, বাঁকুড়ার বিধায়ক মৃত্যুঞ্জয় মুর্মু, বিধানসভার ওএসডি সহ ক্রেতা সুরক্ষা দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।



*মিড-ডে মিলের খাবারের ছবি তুলছেন এক আধিকারিক। বৃহস্পতিবার আরআর প্রাথমিক বিদ্যালয়ে।*

# মুখে দেওয়া যায় না মিড-ডে মিল

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ২৪ এপ্রিল :** জলের ট্যাংকে ইঁদুর ভাসছে। মিড-ডে মিলের রান্না খাবারের মানও এতটাই বাজে যে পড়ুয়ারা খাবার নিয়ে ফেলে দিতে বাধ্য হচ্ছে বলে অভিযোগ। পড়ুয়াদের নিম্নমানের খাবার দেওয়া নিয়ে প্রতিবাদ জানিয়েছিলেন স্কুলের শিক্ষক-শিক্ষিকারাই। তবে পালটা মিলেছে রাঁধুনিদের দুর্ব্যবহার। দিনের পর দিন এভাবে চললেও চুপ আরআর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা। এতে ক্ষুব্ধ অভিভাবক থেকে শুরু করে স্কুলের চার সহকারী শিক্ষক-শিক্ষিকা।

সহকারী শিক্ষিকা মনীষা কর্মকারের কথায়, 'বাচ্চাদের অধিকারের কথা বলতে গিয়ে রাধুনিদের কাছে হেনস্তা হতে হয়েছে। প্রধান শিক্ষিকা সব জেনেও কোনও প্রতিক্রিয়া দেননি। আমরা এটা আশা করিনি।' একই কথা বলেন শিক্ষক সুজন ঘোষ।

এই নিয়ে পালটা অভিযোগ করেছেন প্রধান শিক্ষিকা টুলু কোনার রায়। তিনি বলেন, 'আমার পেছনে ষড়যন্ত্র করা হচ্ছে। বিদ্যালয়ের ১০১ জন পড়ুয়ার ভালোমন্দের দায়িত্ব আমার।'

খবর পেয়ে বৃহস্পতিবার বিদ্যালয় আসেন এসআই অফিসের কর্মী ও ফুড সাপ্লাই বিভাগের আধিকারিকরা। মিড-ডে মিলের

**অব্যবস্থা**

- জলের ট্যাংকে ইঁদুর ভাসছে
- নিম্নমানের খাবার দেওয়া নিয়ে প্রতিবাদ জানিয়েছিলেন স্কুলের শিক্ষক-শিক্ষিকারাই
- পালটা মিলেছে রাঁধুনিদের দুর্ব্যবহার
- লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে বলে ডিপিএসসি'র চেয়ারম্যান জানিয়েছেন

চালের নমুনা সংগ্রহ করে নিয়ে যান। পাশাপাশি মিড-ডে মিল চলাকালীন শিশুদের সঙ্গে কথা বলে তাদের অভিযোগ শোনেন। তবে শুধু মিড-ডে মিলের রান্না নয়, মাল পুরসভার ৯ নম্বর ওয়ার্ডের ওই স্কুল নিয়ে ভূরিভূরি অভিযোগ রয়েছে।

স্কুলের ঘর-বারান্দা পরিষ্কার করতে হয় পড়ুয়াদেরই বলে জানা গিয়েছে। ছাত্রছাত্রীদের অভিযোগ, স্কুলের হলঘরে কোনও বেসরকারি সংস্থার অনুষ্ঠানের আগে এবং পরে তাদের দিয়ে সাফাই করানো হয়। ভারী ভারী বেঞ্চ সরাতে হয়। এছাড়া, প্রতিদিন স্কুলে আসার পর পড়ুয়াদের দিয়েই ক্লাস সাফাই করানো হয়। তাদের যে খাবার দেওয়া হয় তা সঠিকভাবে রান্না হয় না। কখনও ডিম থেকে কেরোসিনের গন্ধ তো আবার কখনও সয়াবিনে পোকা। এমনকি কেউ একবারের জয়াগায় দু'বার ভাত বা খিচুড়ি চাইলে সেটা দেওয়া হয়না। উলটে ধমক শুনতে হয় বলে অভিযোগ।

জলপাইগুড়ি জেলা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান লক্ষমোহন রায় বলেন, 'অভিযোগগুলো লিখিতভাবে জানানো হলে অবশ্যই কড়া পদক্ষেপ করা হবে।'

মাল শহরের ১২ নম্বর ওয়ার্ডের মাম্পি সরকার রায় বলেন, পড়াশোনা নিয়ে অভিযোগ না থাকলেও পারিপার্শ্বিক বিভিন্ন অভিযোগ রয়েছে। পড়ুয়াদের অল্প খাবার দিয়ে মাসের শেষে খাবারের বড় অংশ চুরি হচ্ছে।'

# মদের ঠেকের বিরুদ্ধে পুলিশে অভিযোগ

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** জলপাইগুড়ি সদর ব্লকে খড়িয়া গ্রাম পঞ্চায়েতের বিবেকানন্দপল্লিতে রমরমিয়ে মদের ঠেক চলায় বাসিন্দাদের সমস্যা বাড়ছে। ওই কারবার বন্ধের দাবিতে বুধবার রাতে পঞ্চায়েত সদস্য জয়া সরকার বিশ্বাসের নেতৃত্বে স্থানীয় মহিলারা একজোট হয়ে প্রতিবাদ জানান। ঠেকের মালিকের সঙ্গে তাঁদের তীব্র বচসা হয়। বেআইনি কারবারিরা সেই সময় প্রতিবাদীদের ওপর হামলা চালায় বলে অভিযোগ। মহিলারা কোতোয়ালি থানায় খবর দেওয়ার পর ওই কারবারিরা পালায়। বৃহস্পতিবার অভিযান চালিয়ে পুলিশ ওই ঠেকের একজনকে আটক করে।

প্রায় পাঁচ-ছয় মাস ধরে বিবেকানন্দপল্লির একটি বাড়িতে মদের আসর বসছে। মদ কেনার পাশাপাশি সেখানে বসে তা খাওয়ার ব্যবস্থাও রয়েছে। বাইরে থেকে অনেকে এসে এই ঠেকে ভিড় জমাচ্ছে। মহিলাদের অভিযোগ, এই মদের ঠেকের কারণে এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে। রাতবিরেতে অপরিচিতদের আনাগোনা বাড়ায়



*কোতোয়ালি থানায় মহিলারা।*

তাঁরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। বিষয়টি নিয়ে আগেও তাঁরা প্রতিবাদ জানিয়েছিলেন। এর জেরে ওই ঠেকটি মাঝে কিছুদিন বন্ধ ছিল। দোল পেরিয়ে যাওয়ার পর ঠেকটি ফের চালু হওয়ায় পরিস্থিতি যে-কে-সেই।

বৃহস্পতিবার বেশ কয়েকজন মহিলা মিলে থানায় যান। সেখানে পঞ্চায়েত সদস্য বললেন, 'মদের ঠেকের বিরুদ্ধে দলমতনির্বিশেষে আমরা একত্রিত হয়েছি। যে বাড়িতে ঠেকটি চলে সেটির সামনেই একটি প্রাইমারি ও একটি হাইস্কুল রয়েছে। স্বামী ও স্ত্রী মিলে ঠেকটি চালায়। বুধবার আমরা প্রতিবাদ জানাতে গেলে ঠেকের অনেকে আমাদের উপর চড়াও হয়। এরপর পুলিশ আসে। সবকিছু জানিয়ে আমরা এর আগে জেলা শাসক, পুলিশ সুপার, বিডিও, কোতোয়ালি থানা ও খড়িয়া গ্রাম পঞ্চায়েতের কাছে অভিযোগ জানিয়েছি।'



*অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সমস্যা নিয়ে সদর মহকুমা শাসকের বৈঠক।*

# অঙ্গনওয়াড়ি কেন্দ্র নিয়ে কড়া বার্তা

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্ধারিত সময়ে খোলার জন্য কড়া বার্তা দিলেন সদর মহকুমা শাসক তমোজিৎ চক্রবর্তী। সম্প্রতি অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোর পরিষেবা নিয়ে বেশ কিছু অভিযোগ সামনে এসেছে। আচমকা পরিদর্শনে জনপ্রতিনিধিদের নজরে এসেছে বেশ কিছু খামতি। যার মধ্যে অন্যতম হল দেরি করে সেন্টার খোলা। বৃহস্পতিবার জলপাইগুড়ি জেলা শাসকের দপ্তরের রিজিওনাল ট্রেনিং সেন্টারে জেলার সদর মহকুমার অন্তর্গত অঙ্গনওয়াড়ি সেন্টারের সুপারভাইজারদের নিয়ে একটি বৈঠক হয়।

সেখানে নির্ধারিত সময়ে সেন্টার খোলা এবং মা ও শিশুদের পরিষেবার মান যাতে ঠিক থাকে সেই বিষয়ে কড়া বার্তা দিয়েছেন মহকুমা শাসক। সূত্রের খবর, ইতিমধ্যেই বেশ কিছু অঙ্গনওয়াড়ি সেন্টারের কর্মীদের বিরুদ্ধে অভিযোগ সামনে এসেছে। তাঁদের চিহ্নিত করে শোকজ করা হয়েছে প্রশাসনের তরফে। অন্যদিকে, গরম পড়তেই সাপে কাটা রোগীর সংখ্যা বাড়ছে সর্বত্রই। প্রতিটি ব্লক স্বাস্থ্যকেন্দ্রে যাতে অ্যান্টিভেনম ইনজেকশন পর্যাপ্ত পরিমাণে থাকে সেই বিষয়ে মহকুমা শাসক নির্দেশ দেন ব্লক স্বাস্থ্য আধিকারিকদের। তিনি বলেন, 'আমাদের লক্ষ্য অঙ্গনওয়াড়ি সেন্টার থেকে যাতে ভালো পরিষেবা মেলে। আমাদের কাছে অভিযোগ ছিল অঙ্গনওয়াড়ি সেন্টারগুলি নিয়ম মেনে খোলা বন্ধ হচ্ছে না। যার ফলে পরিষেবায় খামতি থেকে যাচ্ছে। সেই সেন্টারগুলোকে চিহ্নিত করে সতর্ক করার পাশাপাশি শোকজ করা হয়েছে। এছাড়াও ব্লক স্বাস্থ্যকেন্দ্রগুলোতে সাপে কাটা রোগীদের যাতে চিকিৎসা ভালো মতো হয় সেই বিষয়েও আলোচনা করা হয়েছে।'

দিনদুয়েক আগে সদর ব্লকের খড়িয়া গ্রাম পঞ্চায়তের প্রধান এবং উপপ্রধান তাঁদের এলাকার বেশ কয়েকটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে আচমকাই পরিদর্শনে যান। সেখানে গিয়ে তাঁদের নজরে আসে বেশ কয়েকটি কেন্দ্র ১০টার জায়গায় এগারোটা বেজে যাওয়ার পরেও খোলেনি। এই অভিযোগ জনপ্রতিনিধিদের মাধ্যমে প্রশাসনের নজরে পৌঁছায়। তারপরেই এদিন অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সমস্যা মেটাতে তড়িঘড়ি বৈঠকে বসেন মহকুমা শাসক। নিয়মে রয়েছে অঙ্গনওয়াড়ি সেন্টার খোলা এবং বন্ধের সময় নির্দিষ্ট অ্যাপে তা উল্লেখ করতে হয়। অনেকেই এই নিয়ম মানছেন না বলে অভিযোগ। যাতে প্রত্যেকে এই নিয়ম মেনে চলেন সেই বার্তাও দেওয়া হয়েছে এদিনের বৈঠকে।




Terms and conditions apply. #The Instant Cashback offer of ₹5100 is available on purchase of Shine100. #The offer may be modified or withdrawn at any time without prior intimation. *The scheme is offered by Authorized Main Dealers and Associate Dealers and can be availed on purchase of Shine100 from Authorized Main Dealers and Associate Dealers. *Approval of the loan is at the sole discretion of the financiers, and additional documentation may be required. *The interest rates, down payment, and tenure options are based on the financier's assessment of the applicant's credit profile. Nil Extra charges (0/- processing fee, 0/- Documentation Charge & 0/- Advance EMI) are applicable on Shine 100 model only. *The offers/features may be modified or withdrawn at any time without prior intimation. Additional Cashback offer is available on selected Honda2wheelers models for EMI transactions made using IDFC FIRST Bank credit cards through Pine Labs machines only. Customers can avail 5% cashback, up to a maximum of ₹5000/-. Valid on one transaction per card/order during the offer period. The scheme is available at selected outlets only. The offers/features may be modified or withdrawn at any time without prior intimation. All offers are valid until 30th April 2025. The features shown in the creative may not be available in all variants. Product shown in the picture may vary from actual product available in the market. Accessories shown in the picture are not part of standard equipment.

**Honda Motorcycle & Scooter India Pvt. Ltd., Registered Office:** Plot No. 1, Sector - 03, IMT Manesar, Distt. Gurugram, (Haryana) - 122050, India; **Website:** www.honda2wheelersindia.com; **Customer Care:** customercare@honda.hmsi.in

**Honda Exclusive Authorized Dealerships:** **SILIGURI:** Kaysons Honda (Sevoke Road) - 9800026026, 8145601235, 8145601236; Shree Shanti Honda (Burdwan Road) - 9144411170, 9144411171; Sona Wheels Honda (Shiv Mandir) - 7070709427, 7602757799; **ETHELBARI:** Shree Honda - 9333331093; **JALPAIGURI:** Ratna Automobiles - 9434199165; **MALBAZAR:** Gitanjali Automotives - 8637345924; **MAYNAGURI:** Binaa Automobiles - 7384289555, 9832461613; **HASIMARA:** Manoj Auto Service - 8101112777; **ISLAMPUR:** Sunny Sanitary Mart - 973315651, 9775991084; **HALDIBARI:** Rajib Automobiles - 8016426165; **NAXALBARI:** Sunil Motors - 9933829999; **MALDA:** Narayani Honda - 9733089898, 9733006339; Mehi Honda - 9593555111, 9734164466; **RAIGANJ:** Mira Honda - (03523)-253474, 9749059763; **DALKHOLA:** Sarala Honda - 9153038380; **KALIYAGANJ:** Shyamali Honda - 9800418203, 8016296782; **PAKUA:** Laxmi Honda - 8016444505; **RATUA:** Paresh Honda - 9382757248; **SAMSI:** Puja Honda - 9635292872; **BALURGHAT:** G.D. Honda - 7602831918, 8900776111; **CHANCHOL:** Santosh Honda - 9933479841; **COOCH BEHAR:** Debnath Honda - 9800505897, 9733530202; Maa Mahalaxmi Honda - 8116058201, 9832778168; Aman honda - 9679285012, 9832457812; Dishan Honda - 7479012072, 9614560006; **HARISHCHANDRAPUR:** Raj Honda - 9851647224; **KALIACHAK:** M.A. Honda - 9733140140; **KUSHMANDI:** Paul Honda - 9733015894, 9434325197; **BUNIADPUR:** SA Honda - 7980943436; **MANIKCHAK:** Shrikanta Honda - 8637526361; **ALIPURDUAR:** Kaysons Honda - 9800089052, 9800087468; **BAROBISHA:** Shila Honda - 8918005224,7001163030; **DHUPGURI:** Shreyansh Honda - 9635889131, 7365037979; **FALAKATA:** Dooars Honda - 9083279221, 8927232998; **KRANTI:** Balaji Honda - 7363917008.

**For Bulk/Institutional enquiries, please write us at: institutionalsales@honda.hmsi.in**

# পেটের দায়ে ভিনরাজ্যে ৭০ শতাংশ

বাণীব্রত চক্রবর্তী

**ময়নাগুড়ি, ২৪ এপ্রিল :** উত্তম, গোপীনাথ, মিঠুন ওঁদের কারও সামান্য আবাদি জমি রয়েছে। আবার কারও সেটাও নেই। তাই চাষ করে ভাত জোগাড়ের প্রশ্নই ওঠে না। এদিকে, লেখাপড়া শেষ করেও চাকরি মেলেনি। বাড়িতে বৃদ্ধা মা। তাই সংসারের হাল ধরতে বহু বছর আগেই পাড়ি দিতে হয়েছে ভিনরাজ্যে। বাড়ির মুখ দেখা হয় বছরে একবার।

এই যেমন কৈমারিরবাড়ি গ্রামের বাসিন্দা উত্তম রায় মুম্বইয়ে রাজমিস্ত্রির কাজ করেন। কয়েক দিনের ছুটিতে বাড়িতে এসেছেন বর্তমানে। উত্তমের কথায়, 'বাবার বয়স হয়েছে। তাও টোটো চালান। মা বাসন্তী রায় কয়েক বছর আগে মারা গিয়েছেন। বোনের বিয়ে দিতে হবে। অনেক টাকার প্রয়োজন। তাই দ্বাদশ শ্রেণি উত্তীর্ণ হয়েই পাড়ি দিয়েছি ভিনরাজ্যে। তা নাহলে সংসার সামলাতে পারব না।'

ওই গ্রামের সত্তর শতাংশ পরিবারের ছেলেরাই বর্তমানে ভিনরাজ্যে কাজ করছেন। এলাকার বাকি ছেলেদের সূত্র ধরেই দিল্লি, মুম্বই, কেরলে পাড়ি দিয়েছেন তাঁরা। তাছাড়া আর উপায়ই বা কী? এলাকায় যে কাজ নেই তা বাসিন্দাদের কথাবার্তাতেই স্পষ্ট। সমস্যার কথা স্বীকার করে নিয়েছেন ময়নাগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান নীলিমা রায়। ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি কুমুদরঞ্জন রায় বলেন, 'ওই পরিবারগুলো নিশ্চয়ই অর্থনৈতিক দিক থেকে সংকটজনক পরিস্থিতির মধ্যে রয়েছে। আর্থসামাজিক পরিস্থিতি উন্নয়নে সরকারি বিভিন্ন প্রকল্পের আওতায় ওই পরিবারগুলোকে অন্তর্ভুক্ত করার চেষ্টা করা হবে। বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।' অর্থাৎ স্থানীয় প্রশাসন প্রকল্পের কথা বললেও কর্মসংস্থানের আশ্বাস দিতে পারছে না।

নিউ ময়নাগুড়ি রেলওয়ে স্টেশন পেরিয়ে পাকা রাস্তা ধরে সোজা বেশ কয়েক কিলোমিটার এগিয়ে আলসিয়ার মোড়। ছোট্ট একটি বাজার বসে সেখানে। কিছু



*ময়নাগুড়ি ব্লকের ব্যাংকান্দির কৈমারিরবাড়ি গ্রাম। মঙ্গলবার।*

স্থায়ী দোকানপাট রয়েছে। সেখান থেকে বাঁদিকে আরও বেশ কিছুটা রাস্তা এগিয়ে গেলেই কৈমারিরবাড়ি গ্রাম। দু'পাশে আবাদি জমি আর তার মাঝে বসতবাড়ি। সব মিলিয়ে গ্রামে একশো পরিবারের বসবাস। প্রায় প্রতিটি পরিবারের ছেলেই ভিনরাজ্যে কাজ করছেন।

গ্রামের বাসিন্দা তিলক অধিকারীর এখন আর কাজ করার সামর্থ্য নেই। স্ত্রী অঞ্জলিকে নিয়ে বাড়িতেই থাকেন তিনি। তাঁদের একমাত্র ভরসা ছেলে গোপীনাথ। ছয় বছর ধরে গোপীনাথ কেরলের কোটেম জেলায় শাটারিং মিস্ত্রির কাজ করছেন। এক মাস আগে বাড়িতে এসেছেন গোপীনাথ বাবা ও মাকে দেখতে। গোপীনাথ বলেন, 'আজই ফের চলে যাব। পাড়ার বন্ধুদের সূত্র ধরেই ছয় বছর ধরে ভিনরাজ্যে কাজ করছি। আমাদের জমিজায়গা নেই। বাবা-মায়ের বয়স হয়েছে। তাই ভিনরাজ্যে কাজে যেতে হয়।' ছেলের জন্য মনটা খুব খারাপ লাগে একেক সময়। কিন্তু উপায় নেই। ছেলে কাজ না করলে খাবার জুটবে না বলে জানিয়েছেন মা অঞ্জলি।

স্থানীয় বাসিন্দা সত্তরোর্ধ্ব অন্নবালা রায় বাড়িতে একা থাকেন। দশ বছর আগে তাঁর স্বামীও মারা গিয়েছেন। অন্নবালার তিন ছেলে মিঠুন, মিন্টু এবং পল্টু মুম্বইয়ে রাজমিস্ত্রির কাজ করেন। তিনি বলেন, 'গত চার বছর ধরে ছেলেরা বাইরে রয়েছে। আমার যাবতীয় সাংসারিক খরচ ছেলেরাই পাঠিয়ে দেয়। ছুটিতে খুব কমই আসে ছেলেরা।' অভাবের কারণে বৃদ্ধ বয়সে অন্নবালার মতো অনেকেরই বাড়িতে একাই দিন কাটে। এ ব্যাপারে বিডিও প্রসেনজিৎ কুণ্ডু বলেন, 'পরিযায়ী শ্রমিকদের একটি সমীক্ষা রিপোর্ট আমাদের কাছে আছে। ওই এলাকার পরিবারগুলোকে যাতে সমস্ত রকম সরকারি প্রকল্পের আওতায় আনা যায় তার প্রক্রিয়া চলছে। এছাড়া, যেহেতু পরিযায়ী শ্রমিকের সংখ্যা বেশি, সেই কারণে পরিবারগুলোকে যাতে কর্মশ্রী প্রকল্পের আওতায় নিয়ে আসা যায় সেই চেষ্টা করা হবে।'



জীবনযুদ্ধ।। *ময়নাগুড়িতে বৃহস্পতিবার শুভদীপ শর্মার তোলা ছবি।*

# মনোরোগের চিকিৎসা পরিষেবা বন্ধে সমস্যা

কৌশিক দাস

**ক্রান্তি, ২৪ এপ্রিল :** মাল মহকুমায় মনোরোগীদের জন্য সেভাবে কোনও চিকিৎসা পরিষেবা গড়ে ওঠেনি। সপ্তাহে একদিন কেবলমাত্র মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে সেই ব্যবস্থা থাকলেও প্রত্যন্ত এলাকার মানুষদের পক্ষে সেখানে গিয়ে চিকিৎসা করানো খুবই সমস্যার। বছর দুয়েক আগে জেলা মানসিক স্বাস্থ্য কর্মসূচির মাধ্যমে ক্রান্তি ব্লক সহ মাল মহকুমার ৭টি চা বাগান সহ বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে মাসে একদিন করে পরিষেবা দেওয়া হত। এতে বিশেষভাবে উপকৃত হতেন দুঃস্থ পরিবারের লোকজন। জেলা মানসিক স্বাস্থ্য কর্মসূচির মাধ্যমে এলাকার বিভিন্ন স্কুল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলোতেও চিকিৎসকেরা গিয়ে স্বাস্থ্যকর্মী এবং শিক্ষকদের প্রশিক্ষণ দিতেন। বছর দুয়েক ধরে সেটা বন্ধ থাকায় সমস্যায় পড়েছেন রোগীরা। পুনরায় এমন উদ্যোগের দাবি জানিয়েছেন এলাকাবাসী।

ক্রান্তি ব্লকের রাজাডাঙ্গার ধলাবাড়িতে প্রতি মাসে এই ক্যাম্প হত। ব্লকের প্রত্যন্ত এলাকার বহু রোগী উপকৃত হয়েছিলেন। প্রায় আড়াই বছর কর্মসূচিটি চলেছিল। বহু রোগী সেখানে বিনামূল্যে চিকিৎসা করিয়ে সুস্থ হয়ে উঠেছেন। হঠাৎ করেই বছর দুয়েক আগে সেটি বন্ধ হয়ে গিয়েছে। বর্তমানে জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে কেন্দ্রটি চলছে। ক্রান্তি ব্লকের ৬টি গ্রাম পঞ্চায়েতের দারিদ্র্যসীমার নীচে




-এআই

বসবাসকারী বাসিন্দাদের পক্ষে সেখানে গিয়ে চিকিৎসা করানো সম্ভব হয়ে উঠছে না। পুনরায় ক্রান্তি ব্লকের যে কোনও একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ওই কর্মসূচিটি চালুর দাবি জানিয়েছেন বাসিন্দারা। তৎকালীন সময়ে মানসিক স্বাস্থ্য কর্মসূচির সঙ্গে যুক্ত চিকিৎসক অর্ঘ্য মুখোপাধ্যায় বলেন, 'ক্রান্তি তো বটেই বিভিন্ন চা বাগানেও আমরা যেতাম। স্কুল এবং বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে শিক্ষক ও স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ দেওয়া হত। প্রায় ৮ বছর আমি এটির সঙ্গে যুক্ত ছিলাম।' ক্রান্তি পঞ্চায়েত সমিতির সভাপতি পঞ্চানন রায়ের কথায়, 'পুনরায় যাতে মানসিক স্বাস্থ্য কর্মসূচি ক্রান্তি ব্লকে শুরু করা যায় সে ব্যাপারে উদ্যোগ নেওয়া হবে।'

মনোরোগীদের জন্য এমন চিকিৎসা পরিষেবা নিতে ক্রান্তি ব্লকের বাসিন্দারা তো বটেই সেই সময় গজলডোবা, কুমলাই থেকেও অনেকে আসতেন। মাল সুপারস্পেশালিটি হাসপাতালে সপ্তাহে একদিন মানসিক রোগের চিকিৎসক থাকলেও চা বলয় ও জঙ্গল লাগোয়া বিভিন্ন এলাকা থেকে সেখানে নিয়ে গিয়ে চিকিৎসা করানো অনেকের পক্ষেই সম্ভব হচ্ছে না।

ছেলের মানসিক চিকিৎসা করে সুস্থ হয়ে ওঠা ক্রান্তির এক অভিভাবক বলেন, 'আমাদের কাছে এটা ছিল স্বপ্নের মতো। সাধারণ চিকিৎসা করাতেই আমাদের যেখানে নাজেহাল দশা, সেখানে মনোরোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা হতে পারে তা আমাদের কল্পনারও অতীত ছিল।'

মেয়েকে চিকিৎসা করিয়ে কিছুটা সুস্থ করিয়েছিলেন রাজাডাঙ্গার এক দিনমজুর মা। তাঁর কথায়, 'হঠাৎ করেই কেন্দ্রটি বন্ধ হয়ে গেল। আরও কিছুদিন চিকিৎসা করাতে হত। আমাদের পক্ষে মেয়েকে নিয়ে মালবাজার হাসপাতাল অথবা জলপাইগুড়িতে গাড়িভাড়া করে নিয়ে যাওয়া সম্ভব নয়।'

ক্রান্তিতে সেই কর্মসূচিতে মানসিক সমস্যায় জর্জরিত বহু অল্পবয়সি ছেলেমেয়েরা উপকৃত হয়েছিল। প্রতি মাসে অন্তত ৪৫ জন রোগী বিনামূল্যে এই পরিষেবা পেতেন। একসময় ক্রান্তিতে মানসিক ভারসাম্যহীন মেয়েকে পায়ে শিকল দিয়ে বেঁধে রাখতেন এক মা। ঘটনার কথা জানতে পেরে রোগীকে নিয়মিত কাউন্সেলিং করিয়ে সুস্থ করেছেন চিকিৎসকেরা। আত্মহত্যার চেষ্টা করা তরুণ সহ পরীক্ষার সময় মানসিক চাপ সহ্য করতে না পারা ছাত্রী ক্রান্তি ব্লকের এমন অনেকে আজ স্বাভাবিক জীবনযাপন করছেন।

## উদ্ধার হরিণ, হাতি

**নাগরাকাটা, ২৪ এপ্রিল :** বৃহস্পতিবার একই দিনে চ্যাংমারি চা বাগান থেকে উদ্ধার হল দুগ্ধপোষ্য এক হরিণ শাবক, অন্যদিকে দিনদুপুরে হাতি ঢুকে পড়ল বামনডাঙ্গা চা বাগানে।

প্রথম ঘটনায় আনুমানিক ২০-২৫ দিন বয়সি বার্কিং ডিয়ার প্রজাতির হরিণ শাবকটি কুকুরের তাড়া খেয়ে চ্যাংমারির আপার ডিভিশনে ঢুকে পড়ে। একরত্তিটিকে দেখতে পেয়ে শ্রমিকরা বাগান পরিচালকদের জানান। খবর পেয়ে বন দপ্তরের ডায়না রেঞ্জের কর্মীরা গিয়ে শাবকটিকে নিয়ে আসেন। রেঞ্জ অফিসার অশেষ পাল জানিয়েছেন, শাবকটিকে বন্যপ্রাণ শাখার খুনিয়া রেঞ্জের বনকর্মীদের হাতে তুলে দেওয়া হয়েছে।

দ্বিতীয় ঘটনায় বামনডাঙ্গার হাতি লাইন নামে একটি শ্রমিক মহল্লা লাগোয়া চা বাগানে একটি দলছুট দাঁতালকে দেখতে পেয়ে আতঙ্ক ছড়ায়। হাতিটি সেসময় ওই বাগানে ঢোকার নয়া নির্মিত রাস্তা পার হচ্ছিল। খবর পেয়ে বন দপ্তরের খুনিয়া রেঞ্জের কর্মীরা পটকা ফাটিয়ে দাঁতালটিকে ফের জঙ্গলে ঢুকিয়ে দেন। খুনিয়ার রেঞ্জ অফিসার সজল দে জানিয়েছেন, বুনোটির গতিবিধির ওপর সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে।

## পর্যটনে উন্নয়ন দাবি

**আলিপুরদুয়ার, ২৪ এপ্রিল :** নিজেদের এলাকা থেকে বক্সায় জঙ্গল সাফারি চালু করা, সাইক্লিং রুট ও ট্রেকিংয়ের ব্যবস্থা করার দাবি জানালেন বনছায়া বস্তির বাসিন্দারা। এবিষয়ে বনছায়া হোমস্টে ওনার ট্যুরিজম ডেভেলপমেন্ট নামক একটি সংস্থার তরফে বৃহস্পতিবার জেলা শাসকের কাছে একটি স্মারকলিপি দেওয়া হয়েছে।

এছাড়া ওই এলাকায় আরও হোমস্টে খোলার অনুমতি দেওয়া হয়েছে। তাই বনছায়া থেকেই জঙ্গল সাফারির অনুমতি মিললে পর্যটকদের আগ্রহ আরও বাড়বে। এছাড়াও সাইকেলে চা বাগান ও জঙ্গলের পথে ঘুরে বেড়ানোর সুযোগ পেলে পর্যটকরা বক্সার প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে পারবেন।

## বন্দুক উদ্ধার

**ওদলাবাড়ি, ২৪ এপ্রিল :** কুয়ো পরিষ্কার করতে গিয়ে একটি ওয়ান শটার বন্দুক উদ্ধার হল। বৃহস্পতিবার ওদলাবাড়ি হাটখোলায় শ্রমিকরা একটি কুয়ো পরিষ্কার করছিলেন। রবিবার হাটের দিন অনেক ব্যবসায়ী এই কুয়োর জল ব্যবহার করেন। এদিন হঠাৎ বালতিতে একটি ওয়ান শটার বন্দুক উঠে আসার খবর ছড়িয়ে পড়ায় অনেকে ওই এলাকায় ভিড় জমান। মাল থানায় খবর পৌঁছায়। আইসি সৌম্যজিৎ মল্লিক বলেন, 'ওয়ান শটার বন্দুকটি উদ্ধার করা হয়েছে। তবে কীভাবে বন্দুকটি ওখানে পৌঁছাল তা খতিয়ে দেখা হচ্ছে।'

## স্মরণসভা

**রাজগঞ্জ, ২৪ এপ্রিল :** সিপিএমের প্রয়াত যুব নেতা সৌকত আলির (৪৫) স্মরণসভা বৃহস্পতিবার লালস্কুল বালাবাড়িতে আয়োজিত হয়। তিনি গত ২৬ মার্চ মারা যান। সৌকত সন্ন্যাসীকাটা গ্রাম পঞ্চায়েতে সিপিএমের পঞ্চায়েত সদস্য এবং বিরোধী দলনেতা ছিলেন। এছাড়া তিনি দলের এরিয়া কমিটি এবং কৃষকসভার অঞ্চল কমিটির সম্পাদকও ছিলেন। সিপিএমের জেলা কমিটির প্রাক্তন সম্পাদক সলিল আচার্য, জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য মোক্তার হোসেন, শ্রমিক নেতা অমূল্য রায়, রাজগঞ্জ এরিয়া কমিটির সম্পাদক রতনকুমার রায়, অশোক রায় প্রমুখ এদিনের স্মরণসভায় উপস্থিত ছিলেন।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

বৃষ্টিভেজা।। *দক্ষিণ দিনাজপুরের পতিরামে ছবিটি তুলেছেন অরিজিৎ সরকার।*

## 'যোগ্য' শিক্ষকের তালিকায় ববিতার নাম

**কোচবিহার, ২৪ এপ্রিল :** তাঁর মামলার জেরেই এসএসসি নিয়োগ কেলেঙ্কারির পর্দা উঠেছিল। আদালতের রায়ে রাজ্যের তৎকালীন শিক্ষা প্রতিমন্ত্রী পরেশ অধিকারীর মেয়ে অঙ্কিতা অধিকারীকে সরিয়ে তাঁর জায়গায় কোচবিহারের মেখলিগঞ্জের ইন্দিরা গার্লস হাইস্কুলে শিক্ষিকার চাকরি পেয়েছিলেন ববিতা সরকার। এনিয়ে রাজ্যজুড়ে তোলপাড় হয়েছিল। আবার আদালতের রায়েই বছর দুয়েক আগে ববিতার চাকরি যায়। তাঁর বিরুদ্ধে তথ্য বিকৃতির অভিযোগ ছিল। এই অবস্থায় সুপ্রিম রায়ে রাজ্যে প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি যাওয়ার পর এসএসসি জেলা শিক্ষা দপ্তরগুলিতে নন টেন্টেড শিক্ষক-শিক্ষিকাদের যে তালিকা পাঠিয়েছে তাতেও মেখলিগঞ্জের ইন্দিরা গার্লস হাইস্কুলের নন টেন্টেড শিক্ষক-শিক্ষিকাদের তালিকায় ববিতার নাম রয়েছে। এমন তথ্য প্রকাশ্যে আসায় ফের বিতর্ক দানা বাঁধছে।

কোচবিহারের জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক) সমরচন্দ্র মণ্ডল বিষয়টি নিয়ে কোনও মন্তব্য করতে চাননি। ইন্দিরা গার্লস হাইস্কুলের টিআইসি কল্পনা মহন্ত বলেন, 'আমাদের কাছে আসা তালিকায় ববিতা সরকারের নাম রয়েছে। ওঁর চাকরি তো আগেই বাদ হয়েছে। তারপরেও কেন ওঁর নাম এসেছে, সেটা বুঝতে পারছি না।'

২০১৬-র এসএসসি'র পুরো নিয়োগ সুপ্রিম কোর্ট বাতিল করে দেওয়ায় কোচবিহার জেলার প্রায় ৪৭০ জন শিক্ষক-শিক্ষিকা চাকরি হারাচ্ছেন। যদিও সুপ্রিম কোর্টের পরবর্তী রায় অনুযায়ী, নন টেন্টেড শিক্ষক-শিক্ষিকারা ৩১ ডিসেম্বর পর্যন্ত স্কুলে চাকরি করতে পারবেন। তাঁরা বেতনও পাবেন। গত বুধবারই রাজ্যের সব জেলায় এসএসসি'র পাঠানো নন টেন্টেড শিক্ষক-শিক্ষিকার তালিকা এসেছে।

শিক্ষা দপ্তর থেকে ওই পাঠানো তালিকাতেই দেখা গিয়েছে, মেখলিগঞ্জের ইন্দিরা গার্লস হাইস্কুলের নন টেন্টেড তালিকায় প্রায় দুই বছর আগে চাকরি চলে যাওয়া ববিতা সরকারের নাম রয়েছে। তা দেখে অবাক হয়ে গিয়েছে স্কুল কর্তৃপক্ষও। ঘটনার কথা জানাজানি হতেই বিষয়টি নিয়ে শিক্ষা মহলে ব্যাপক শোরগোল শুরু হয়েছে। প্রশ্ন উঠেছে এসএসসি এবং রাজ্য শিক্ষা দপ্তরের ভূমিকা নিয়েও।

ববিতা এদিন বলেন, 'বিষয়টি আমি জানি না। এই তালিকা স্কুলে যাঁরা যেতে পারবেন তাঁদের জন্য। তাহলে আমিও আগামীকাল থেকে স্কুলে যাব।' পরে তাঁর সংযোজন, 'আসলে এসএসসি'র কাছে কোনও তথ্যই নেই কারা টেন্টেড ও কারা নন টেন্টেড, সে সম্পর্কে। ওরা কোনও তথ্য যাচাই করেও দেখেনি। এসএসসি এই মামলায় পুরো ঘেঁটে রয়েছে।'

## খুচরো নিয়ে মারপিট

**পলাশবাড়ি, ২৪ এপ্রিল :** পাঁচ টাকার গুটখার প্যাকেট কিনে পাঁচশো টাকার নোট! দোকানদার খুচরো দিতে অপারগ। আর এই ঘটনাকে কেন্দ্র করে ক্রেতা-বিক্রেতার বচসা থেকে মারপিট। আলিপুরদুয়ার-১ ব্লকের পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের শালকুমার মোড়ে ঘটনাটি ঘটেছে বুধবার রাতে।

এনিয়ে রাতে ব্যাপক হইচই হয় শালকুমার মোড়ে। রাতেই সোনাপুর ফাঁড়িতে লিখিত অভিযোগ দায়ের করেন দোকানদার সঞ্জীব বর্মন। তারপর অবশ্য অভিযুক্ত দুই তরুণকে পুলিশ গ্রেপ্তার করে। সোনাপুর ফাঁড়ির ওসি অমিত শর্মা বলেন, 'ওই দোকানদারের লিখিত অভিযোগ পাওয়ার দু'ঘণ্টার মধ্যে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। তদন্ত চলছে।'

অভিযুক্ত দুই তরুণের নাম হামিদুল মিয়াঁ ও সামিউল মিয়াঁ। শালকুমার মোড়েই পানের দোকান সঞ্জীবের। বুধবার রাতে প্রথম অভিযুক্ত ওই দোকানে গুটখার প্যাকেট কিনতে আসে। খুচরো না থাকায় সে অনলাইনে গুটখার দাম দিতে চায়। কিন্তু পান দোকানে সেই উপায় ছিল না। নগদে দাম চান দোকানদার। হামিদুল তখন পাঁচশো টাকার নোট বের করে দেয়। কিন্তু পাঁচ টাকার সামগ্রী বিক্রি করে পাঁচশো টাকার খুচরো দিতে পারেননি দোকানদার। তারপর গুটখা ধারে কিনতে চায় হামিদুল। কিন্তু দোকানদার বাকি দিতে চাননি। এনিয়েই উভয়ের মধ্যে শুরু হয় বচসা। তা গড়ায় হাতাহাতিতে। পরে সেখানে আসে দ্বিতীয় অভিযুক্ত। দোকানদার সঞ্জীবের অভিযোগ, দুজন মিলেই তাঁকে মারধর করে।

## জখম দুই

**ধূপগুড়ি, ২৪ এপ্রিল :** দুটি বাইকের মুখোমুখি সংঘর্ষে আহত হলেন দুজন। বৃহস্পতিবার ধূপগুড়ি ব্লকের গিলান্ডি এলাকায় এশিয়ান হাইওয়েতে ওই দুর্ঘটনা ঘটে। একটি বাইক সামনের লরিকে ওভারটেক করতে গেলে উলটোদিক থেকে আসা আরেকটি বাইকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ ঘটে। স্থানীয় বাসিন্দারাই তাঁদের উদ্ধার করে ধূপগুড়ি হাসপাতালে নিয়ে যায়। তবে আঘাত গুরুতর না হওয়ায় দুজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। পুলিশ জানিয়েছে, ঘটনাটি খতিয়ে দেখা হয়েছে। দুই চালকই আহত হয়েছেন এই দুর্ঘটনায়।

## প্রতিবাদ

**নাগরাকাটা, ২৪ এপ্রিল :** আলিপুরদুয়ার-১ ব্লকের দক্ষিণ পাটকাপাড়া গ্রামের এক আদিবাসী দম্পতির ওপর অত্যাচারের প্রতিবাদ করল পাড়া পারহা কমিটি। সংগঠনের নাগরাকাটা শাখার তরফে নয়া সাইলি চা বাগানে একটি সাংবাদিক সম্মেলন করা হয় বৃহস্পতিবার। কমিটির নাগরাকাটা শাখার উপদেষ্টা রামসুরত মাঝি বলেন, '১৫ এপ্রিল রবি ওরাওঁ ও জ্যোৎস্না ওরাওঁয়ের ওপর অত্যাচারের ঘটনা ঘটে। আমরা এর সুবিচার চাই। নয়তো জোরদার আন্দোলন করা হবে। আমরা সবরকমভাবে ওই দম্পতির পাশে আছি। প্রশাসনের ওপর আমাদের ভরসা রয়েছে।'

## কলসযাত্রা

**নাগরাকাটা, ২৪ এপ্রিল :** ভারত সেবাশ্রম সংঘের প্রতিষ্ঠাতা স্বামী প্রণবানন্দ মহারাজের ১৩০তম জন্মজয়ন্তী পালিত হল লুকসানে। বৃহস্পতিবার ভারতী ক্লাব প্রাঙ্গণে দিনভর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রথমে একটি সুসজ্জিত কলসযাত্রা স্বামীজির প্রতিকৃতি নিয়ে এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে। পুজোপাঠের পাশাপাশি ভজন, নাম সংকীর্তন ও সন্ধ্যারতি হয়। উদ্যোক্তাদের পক্ষে উজ্জ্বলা নাগ বলেন, 'বৃহস্পতিবার স্বামীজির আদর্শের প্রতি আস্থা রেখে অনেকে দীক্ষা গ্রহণ করেন।'

## নিহতদের স্মরণ

**নাগরাকাটা, ২৪ এপ্রিল :** কাশ্মীরের পহলগামে জঙ্গি হামলায় নিহতদের স্মরণে বৃহস্পতিবার রাতে লুকসানে একটি মিছিল করা হয়। মিছিলটি গেটলাইন থেকে এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে। এলাকার বাসিন্দারা জাতীয় পতাকা নিয়ে ওই মিছিল থেকে জঙ্গিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপের দাবি জানান।

# খাঁচা পাতলেও অধরা চিতাবাঘ

সুভাষচন্দ্র বসু

**বেলাকোবা, ২৪ এপ্রিল :** গত শনিবার ভান্ডিগুড়ি চা বাগানের শ্রমিক ঝুটুং ওরাওঁ চিতাবাঘের আক্রমণে আহত হন। ঘটনার পরই বন দপ্তর বাগানের ৬০ নম্বর সেকশনে খাঁচা পাতে। তবে তারপর ছ'দিন পার হয়ে গেলেও এখনও পর্যন্ত সেটি ধরা পড়েনি। ফলে আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছেন বাগানের শ্রমিকরা। যদিও বন দপ্তর রাতদিন এলাকায় নজরদারি চালাচ্ছে।

আহত ঝুটুং শিলিগুড়ির এক নার্সিংহোমে চিকিৎসাধীন থাকার পর বুধবার বাগানে ফেরেন। তাঁকে দেখতে ওই চা শ্রমিকের করলা শ্রমিক মহল্লার বাড়িতে ভিড় জমান সহকর্মী থেকে প্রতিবেশীরা। চা বাগানের ওই শ্রমিক বলেন, 'আমরা তখন কাজে ব্যস্ত ছিলাম। হঠাৎ চিতাবাঘটি এসে আমার গলায় কামড় বসায়। তখন বাঁচার জন্য সেটির মাথায় সজোরে আঘাত করি। সেই সঙ্গে সহকর্মীরাও সাহায্যে এগিয়ে আসেন। তারপর সেটি বাগানে পালিয়ে যায়। ওপরওয়ালার আশীর্বাদে নতুন জীবন পেয়েছি।' বেলাকোবা রেঞ্জের আধিকারিক চিরঞ্জিত পাল ওই চা শ্রমিককে ক্ষতিপূরণের আশ্বাস দিয়েছেন।

তৃণমূল কংগ্রেসের চা বাগান শ্রমিক সংগঠনের সন্তু ঝা বলেন, 'বাগান কর্তৃপক্ষ ঝুটুংয়ের চিকিৎসার দায়িত্বভার নিয়েছে। বন্যপ্রাণীর আক্রমণ ঠেকাতে বন দপ্তর, বাগান কর্তৃপক্ষ এবং পঞ্চায়েত প্রতিনিধিদের নিয়ে একটি ত্রিপাক্ষিক বৈঠক করা হবে।' চা শ্রমিক সূরজ লোহার বললেন, 'এখানে প্রায়ই চিতাবাঘের হামলার ঘটনা ঘটে। সেটি ধরা পড়লে আমাদের আতঙ্ক দূর হবে।' সমস্যা মেটাতে সূরজরা বন দপ্তরের কাছে প্রয়োজনীয় ব্যবস্থার দাবি জানিয়েছেন।



ছোট্ট তারা

রচনা মুন্ডা মাটিয়ালি ব্লকের ইনডং টিজি আইটিডিপি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির ছাত্রী। পড়াশোনার পাশাপাশি সে ভালোবাসে ছবি আঁকতে ও খেলাধুলো করতে।

## ক্যানালের দাবি সজনাপাড়ায়

**গয়েরকাটা, ২৪ এপ্রিল :** বর্ষার জলে বিঘের পর বিঘে জমি ভেসে গিয়েছে। বাকি সম্বলটুকু হারানোর আশঙ্কায় বানারহাট ব্লকে সাঁকোয়াঝোরা-১ গ্রাম পঞ্চায়েতের সজনাপাড়া মৌজার কৃষকদের রাতের ঘুম উড়েছে। তাঁদের দাবি, জমি সংলগ্ন চাচার বিল সংস্কার করে ক্যানাল তৈরি করতে হবে। এ প্রসঙ্গে জলপাইগুড়ি জেলা পরিষদের সহকারী সভাধিপতি সীমা চৌধুরীর আশ্বাস, 'সমস্যার বিষয়টি আমাদের জানা আছে। শীঘ্রই সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে কথা বলে ব্যবস্থা নেওয়া হবে। স্থানীয়রা সহযোগিতা করলে বিলটিও সংস্কার করা হবে।'

চাচার বিল সংলগ্ন এলাকায় বহু কৃষকের জমি রয়েছে। জলের তোড়ে ১০-১২ জন কৃষকের জমির একাংশ ভেসে গিয়েছে। স্থানীয় জনপ্রতিনিধিরা প্রতিশ্রুতি দিলেও এর স্থায়ী সমাধান হয়নি বলে অভিযোগ। স্থানীয় কৃষক মহাবুল আলম বললেন, 'বর্ষার জলের তীব্র স্রোতে ৩০-৪০ বিঘে দো-ফসলি জমি ভেসে গিয়েছে। ক্যানাল তৈরি না হলে এ বছরও জমি ভেসে যাবে।' নিমাই মজুমদার নামে অন্য এক কৃষকের কথায়, 'ভাঙনে গত বছর আমার বাগানের চারটি সেগুন গাছ ভেসে গিয়েছে। ক্যানাল তৈরি না হলে এ বছর বাগানের অর্ধেক গাছ ক্ষতিগ্রস্ত হতে পারে।'

# চালসার পর্যটক আবাস যেন 'ভূত' বাংলো

রহিদুল ইসলাম

**চালসা, ২৪ এপ্রিল :** পর্যটক আবাস নাকি 'ভূত' বাংলো, দেখে বোঝা দায়। প্রায় এক বছরেরও বেশি সময় ধরে চালসার পথের সাথী পর্যটক আবাস বন্ধ হয়ে পড়ে আছে। যেখানে পর্যটকদের থাকার কথা, সেই ভবন এখন ঝোপঝাড়, আগাছায় ঢেকে গিয়েছে। পড়ে থেকে নষ্ট হয়ে যাচ্ছে পর্যটক আবাসের ভেতরে থাকা মূল্যবান সামগ্রীও।

এক সময়ে পর্যটক আবাসটি চালসার একটি স্বনির্ভর গোষ্ঠী পরিচালনা করত। পরে নতুন একটি এজেন্সি আবাসটি পরিচালনার দায়িত্ব হাতে পায়। তবে দায়িত্ব পাওয়ার পরেও তারা সেটি চালু করেনি। আবাসটি বন্ধ হয়ে পড়ে থাকায় স্বাভাবিকভাবেই পর্যটনশিল্প মার খাচ্ছে। আর তার ফলে রাজ্য সরকারের আর্থিক ক্ষতি হচ্ছে। তবে পর্যটন আবাসটি আদৌ কবে চালু করা যাবে, তা স্পষ্ট করে বলতে পারেননি মাটিয়ালি ব্লকের বিডিও নিজেও।

পর্যটক আবাসটি দ্রুত চালু করার দাবি উঠছে বিভিন্ন মহল থেকে। চালসা-মেটেলি রাজ্য সড়কের পিডব্লিউডি বাংলোর পাশেই রয়েছে চালসা পথের সাথী পর্যটক আবাস। পাহাড়ি ওই এলাকায় অবস্থিত এই আবাসের ঢিলছোড়া দূরত্বেই রয়েছে চালসা ভিউপয়েন্ট। আগে আবাসটি চালু থাকায় এখানে ঘুরতে এলে পর্যটকদের থাকার ও খাওয়ার সুবিধা হত। রাজ্য সড়কের একেবারে পাশেই আবাসটি থাকার ফলে যাতায়াতেরও সুবিধা হত সকলের। বিশেষত পর্যটন মরশুমে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে পর্যটকরা এসে ওই আবাসেই উঠতেন।

গত বছর জানুয়ারি মাসে



*'ভূতুড়ে' বাংলোর মতো পড়ে রয়েছে চালসার পথের সাথী পর্যটক আবাস।*

নতুন এজেন্সি ওই পর্যটক আবাস পরিচালনার দায়িত্ব পায়। কিন্তু তারপরই আবাসের ভবিষ্যৎ যেন আঁধারে ঢেকে গিয়েছে। দায়িত্ব নেওয়ার এক বছর পেরিয়ে গেলেও এজেন্সি পর্যটক আবাসটি চালু করতে পারেনি। বর্তমানে পর্যটক আবাসটি আগাছায় ছেয়ে গিয়েছে।

### আঁধারে ভবিষ্যৎ

- রাজ্য সড়কের পিডব্লিউডি বাংলোর পাশেই রয়েছে পথের সাথী পর্যটক আবাস
- ২০০৭ সাল থেকে চালসার একটি স্বনির্ভর গোষ্ঠী ওই পর্যটক আবাস পরিচালনা করত
- একটি নতুন এজেন্সি আবাসের দায়িত্ব পাওয়ার পর থেকেই সেটি বন্ধ
- ফের কবে পর্যটক আবাস চালু হবে, জানাতে পারেননি বিডিও

২০০৭ সাল থেকে চালসার একটি স্বনির্ভর গোষ্ঠী ওই পর্যটক আবাস পরিচালনা করত। ওই স্বনির্ভর গোষ্ঠীর কর্মকর্তা রিনা রায় দাস বলেন, '২০০৭ সাল থেকে আমরা ওই পর্যটক আবাস চালাতাম। ভালোই চলত। তবে মেয়াদ শেষে আমাদের গোষ্ঠীর হাত থেকে আবাসটির দায়িত্ব চলে যায়। তারপর থেকেই সেটি বন্ধ অবস্থায় পড়ে রয়েছে। বিষয়টি নিয়ে মাটিয়ালি ব্লকের বিডিও, আবাসের বরাতপ্রাপ্ত এজেন্সি ও আমাদের বৈঠক হয়েছে। বর্তমানে এলাকার এক তরুণ ওই আবাসের দেখভাল করেন। রাতে ওই আবাসের পাহারার কাজ করেন তিনিই।'

এ বিষয়ে মাটিয়ালি ব্লকের বিডিও অভিনন্দন ঘোষের বক্তব্য, 'গত বছর পুজোর আগে ওই এজেন্সির লোকজন এসে আবাসটি পরিদর্শন করে গিয়েছেন। তাঁদের নিয়ে বৈঠকও হয়েছে। তবে তাঁরা ফিরে গিয়ে আর কিছু জানাননি। বিষয়টি সংশ্লিষ্ট বিভাগে জানানো হবে।'



### মদের আসরে খুন

বুধবার রাতে কলকাতার জোড়াসাঁকোয় মদের আসরে বন্ধুদের মধ্যে বচসার জেরে এক তরুণকে খুন করল তাঁর বন্ধু। তদন্ত শুরু করেছে পুলিশ।



### প্রতিবাদের মাশুল

বুধবার রাতে নিউটাউন এলাকায় এক তরুণীকে যৌন হেনস্তার প্রতিবাদ করায় তাঁর প্রেমিককে পিটিয়ে খুন করল দুষ্কৃতীরা। পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।



### জল বন্ধ

শনিবার সন্ধে থেকে রবিবার সকাল পর্যন্ত হাওড়া পুরসভা এলাকার সমস্ত ওয়ার্ডে জল সরবরাহ বন্ধ থাকবে। হাওড়া পুরসভা বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে।



### তাপপ্রবাহের সতর্কতা

গরমে হাঁসফাঁস অবস্থা সকলের। তবে দক্ষিণবঙ্গে আপাতত গরম কমার কোনও সম্ভাবনা নেই। শনিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলায় তাপপ্রবাহ চলবে।

## প্রশ্নের মুখে চাকরিহারাদের আন্দোলন

# ভিড় কম শিক্ষকদের ধর্নায়

**স্বরূপ বিশ্বাস**

**কলকাতা, ২৪ এপ্রিল :** চাকরিহারাদের আন্দোলনের ঝাঁঝ কি আগের ক'দিনের তুলনায় কমছে? এই আশঙ্কায় চাকরিহারাদের অধিকাংশই বিচলিত হয়ে পড়লেও এতে কিছুটা হলেও সাময়িক স্বস্তিতে রাজ্য সরকার। ২৬ হাজার চাকরিহারার মধ্যে যোগ্য-অযোগ্যের ইস্যু নিয়ে রীতিমতো বিভাজন নিঃসন্দেহে হকের আন্দোলনকে পিছনে টেনে ধরছে বলেই নিশ্চিত তথ্যাভিজ্ঞ মহল।

সেইসঙ্গে হঠাৎই কাশ্মীরে জঙ্গি হামলা সংবাদের শিরোনামে এসে যাওয়ায় চাকরিহারাদের গুরুত্ব কিছুটা হলেও পিছিয়ে গিয়েছে। সংবাদপত্র ও সংবাদমাধ্যমে বড় খবরে প্রথম পাতা থেকে অন্যান্য পাতায় জায়গা করে নিয়েছে ভূস্বর্গে জঙ্গিদের নির্মম গণহত্যা। এতে রাজ্যের শাসকদল ও সরকার সাময়িকভাবে স্বস্তি অনুভব করলেও চাকরিহারাদের আন্দোলনের ভবিষ্যৎ নিয়ে প্রশ্নও যেমন উঠেছে, তেমন সংশ্লিষ্ট মহলে এই নিয়ে কৌতূহলও সমানতালে বেড়েছে।

বৃহস্পতিবার নবান্নে রাজ্য প্রশাসনের অন্দরের খবর, এতদিন প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল নিয়ে সুপ্রিম কোর্টের রায়ের পর রীতিমতো অস্বস্তিতে পড়ে যায় সরকার ও শাসকদল উভয়েই। ন্যায্য অধিকার আদায় করা নিয়ে চাকরিহারাদের আন্দোলনের ঝাঁঝ দিন- দিন বাড়তে থাকায় বাস্তবিকই বেকায়দার পড়ে সরকার। এ থেকে বেরিয়ে আসার পথ খুঁজতে হন্যে হয়ে মরিয়া চেষ্টা শুরু হয় সরকার শুধু নয়, সরকারের শিক্ষা দপ্তর সহ শিক্ষা পর্ষদে। যদিও এ ব্যাপারে ভবিষ্যৎ শুধুমাত্র দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের হাতে থাকলেও চাকরিহারাদের আশ্বস্ত করতে সান্ত্বনা হিসেবে সরকার রিভিউ পিটিশনের বিষয়টি সামনে আনে। যদিও তা সুপ্রিম কোর্টে দাখিলের দিনক্ষণ, সময় এখনও চূড়ান্ত করতে পারেনি রাজ্য সরকার। এই নিয়ে অস্থিরতা ও উদ্বেগ এখনও বিরাজমান সরকারি মহলে।

এর সঙ্গে চাকরিহারাদের মধ্যে বিভাজন, আবহাওয়ার বিরূপতা (তীব্র গরম) এবং সেই সঙ্গে আচমকা ভূস্বর্গ কাশ্মীরে জঙ্গিদের নারকীয় হত্যালীলায় তাল অবশ্যই কেটেছে বলে মনে করছে নবান্ন প্রশাসনের একাংশ। যা কিছুটা হলেও সাময়িক স্বস্তি দিয়েছে সরকার ও শাসকদলকে। এই পরিস্থিতিতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্বেগ ও চিন্তাও কমবে বলেই তাঁর ঘনিষ্ঠ একাধিক তৃণমূলের নেতা ও মন্ত্রীর ধারণা।

এদিন সল্টলেকে চাকরিহারা যোগ্য ও অযোগ্যদের আলাদা আলাদা ভাবে ধর্না ও অবস্থান যেমন আন্দোলনের ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন তুলে দিয়েছে। অন্যদিকে, একই ইস্যুতে চাকরিহারা শিক্ষাকর্মীদের পৃথক অবস্থান ও আন্দোলনে বিভাজন সুস্পষ্ট করেছে। এদিন তাঁদেরই এক দায়িত্বশীল ব্যক্তি, আরজি কর কাণ্ড নিয়ে আন্দোলন প্রসঙ্গ টেনে বলেন, ওই আন্দোলনের সময় পুজো এসে পড়ায় পরিস্থিতি অনেকটাই শ্লথ হয়ে যায়। এবারও তার পুনরাবৃত্তি হবে না তো?

**বর্তমান অবস্থা**

- চাকরিহারাদের মধ্যে বিভাজন, তীব্র গরম এবং কাশ্মীরের ঘটনায় আন্দোলনের তাল কেটেছে
- এদিন সল্টলেকে যোগ্য-অযোগ্যদের আলাদাভাবে ধর্না ও অবস্থানে আন্দোলনের ভবিষ্যৎ প্রশ্নচিহ্নের মুখে
- অনেকেরই আশঙ্কা এই আন্দোলনেরও পরিণতি আরজি কর কাণ্ডের মতোই শ্লথ হয়ে যেতে পারে




কাশ্মীরে জঙ্গি হামলার প্রতিবাদে আলিয়া বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের মিছিল। বৃহস্পতিবার কলকাতায়।

# শোকের আবহেও রাজনীতি দুই পক্ষের

**অরূপ দত্ত**

**কলকাতা, ২৪ এপ্রিল :** পহলগাম জঙ্গিহানায় রাজ্যের তিন পর্যটকের রক্তের দাগ এখনও শুকোয়নি। তার আগেই শুরু হয়ে গেল তিন মৃতের ধর্মীয় পরিচয় ঘিরে গেরুয়া শিবিরের রাজনীতি। বাংলাদেশ দিয়ে যা শুরু হয়েছিল। সীমান্তের এপারে মালদা, মুর্শিদাবাদের হিংসায় যা হিন্দু নিধনের তত্ত্বে বিজেপিকে মশলা জুগিয়েছিল, পহলগাম কাণ্ডে সেই অস্ত্রেই আবার শান দিতে শুরু করল বিজেপি।

বুধবার রাতে শহরে ফিরেছে জঙ্গি হামলায় মৃত কফিন বন্দি বিতান অধিকারী ও সমীর গুহর মরদেহ। সেই মরদেহের দখল নিতে বিমানবন্দরে শাসক- বিরোধীর তর্জা দেখেছে এই শহরের মানুষ। প্রয়াত বিতান অধিকারীর মরদেহের সামনেই তাঁর স্ত্রীর উদ্দেশে শুভেন্দুকে বলতে শোনা গিয়েছে, সংবাদমাধ্যমকে বলুন যে জঙ্গিরা আপনার স্বামীকে হিন্দু বলেই মেরেছে।

গতকাল বিমানবন্দরে মৃত বিতানের মরদেহকে সাক্ষী রেখে শুরু হয়েছিল রাজনৈতিক বার্তা দেওয়া। যদিও মরদেহ নিয়ে টানাপোড়েনে দাঁড়ি পড়েনি তাতে। বৈষ্ণবঘাটায় বিতানের মরদেহের দখল ছিল কার্যত মন্ত্রী অরূপ বিশ্বাসেরই হাতে। এদিকে বিমানবন্দরে বিতানের স্ত্রীর কথামতো বৃহস্পতিবার সোয়া ১২টা নাগাদ তাঁর বৈষ্ণবঘাটার বাড়িতে যান শুভেন্দু। বিতানের স্ত্রীর সঙ্গে সেখানে প্রায় ৪০ মিনিট কথা বলেন। সঙ্গে ছিলেন অগ্নিমিত্রা পল ও শঙ্কুদেব পন্ডা। পরে শুভেন্দু জানান, কেন্দ্র ও রাজ্য সরকারি আর্থিক ক্ষতিপূরণের বাইরে বিরোধী দলনেতা হিসেবে ও সনাতনীদের পক্ষ থেকে সদ্য স্বামীহারা বিতানের স্ত্রীকে তাঁরাও কিছু আর্থিক সহায়তা দেবেন। বিতানের স্ত্রীর নিরাপত্তা ও বাচ্চার ভবিষ্যৎ নিয়ে যা যা প্রয়োজন সবকিছুই করা হবে বলেও জানিয়েছেন তিনি।

এদিকে শুভেন্দু ও বিজেপির পাশাপাশি বিতানের স্ত্রী ও তাঁর পরিবারকে ঘিরে কুণাল ঘোষ তাঁর ফেসবুক পোস্টে অনেক কিছু লিখেছেন। এর মধ্যে মৃতদেহকে ঘিরে রাজনীতির কাদা ছোড়াছুড়ি দেখছেন অনেকে। ফেসবুক পোস্টে কুণাল লেখেন, 'মুখ্যমন্ত্রী সহ রাজ্য প্রশাসনের অন্তত ২০টি ফোন। ফেরার সব সাহায্য। ফিরে বিজেপির সামনে: আপনাদের ভরসায় ফিরেছি। মৃতের বাবা-মা অসহায়। ছেলে নেই। পুত্রবধূ তাঁদের কাছে থাকতেন না, দেখতেন বলে খবর নেই। কলকাতাতেই অন্যত্র থাকতেন। বাবা-মা অনিশ্চয়তায়। এখন শোকের বাতাবরণ, তাই অপ্রিয় প্রশ্ন তুলছি না। বাড়াবাড়ির রাজনৈতিক দ্বিচারিতার নাটক, শেখানো সংলাপে বিষ ছড়ানো দেখলে বলবই।'

এরপরও কুণাল ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে দুই সরকারের কাছেই আর্জি জানিয়ে বলেছেন, প্রয়াত বিতান অধিকারীর পরিবারের জন্য দুই সরকার যদি ক্ষতিপূরণের ব্যবস্থা করে তা যেন শুধু পুরোটা স্ত্রীকে দেওয়া না হয়। বিতানের বৃদ্ধ বাবা-মারও সাহায্য দরকার। এদিকে এদিনই পুরুলিয়ার ঝালদায় জঙ্গি হামলায় মৃত মণীশ রঞ্জনের মরদেহ নিয়ে শহিদ সম্মান যাত্রা করেছেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার। গোটা ঘটনায় বিধানসভা ভোটকে মাথায় রেখে হিন্দু ভোটের মেরুকরণই দেখছে রাজনৈতিক মহল।

## দল নয়, সরকারি কাজে ব্যস্ত মমতা

**স্বরূপ বিশ্বাস**

**কলকাতা, ২৪ এপ্রিল :** অস্বস্তি পিছু ছাড়ছে না রাজ্যের শাসকদল তৃণমূলের। এমনিতেই রাজ্যের প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিলের ধাক্কায় সরকার এখন চরম বিপাকে। সাময়িক কিছুটা স্বস্তি সুপ্রিম কোর্ট থেকে মিললেও সমস্যা সমাধানের স্থায়ী কোনও ইঙ্গিত এখনও পাওয়া যায়নি। তারই মধ্যে শাসকদল তৃণমূলের অন্দরমহলও আগের তুলনায় কিছুটা অস্থিরতায় ভুগছে। মুখ্যমন্ত্রী তথা দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এখন সরকারের গুরুত্বপূর্ণ কাজ নিয়ে চরম ব্যস্ততার মধ্যে রয়েছেন। চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের ভবিষ্যৎ নিয়ে চিন্তা এখন রীতিমতো ভাবাচ্ছে তাঁকে।

এইসঙ্গে রয়েছে শিক্ষা সংক্রান্ত দু'একটি মামলা, সরকারি কর্মীদের ডিএ মামলা। সরকারি কাজের মধ্যে বাড়তি এসব যুক্ত হওয়ায় মুখ্যমন্ত্রীর ব্যস্ততা তুঙ্গে উঠেছে। বৃহস্পতিবার শাসকদলের অন্দরের খবর, এই মুহূর্তে দল নিয়ে কোনও ভাবনাই এখন তাঁর নেই। দলের বৈঠক ডাকব ডাকব করেও এখনও ডেকে উঠতে পারেননি।

তার মধ্যে তাৎপর্যপূর্ণ বিষয় হল, দলের কাজে এখনও নীরব দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। রাজ্য তো বটেই, দেশে পরপর কয়েকটি ঘটনায় নীরবতা ভেঙে এখনও সক্রিয় নন অভিষেক। এদিন তাঁর ঘনিষ্ঠমহলের খবর, 'অভিষেক কারও ফোন ধরছেন না। কোনও কথাও বলছেন না। দলের কোনও কাজে থাকছেন না। যা কিছুটা 'রহস্যজনক' বলেই মনে করছেন দলেরই অনেকে।'



শিক্ষক অবস্থানে ক্লান্ত আন্দোলনকারীরা। বৃহস্পতিবার সল্টলেকের আচার্য সদনের সামনে।

## মাধ্যমিকের ফলপ্রকাশ ২ মে

**কলকাতা, ২৪ এপ্রিল :** মাধ্যমিকের ফলপ্রকাশের দিন বদল করল মধ্যশিক্ষা পর্ষদ। ৩০ এপ্রিলের বদলে ফলপ্রকাশ হবে ২ মে। পরীক্ষার ৭০ দিনের মাথায় ফলপ্রকাশ হতে চলেছে। ৩০ এপ্রিল অক্ষয় তৃতীয়া। ওইদিন দিঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধনও হবে। পর্ষদের এক আধিকারিক বলেন, 'প্রাথমিকভাবে সিদ্ধান্ত হয়েছিল, ৩০ এপ্রিল মাধ্যমিকের ফল প্রকাশ করা হবে। পরে সিদ্ধান্ত নেওয়া হয়, ২ মে ফলপ্রকাশ করা হবে। গত বছরও এদিনই ফলপ্রকাশ হয়েছিল।' পর্ষদের পক্ষ থেকে জানানো হয়েছে, wbchse.wb.gov.in এই ওয়েবসাইটে লগ-ইন করে রোল নম্বর দিয়ে ফল দেখা যাবে।

### কমিশনের দপ্তরের সামনে দু'পক্ষের বাদানুবাদ

# পৃথক অবস্থানে অযোগ্য চিহ্নিতরা

**কলকাতা, ২৪ এপ্রিল :** বৃহস্পতিবার থেকে স্কুল সার্ভিস কমিশনের অফিসের সামনে অবস্থান বিক্ষোভে বসলেন 'অযোগ্য' চিহ্নিতদের একাংশ। ওএমআরে ত্রুটি থাকায় যোগ্যদের তালিকা থেকে তাঁদের নাম বাদ যায়। তাই এদিন সকাল থেকেই পৃথক অবস্থানে বসেছেন অযোগ্য চিহ্নিত চাকরিহারারা। যোগ্য চাকরিহারাদের থেকে ৫০০ মিটারের ব্যবধানে তাঁরা অবস্থানে বসেন। যোগ্য চাকরিহারাদের অবস্থান বিক্ষোভ এদিন চতুর্থ দিনে পড়েছে। তবে আগের তুলনায় জনসমাগম কমেছে। এদিন বিকালে কমিশনের দপ্তরের সামনে বাদানুবাদে জড়িয়ে পড়েন যোগ্য ও অযোগ্য চাকরিহারারা।

পাশাপাশি এদিনই প্রধান শিক্ষকদের থেকে নিয়োগের যাবতীয় তথ্য চেয়ে পাঠিয়েছে সরকার। স্কুলে স্কুলে যোগ্যদের তালিকা পাঠানোর পর নিয়োগের তালিকায় যোগ্যরা বাদে যাতে আর কেউ না থাকে, সেই বিষয়ে স্পষ্ট হতে চাইছেন তাঁরা। নিয়োগের তথ্য তালিকায় বেশ কয়েকটি বিষয়কে উল্লেখ করার ক্ষেত্রে গুরুত্ব দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। মধ্যশিক্ষা পর্ষদের সামনে অনশনকারী শিক্ষাকর্মীদের অবস্থান এদিন ৭২ ঘণ্টা পেরিয়েছে। তবে মধ্যশিক্ষা পর্ষদ থেকে এখনও কোনও সদুত্তর মেলেনি।

তালিকায় উল্লেখ করতে হবে, শিক্ষকের নাম, তাঁদের পদ, এসএসসির দেওয়া অনুমোদনপত্রের নম্বর সহ তারিখ, মধ্যশিক্ষা পর্ষদের দেওয়া মেমো নম্বর ও তারিখ, শিক্ষক-শিক্ষিকাদের এমপ্লয়ি কোড, স্কুল শিক্ষা দপ্তরের কমিশনার জেলা বিদ্যালয় পরিদর্শকদের কাছে যে তথ্য পাঠিয়েছিল, তাতে নাম রয়েছে কিনা, শিক্ষকদের কোনও বদলি হয়েছে কিনা, বদলি হলে সেই স্কুলের সমস্ত নথি জমা দিতে হবে। এদিন সকাল থেকে এসএসসি ভবনের সামনে অযোগ্যরা ধীরে ধীরে জড়ো হতে থাকেন। তারপর সেখানে অবস্থানে বসেন তাঁরা। তাঁদের প্রশ্ন, আদালতে ওএমআর কারচুপির বিষয়টি এখনও প্রমাণিত হয়নি। তাহলে এসএসসি কী করে অযোগ্য বলে বেতন বন্ধ করে দিতে পারে। এক শিক্ষক বলেন, 'সুপ্রিম কোর্টের রায়ে ১২১২ জনকে অযোগ্য বলা হয়েছিল। আমাদের বিষয়ে কিছু বলা হয়নি। শুধু বলা হয়েছিল, ৪০৯১ জনের ওএমআরে গলদ রয়েছে। অথচ কিছু মানুষের চাপে ডিআই অফিসে পাঠানো তালিকা থেকে আমাদের নাম বাদ পড়েছে।' যোগ্য চিহ্নিতরাও এদিন আন্দোলন চালিয়ে গিয়েছেন। অনেকে বাড়ি ফিরেছেন। কেউ কেউ স্কুলমুখীও হতে শুরু করেছেন। লোক কমলেও অবস্থান বিক্ষোভ এখনও প্রত্যাহার করেননি যোগ্য চাকরিহারারা। যোগ্য চাকরিহারা এক শিক্ষিকা জানান, অযোগ্যদের বাদ না দেওয়া পর্যন্ত তাঁদের আন্দোলন চলবে। সন্ধ্যা পেরোলেও দু-পক্ষের মাঝে শুধু ব্যারিকেড ছিল। একে অপরকে লক্ষ্য করে কটাক্ষ করে। তাতে চাকরিহারাদের একাংশের দাবি, পরিস্থিতি উত্তপ্ত হলে তার দায়িত্ব কে নেবে?

এসএসসির নতুন তালিকা থেকে যোগ্য চাকরিহারাদের আন্দোলনের অন্যতম মুখ চিন্ময় মণ্ডলের নাম বাদ পড়ে। তিনি এদিন এসএসসির চেয়ারম্যানের সঙ্গে দেখা করে বেরিয়ে জানান, কমিশনের ভুলেই তাঁদের নাম বাদ পড়েছে। তবে ভুল শুধরে নেওয়ার আশ্বাস দেন চেয়ারম্যান।

## ১০০ সিভিক নিয়োগের সিদ্ধান্ত

**কলকাতা, ২৪ এপ্রিল :** দিঘার জগন্নাথ মন্দিরে ভিড় সামলাতে ও যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করতে ১০০ সিভিক ভলান্টিয়ার নিয়োগের সিদ্ধান্ত নিল রাজ্য মন্ত্রীসভা। ইতিমধ্যেই স্বরাষ্ট্র দপ্তরের এই প্রস্তাবে অনুমোদন দিয়েছে। মূলত যান চলাচল নিয়ন্ত্রণের কাজেই তাঁদের ব্যবহার করা হবে। এছাড়া পরিবহণ দপ্তরেও চালক ও কনডাক্টর পদে নিয়োগের সিলমোহর দিয়েছে মন্ত্রীসভা। রাজ্য পরিবহণ দপ্তর ইতিমধ্যেই নতুন কয়েকটি রুটে বাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ফলে চালক ও কনডাক্টরের চাহিদা বেড়েছে। তাই আরও ১ হাজার চালক ও কনডাক্টর নিয়োগ করা হবে।

এছাড়া পশ্চিম মেদিনীপুরের গোয়ালতোড়ে আরও ১০০ মেগাওয়াটের একটি সৌরবিদ্যুৎ কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রীসভা। ইতিমধ্যেই একটি জার্মান সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্য সরকার ১১২ মেগাওয়াটের একটি সৌরবিদ্যুৎ কেন্দ্র সেখানে চালু করেছে। মঙ্গলবারই ওই সৌরবিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধনও হয়েছে। রাজ্যের সেচমন্ত্রী মানস ভুঁইয়া বলেন, 'পরিবেশবান্ধব বিদ্যুৎ উৎপাদনে রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে। তাই নতুন করে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই প্রকল্পের মোট খরচ হবে ৬৮০ কোটি টাকা। এর মধ্যে ৩০ শতাংশ অর্থাৎ ২০৫ কোটি টাকা দেবে রাজ্য সরকার। বাকি টাকা দেবে ওই জার্মান সংস্থা।'

# মুখ ফসকে শুভেন্দুর 'হিন্দুস্তান মুর্দাবাদ' স্লোগানে বিতর্ক

**কলকাতা, ২৪ এপ্রিল :** পহলগাম কাণ্ডের জেরে পাকিস্তানকে দুষে প্রতিবাদ জানাতে গিয়ে মুখ ফসকে 'হিন্দুস্তান মুর্দাবাদ' বলে ফেলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তৃণমূলের দলীয় ফেসবুক পেজে শুভেন্দুর ওই বক্তব্যের ভিডিয়ো (উত্তরবঙ্গ সংবাদ ওই ভিডিয়োর সত্যতা যাচাই করেনি) তুলে এমনটাই দাবি করেছেন তৃণমূল ও দলের মুখপাত্র কুণাল ঘোষ। তবে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ফেসবুক পেজে তাঁর গলায় পাকিস্তান মুর্দাবাদ স্লোগানই শোনা গিয়েছে। যদিও সমাজমাধ্যমে শুভেন্দুর এই বক্তব্য নিয়ে বিতর্ক শুরু হওয়ার পর তা মুছে দেওয়া হয়েছে বলে পালটা কটাক্ষ করেছে তৃণমূল।

পহলগাম জঙ্গি হামলার জন্য পাকিস্তানকে দায়ী করে বৃহস্পতিবার বিধানসভার বাইরে শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিক্ষোভ দেখান বিজেপি বিধায়করা। হামলায় ২৬ জন পর্যটকের মৃত্যুর প্রতিবাদে এদিন ২৬টি পাকিস্তানের পতাকা পুড়িয়ে বিক্ষোভ দেখান তাঁরা। শুভেন্দু সহ বিজেপি বিধায়করা হিন্দুস্তান জিন্দাবাদ, পাকিস্তান মুর্দাবাদ বলে স্লোগানও দেন। এদিনের বিক্ষোভ কর্মসূচিতে শুভেন্দু বলেন, 'গাজার মতো পাকিস্তানকেও ধূলিসাৎ করব। পাকিস্তানের ধ্বংস চাই।' পুলওয়ামা কাণ্ডের বদলায় মোদির সার্জিক্যাল স্ট্রাইকের কথা মনে করিয়ে দিয়ে শুভেন্দু বলেন, 'খুব শীঘ্রই পাকিস্তানের বিরুদ্ধে কড়া পদক্ষেপ দেখতে পাবেন।'

এদিকে শুভেন্দু সহ বিজেপির কর্মসূচির কড়া সমালোচনা করেছে তৃণমূল। তৃণমূলের সরকারি ফেসবুক পোস্টে বিরোধী দলনেতাকে দেশদ্রোহী বলে কটাক্ষ করা হয়েছে। মুখ ফসকে হলেও শুভেন্দুর মুখে হিন্দুস্তান মুর্দাবাদ স্লোগানের ব্যাখ্যায় তৃণমূলের কুণাল ঘোষ বলেছেন, 'আপনি আসলে একজন দেশবিরোধী! নইলে মুখ ফসকেও একথা কেউ বলতে পারে না। মুখে হিন্দু প্রেম আর দেশপ্রেমের বুলি, হৃদয়ে দেশবিরোধী বিষের ঝুলি। মুখোশ যে খুলে গিয়েছে। ফেসবুক থেকে ভিডিও ডিলিট করেও লাভ হবে না। বাংলার মানুষ আপনাকে হাড়ে হাড়ে চেনে।'

## আরজি কর মামলায় ফোন কলের তথ্য

**কলকাতা, ২৪ এপ্রিল :** বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে আরজি কর কাণ্ডে ফোন কলের তথ্য প্রকাশ্যে এনেছে সিবিআই। আদালতের নজরদারিতে তদন্ত চেয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছিলেন নির্যাতিতার পরিবার। এই মামলাতেই কলকাতা পুলিশের কেস ডায়েরি, সাক্ষীদের তালিকা, ফোন কলের তথ্য, ইনকোয়েস্ট রিপোর্ট, ময়নাতদন্তের রিপোর্ট আদালতে রিপোর্ট দেওয়া হয়। শুনানির সময় হাজির ছিলেন সিবিআইয়ের তদন্তকারী আধিকারিক সীমা পাহুজা। নির্যাতিতার বাবা বলেন, 'সিবিআই কোনও কাজ করছে না। বিচারের আশায় আমরা আদালতের দিকে তাকিয়ে রয়েছি।'

নির্যাতিতার পরিবারের অভিযোগ, ঘটনার দিন হাসপাতালের অ্যাসিস্ট্যান্ট সুপার সুচরিতা সরকার তাঁদের তিনবার ফোন করে তিনরকমের ভিন্ন তথ্য দেন। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হয়নি। এদিন সিবিআই জানায়, ২০২৪ সালের অগাস্ট মাসে তাঁকে জিজ্ঞাসাবাদ করা হয়েছিল। পরিবারের তরফে অভিযোগ, এই ঘটনা গণধর্ষণ কি না তা ময়নাতদন্তের রিপোর্টের ভিত্তিতে মেডিকেল বোর্ড বিচার করেছে। গণধর্ষণের সম্ভাবনা তদন্তের শুরুতে খতিয়ে দেখাই হয়নি। বিচারপতি জানতে চান, পরিবারের তরফে মেডিকেল বোর্ডকে চ্যালেঞ্জ করতে চাইছে কি না। মামলাকারীদের সঙ্গে অনেক চিকিৎসক রয়েছেন। তাঁরা মেডিকেল বোর্ডের খামতি খুঁজে পেলে আদালতকে জানাতে পারে।

পরিবারের তরফে জানানো হয় পুলিশের তরফে প্রথমে স্বতঃপ্রণোদিত মামলা রুজু করা হয়নি। অ্যাসিস্ট্যান্ট সুপার কার নির্দেশে ফোন করেছিল তা নিয় অভিযোগ করা হয়। এর নেপথ্যে কোনও অদৃশ্য হাত রয়েছে। নির্যাতিতার মোবাইল পরীক্ষা করা হয়নি। এমনকি ঘটনাস্থলে সিসিটিভি ফুটেজও কিছুক্ষণের জন্য বন্ধ করা হয়েছিল। মামলার পরবর্তী শুনানিতে তদন্তের খামতি সম্পর্কে নির্যাতিতার পরিবার কী চাইছে তা আদালতে বিস্তারিতভাবে জানাবেন তাঁরা।

## অভিযুক্তকে ছাড়ে পুলিশকে ভর্ৎসনা

**কলকাতা, ২৪ এপ্রিল :** 'পুলিশি নিষ্ক্রিয়তায় সাধারণ মানুষ অভিযোগ দায়ের করার পরেও ছাড় পাচ্ছে রাজনৈতিক ছত্রচ্ছায়ায় থাকা অভিযুক্তরা', পূর্ব বর্ধমানের একটি মামলায় এভাবেই পুলিশকে ভর্ৎসনা করলেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি। বৃহস্পতিবার প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি চৈতালি চট্টোপাধ্যায় (দাস)-এর ডিভিশন বেঞ্চে পূর্ব বর্ধমানের আউশগ্রামের তৃণমূল ব্লক সভাপতি শেখ আবদুল লালনের বিরুদ্ধে একটি মামলার শুনানি হয়। ওই মামলাতেই প্রধান বিচারপতি মন্তব্য করেন, 'অভিযোগপত্রে কৌশলে অপরাধীদের নাম বাদ দিচ্ছে পুলিশ। অপরাধমূলক কাজকর্মের বিষয়টি পুলিশের নজরে থাকলেও অপরাধীদের সাজা হচ্ছে না।' ওই তৃণমূল নেতার বিরুদ্ধে স্থানীয়দের অভিযোগ, তিনি এলাকায় বিভিন্ন বেআইনি কাজের সঙ্গে যুক্ত। পুলিশে অভিযোগ করা হলেও কোনও ব্যবস্থা হয়নি। বরং যাঁরা মামলা দায়ের করেছেন, তাঁদের মধ্যে দু-জনকে গ্রেপ্তার করা হয়েছে। প্রধান বিচারপতি নির্দেশ দেন, এই মামলায় স্থানীয় থানার অফিসার অভিযোগপত্র খতিয়ে দেখে আদালতে চার সপ্তাহের মধ্যে রিপোর্ট দেবেন। সেইসঙ্গে অভিযোগকারী যে দু-জনকে গ্রেপ্তার করা হয়েছে, তাঁদের ছেড়ে দিতে হবে।

## সুকান্তর মামলায় হস্তক্ষেপ নয়

**কলকাতা, ২৪ এপ্রিল :** কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের বিরুদ্ধে উসকানিমূলক মন্তব্যের অভিযোগে দায়ের হওয়া মামলায় হস্তক্ষেপ করল না কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি চৈতালি চট্টোপাধ্যায় (দাস)-এর ডিভিশন বেঞ্চের মন্তব্য, 'প্রতিটি ব্যক্তির প্রতিক্রিয়ার ধরন আলাদা। তাই এক্ষেত্রে ফৌজদারি অপরাধের মামলা দায়ের করা যেতে পারে। আদালত এই বিষয়ে হস্তক্ষেপ করবে না।' ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে রাজ্যের বিভিন্ন জায়গার পরিস্থিতি উত্তপ্ত হয়। ওই সময় সুকান্ত উসকানিমূলক মন্তব্য করেন বলে অভিযোগ। আবেদনকারী তৃণমূল নেতা সব্যসাচী দত্তের আবেদন, সুকান্ত সমাজমাধ্যম ও সংবাদমাধ্যমে উসকানিমূলক মন্তব্য করেছেন। এর ফলে পরিস্থিতি আরও উত্তপ্ত হতে পারত। তাই আদালত যাতে ওই মন্তব্য প্রত্যাহারের নির্দেশ দেয়। কেন্দ্র সাংসদ ও বিধায়কদের বক্তব্য রাখার ক্ষেত্রে নির্দিষ্ট গাইডলাইন তৈরি করুক। তবে প্রধান বিচারপতি জানিয়ে দেন, এক্ষেত্রে আদালতের হস্তক্ষেপের প্রয়োজনীয়তা নেই। প্রত্যেক ব্যক্তির প্রতিক্রিয়ার ধরন এক এক রকম। এর পর মামলাটি নিষ্পত্তি করে দেন প্রধান বিচারপতি।

## অনুমতি দিল না হাইকোর্ট

**কলকাতা, ২৪ এপ্রিল :** ওয়াকফ সংশোধনী আইনের বিরোধিতায় মুসলিম ল বোর্ডের তরফে ডাকা ২৬ এপ্রিল ব্রিগেড সভার অনুমতি দিল না কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের মন্তব্য, 'দেশের সাম্প্রতিক পরিস্থিতি বিচার করে কোনও সংগঠনেরই আগামী ৭ দিন প্রতিবাদের নামে সভা-সমিতি করা উচিত নয়।' ২৬ এপ্রিল মিছিল করতে চেয়েছিল অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ড। পুলিশ ও সেনার তরফে অনুমতি না মেলায় তারা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল। রাজ্যের এজি ও কেন্দ্রের এএসজির উপস্থিতিতেই বিচারপতি মন্তব্য করেন, এই পরিস্থিতিতে এই ধরনের কর্মসূচি করা যথাযোগ্য নয়।




এসইউসিআই-এর ৭৮তম প্রতিষ্ঠা দিবস পালন শহিদ মিনার ময়দানে। ছবি : আবির চৌধুরী

■ ৪৫ বর্ষ ■ ৩৩৫ সংখ্যা, শুক্রবার, ১১ বৈশাখ ১৪৩২

# চ্যালেঞ্জের মুখে ট্রাম্প

যে কোনও স্বৈরাচারী শাসকই কোনও না কোনও সময় প্রতিরোধের মুখে পড়ে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার ব্যতিক্রম হচ্ছেন না। আমেরিকার প্রাচীনতম বিশ্ববিদ্যালয় হার্ভার্ডের সঙ্গে তিনি যেন সম্মুখসমরে নেমেছেন। হার্ভার্ডের ওপর একের পর এক ফরমান জারি করছেন, বিশ্ববিদ্যালয়টির ন্যায্য প্রাপ্য সরকারি অনুদান বন্ধ করে দিচ্ছেন। এইসব স্বৈরতান্ত্রিক সিদ্ধান্তের বিরুদ্ধে ফেডেরাল কোর্টে মামলা করেছে হার্ভার্ড।

হার্ভার্ড ছাড়াও কলম্বিয়া সহ বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানের ওপর হম্বিতম্বি চালিয়ে যাচ্ছিলেন মার্কিন প্রেসিডেন্ট। প্রতিবাদীর ভূমিকায় প্রথম এগিয়ে এল হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ই। তাদের এই আইনি পদক্ষেপ সাহস জুগিয়েছে আমেরিকার শিক্ষা মহলকে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলির সঙ্গে ট্রাম্পের কীসের সংঘাত? আসলে সংঘাত ছাড়া থাকতে পারেন না ট্রাম্প।

কুর্সিতে বসে পরপর বিতর্কিত সিদ্ধান্ত নিয়েছেন তিনি। মার্কিন নাগরিকত্ব, অবৈধ অভিবাসন, গণছাঁটাই ইত্যাদি বিভিন্ন বিষয়ে। তার মধ্যে আমেরিকায় জন্মালেই অভিবাসীর সন্তানের মার্কিন নাগরিকত্ব প্রাপ্তি বাতিলের নির্দেশিকাটিতে আদালত স্থগিতাদেশ দিয়েছে। সম্প্রতি শীর্ষস্থানীয় মার্কিন শিক্ষাপ্রতিষ্ঠানগুলির বাকস্বাধীনতা কেড়ে নিতে তৎপর ওয়াশিংটন।

গাজায় চলছে ইজরায়েলি হামলা। মৃত্যু হচ্ছে অসংখ্য মানুষের। ইজরায়েলের প্রেসিডেন্ট নেতানিয়াহুর দাবি, আমেরিকার সম্মতিতেই আক্রমণ চালানো হচ্ছে। হার্ভার্ড সহ বেশ কিছু বিশ্ববিদ্যালয়ে এর প্রতিবাদে ইজরায়েল-বিরোধী প্রচার চলছে। পড়ুয়াদের সিংহভাগ প্যালেস্তাইন আন্দোলন, হামাসের সমর্থক। ওয়াশিংটনের চোখরাঙানি কলম্বিয়া সহ কিছু বিশ্ববিদ্যালয়ে ইজরায়েল-বিরোধী প্রচার বন্ধ করতে সফল হয়েছে ঠিকই। কিন্তু হার্ভার্ড জানিয়ে দিয়েছে, তারা বাকস্বাধীনতা এবং গণতন্ত্রে বিশ্বাসী।

বিশ্ববিদ্যালয়ে কারা পড়বেন, কারা পড়াবেন, কী পড়ানো হবে ইত্যাদি হার্ভার্ডই ঠিক করবে জানিয়ে দিয়েছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়টি সরকারি খবরদারি মানতে নারাজ। হার্ভার্ড সহ কিছু বিশ্ববিদ্যালয়কে ট্রাম্প প্রশাসন বারবার ইজরায়েল-বিরোধী প্রচারের জন্য সতর্ক করেছিল। তবে হার্ভার্ড কর্তৃপক্ষকে আলাদাভাবে 'গোপন চিঠি' পাঠায়। এই চিঠি প্রকাশ্যে না আনার জন্য সতর্কবাণীও ছিল। কিন্তু হার্ভার্ড কর্তৃপক্ষ হাটে হাঁড়ি ভেঙে দিয়েছে।

শাস্তিস্বরূপ মার্কিন সরকার হার্ভার্ডের একের পর এক আর্থিক অনুদান বন্ধ করে দিয়েছে। প্রথম বন্ধ হয়েছে ২০০ কোটি মার্কিন ডলার। তারপর স্থগিত ঘোষিত হয়েছে হার্ভার্ডের স্বাস্থ্য গবেষণা খাতে বরাদ্দ ১০০ কোটি ডলার। এছাড়াও বাতিল করা হয়েছে হার্ভার্ডের ন্যায্য প্রাপ্য আরও কিছু অনুদান। প্রাপ্য করছাড় বন্ধের হুমকিও দেওয়া হয়েছে। মার্কিন প্রশাসন জানিয়ে দিয়েছে, পড়ুয়াদের 'এই রাষ্ট্রবিরোধী' মনোভাবের পরিবর্তনে ব্যবস্থা না নেওয়া হলে ভবিষ্যতে হার্ভার্ডে বিদেশি পড়ুয়া ভর্তি বন্ধ করে দেওয়া হবে।

এতসব হুংকার, অনুদান বন্ধ ইত্যাদি কোনও কিছুই অবশ্য টলাতে পারেনি হার্ভার্ডকে। বরং ট্রাম্পের এইসব সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে মামলা করেছে বিশ্ববিদ্যালয়টি। বিশ্বজুড়ে ছড়িয়ে রয়েছেন হার্ভার্ডের প্রাক্তনীরা। ভারতের আনন্দ মাহিন্দ্রা, পি চিদম্বরম, কপিল সিবালের মতো বিশিষ্টরা ম্যাসাচুসেটসের এই বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা করেছেন। আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্টদের মধ্যে জন এফ কেনেডি এবং বারাক ওবামা হার্ভার্ডের প্রাক্তনী।

ট্রাম্প প্রশাসনেরও বেশ কয়েকজন সচিব এবং গুরুত্বপূর্ণ পদাধিকারী এই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী। ওবামা ইতিমধ্যে ট্রাম্পের স্বৈরাচারী সিদ্ধান্তগুলির নিন্দায় সরব হয়েছেন। হার্ভার্ডের এই আইনি লড়াই ইতিমধ্যে শোরগোল ফেলে দিয়েছে মার্কিন মুলুকে। ট্রাম্পকে আরও চাপে ফেলতে প্রিন্সটন, হার্ভার্ড, ব্রাউন, হাওয়াই বিশ্ববিদ্যালয়, কানেক্টিকাট কমিউনিটি স্টেট কলেজ সহ আমেরিকার ১৮৭টি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষাক্ষেত্রে ওয়াশিংটনের সমস্ত স্বৈরাচারী ফরমানের বিরুদ্ধে স্বাক্ষর অভিযান করেছে। একটি যৌথ বিবৃতিও দিয়েছে বিশ্ববিদ্যালয়গুলি।

একদিকে হার্ভার্ডের মামলা, অন্যদিকে আমেরিকার সেরা বিশ্ববিদ্যালয়গুলোর সম্মিলিত চাপ নিশ্চিতভাবেই স্বস্তিতে থাকতে দেবে না ট্রাম্পকে। কবে দ্বৈরথে কোন পক্ষ শেষপর্যন্ত জয়ী হয়, সেটা এখনও অনিশ্চিত।

## অমৃতধারা


অনুতাপ কর, কিন্তু স্মরণ রেখো যেন পুনরায় অনুতপ্ত হতে না হয়। যখনই তোমার কুকর্মের জন্য তুমি অনুতপ্ত হবে, তখনই পরমপিতা তোমাকে ক্ষমা করবেন, আর ক্ষমা হলেই বুঝতে পারবে, তোমার হৃদয়ে পবিত্র সান্ত্বনা আসছে, আর তা হলেই তুমি বিনীত, শান্ত ও আনন্দিত হবে। যে অনুতপ্ত হয়েও পুনরায় সেই প্রকার দুষ্কর্মে রত হয়, বুঝতে হবে যে সত্বরই অত্যন্ত দুর্গতিতে পতিত হবে। প্রকৃত অনুতাপ এলে তার সমস্ত লক্ষণই অল্পবিস্তর প্রকাশ পায়। মানুষ যত কিছু দুঃখ পায় তার অধিকাংশই কামিনী-কাঞ্চনে আসক্তি থেকে আসে ও দুটো থেকে যত দূরে সরে থাকা যায় ততই মঙ্গল।

-শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র

# এক শিক্ষকের আক্ষেপ ও যন্ত্রণার গল্প

এই বৃদ্ধ শিক্ষককে যে শিক্ষকদের এই অসম্মান আর দুর্গতি বেঁচে থেকে দেখতে হল, এর জন্যে সে কাকে ধন্যবাদ জানাবে?

**পবিত্র সরকার**





ঘোর অনিশ্চয়তায় একদল শিক্ষক এখনও রাজপথে। - রাজীব মণ্ডল

১

এমন নয় যে, দক্ষিণ এশিয়ার পরিসরে শিক্ষকতার জীবিকাটি আজই প্রথম প্রশ্নের মুখে পড়ল। এটা বললে মিথ্যাচার হবে যে, সমাজের সব অংশ চিরকালই শিক্ষকদের কথা বলতে গিয়ে 'মানুষ গড়ার কারিগর' ইত্যাদি বলে চোখ বুজে ফেলেছে এবং তাঁদের পায়ে লুটিয়ে পড়েছে। আমরা জানি, আর এ কথা অস্বীকার করা ভণ্ডামি হবে যে, চিরকালই এই জীবিকাটি দুটি বিপরীত সামাজিক দৃষ্টিভঙ্গিতে আক্রান্ত ছিল। একটি নাগরিক ও উচ্চবিত্ত শ্রেণির দৃষ্টিভঙ্গি, যারা শিক্ষকতার জীবিকাকে, তার আর্থিক শক্তি ও ভিত্তির কথা মনে করে, একটু অবজ্ঞার চোখে দেখত। ঊনবিংশ শতাব্দীর নাটকে ও সাহিত্যে তার ভূরিভূরি প্রমাণ আছে।

অবশ্যই শিক্ষকদের মধ্যেও, শিক্ষার পর্যায় অনুসারে, কিছুটা শ্রেণিবিভেদ ছিল। প্রাথমিক পর্বের শিক্ষকদের যতটা অবজ্ঞা করা হত, মাধ্যমিক পর্বের শিক্ষকদের ততটা করা হত না, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ('প্রফেসর') নিশ্চয়ই কিছুটা সম্ভ্রম পেতেন। এ লেখার মূল বিষয় শেষের শ্রেণি নয়। গৃহশিক্ষকেরা মূলত এক সময় নাগরিক দৃশ্য ছিলেন, ফলে তাঁদের ক্ষেত্রে কলকাতায় 'ম্যাস্টার এয়েচে রে' হাঁকডাক শোনা যেত।

উচ্চবিত্ত ও নাগরিক শ্রেণির মধ্যে শাসকদেরও ধরতে হবে, ফলে শাসকরাও শিক্ষকদের প্রতি ওই একই অবজ্ঞা পোষণ করতেন, তাঁদের মাসিক বেতন খুবই কার্পণ্যের সঙ্গে নির্ধারণ করতেন। এই কারণেও স্কুলশিক্ষকেরা 'মহান' বলে চিহ্নিত তাঁদের জীবিকার প্রাপ্য সম্ভ্রম থেকে বঞ্চিত হতেন। আমাদের অনেকেরই মনে আছে, আজ থেকে সত্তর বছর আগে, ১৯৫৪ সালে, বিধানচন্দ্র রায়ের আমলে পশ্চিমবঙ্গের শিক্ষকদের কলকাতার এসপ্ল্যানেডে মাসখানেক ধরে অনশন-অবস্থান করতে হয়েছিল, তখন তাঁরা পুলিশের লাঠির লক্ষ্যও হয়েছিলেন। কাজেই সব শিক্ষককে দক্ষিণ এশীয় সমাজের সব্বাই সব সময়ে পায়ে মাথা রেখে পুজো করে এসেছে, এ কথা যেন আমরা না ভাবি। ওই আত্মপ্রসাদের কোনও ঐতিহাসিক ভিত্তি নেই।

তবু বলব, গ্রামের দিকে, অপেক্ষাকৃত সরল ও নিরক্ষর মানুষদের কাছে শিক্ষকদের সম্বন্ধে একটা শ্রদ্ধা ছিল, এবং পাঠশালায় গিয়ে, অভিভাবকেরা শিক্ষককে তাঁদের সন্তানকে 'গাধা পিটিয়ে ঘোড়া' করার ঢালাও অনুমতি দিতেন। গ্রাম সম্বন্ধে এটা যত সহজে অনুমান করা যায়, শহরে এ গল্প ততটা বিশ্বাস্য নয়। যাই হোক, এ সব সত্ত্বেও নিজে শিক্ষক হয়েছি, স্কুল থেকে সব স্তরেই পড়িয়েছি। গোত্র পরিচয়ে শিক্ষক বলেই আজ শিক্ষকদের এই দশা দেখে মুখ বুজে থাকতে পারি না।

২

শিক্ষকদের নির্লজ্জ ও অন্তহীন অপমানের এক ধারাবাহিক ইতিহাস সাম্প্রতিককালে পশ্চিমবাংলায় তৈরি হয়েছে। আমার চেয়ে অনেক বেশি করে তার হিসাব আপনারা রাখেন। এই রাজ্যে নতুন তৃণমূল সরকার ২০১১-তে ক্ষমতায় আসার পরে ২০১৬-তে স্কুল সার্ভিস কমিশন বা এসএসসি স্কুলে নিয়োগের একটি পরীক্ষা নেয়। আগে প্রতিবছরই পরীক্ষা নেওয়া হত বলে জানা যায়। যাই হোক, পাঁচ বছর পরে যখন পরীক্ষা হল, তার ভিত্তিতে রাজ্যের স্কুলে অশিক্ষক গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মচারী এবং অষ্টম-নবম ও দশম-একাদশ শ্রেণির শিক্ষকদের মেধাতালিকা করা হল দু'বছর পরে। ২০১৮-তে এবং ২০১৯-এর জানুয়ারি-ফেব্রুয়ারিতে নিয়োগ দেওয়া হল, স্কুলগুলিতে। কিন্তু ২০২১ থেকেই অসন্তোষের গুঞ্জন শোনা যেতে লাগল যে, মেধাতালিকায় ইচ্ছাকৃতভাবে কারচুপি করা হয়েছে, পরীক্ষার ওএমআর শিট নষ্ট করা হয়েছে, অনেক অযোগ্য প্রার্থী শাসকদলের প্রভাবশালী স্থানীয় নেতাদের টাকা দিয়ে, তাদের নির্দেশমতো সাদা খাতা জমা দিয়ে, চাকরি পেয়েছে, যোগ্যতর প্রার্থীদের বঞ্চিত করে।

তা নিয়ে যে মামলার পর মামলা ও তদন্ত হল তার সূত্রে তৎকালীন শিক্ষামন্ত্রীর বান্ধবীর বাড়িতে প্রায় বাহান্ন কোটি টাকার নোট পাওয়া গেল, শিক্ষামন্ত্রী ও তাঁর বান্ধবী বর্তমানে জেলে বন্দি। সেইসঙ্গে এসএসসি ও মধ্যশিক্ষা পর্ষদের অনেক কর্তাও জেলে বন্দি হলেন এবং ভারতের কেন, পৃথিবীর ইতিহাসে সম্ভবত শিক্ষাসংক্রান্ত বৃহত্তম দুর্নীতি ও কেলেঙ্কারির দৃষ্টান্ত আমাদের এই এগিয়ে থাকা পশ্চিম বাংলায় তৈরি হল। তার জের এখনও কাটেনি, বরং প্রতিদিন নতুন নতুন অসহনীয় মাত্রায় বিস্তারিত হচ্ছে।

৩

এর সঙ্গে মিলেছে টেট বা টিচার্স এলিজিবিলিটি টেস্ট-এ প্রাথমিক শিক্ষকদের নিয়োগেও বিপুল দুর্নীতির ঘটনা, যা নিয়ে ইডি বা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট তদন্ত করেছে। তা নিয়েও মামলা হয়েছে। এসএসসিতে সুপ্রিম কোর্ট ঘুরে হাইকোর্টের নির্দেশে যদি ২৫,৭০০-র কিছু বেশি শিক্ষকের চাকরি এক অনিশ্চিত সংকটে পড়ে থাকে তো টেটের ক্ষেত্রে প্রায় ৩২ হাজার শিক্ষক ওই সঙ্গিন অবস্থার মুখোমুখি। রাজ্যের শিক্ষাক্ষেত্রে এ এক বিপর্যয়, এবং এ বিপর্যয়ের জন্য শাসকদল সম্পূর্ণভাবে দায়ী।

২০২১ থেকেই কলকাতা ময়দানে যোগ্য কিন্তু দুর্নীতির কারণে যোগ্য তালিকা থেকে বাদ পাওয়া শিক্ষকেরা দলে দলে অবস্থান করে চলেছেন। তাদের অবস্থা অবর্ণনীয় ছিল। তার সঙ্গে মিশল এই ছাব্বিশ হাজারের মতো শিক্ষকের চাকরি উচ্ছেদের নোটিশ। রাজ্য সরকার পড়িমরি করে সুপ্রিম কোর্টে আবেদন করায় সুপ্রিম কোর্ট কিছুটা দয়াপরবশ হয়ে এ বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষকদের চাকরি বাতিল-করা পিছিয়ে দিয়েছে। কিন্তু নির্দেশ দিয়েছে যে, এসএসসি এর মধ্যে ইতিমধ্যে নিযুক্ত যোগ্য ও অযোগ্য শিক্ষকদের স্পষ্টভাবে চিহ্নিত করবে, এবং নতুন করে নির্বাচন ও নিয়োগ প্রক্রিয়া শুরু করবে। সকলেই জানি যে, এর মধ্যে এসএসসি নির্বাচিত একটি কোম্পানি পরীক্ষার ওএমআর শিট নষ্ট করে দিয়েছিল। তবু কীসের ওপর ভিত্তি করে এসএসসি গত ২১ এপ্রিল কথা দিয়েছিল যে, আদালতকে যোগ্য-অযোগ্য প্রার্থীদের তালিকা বাছাই করে জমা দেবে, তা জানি না। যাই হোক, ২২ এপ্রিল তারা পিছিয়ে গিয়ে জানিয়েছে যে, তারা ওই তালিকা দেবে না, কারণ তাদের আইনজীবীরা জানিয়েছেন তাতে নাকি আদালত অবমাননা হতে পারে।

৪

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী আদালতের ওই চাকরি বাতিলের রায়ের পর 'ড্যামেজ কন্ট্রোল'-এর যথাসাধ্য চেষ্টা করেছেন, যদিও তাঁরই দল যে সমস্ত অপকর্মের জন্য দায়ী সেকথা সর্বথা এড়িয়ে গেছেন। নেতাজি ইন্ডোরে শিক্ষকদের ডেকেছেন, সেখানে তাঁর দলের কলেজের অধ্যাপকেরা গলায় 'আমরা যোগ্য' ব্যাজ ঝুলিয়ে ঘুরেছেন, নানা রকম আশ্বাস দিয়েছেন, কিন্তু ওই বিপর্যয়-পীড়িত শিক্ষকদের বহুলাংশ যে আশ্বস্ত হননি, তা বোঝাই গেছে। তাঁরা কসবার ডিআই অফিসে অভিযান করতে গিয়ে পুলিশের লাঠির সঙ্গে উপরি হিসেবে লাথিও খেয়েছেন, শিক্ষকদের অপমানে তাতে রোমহর্ষক নতুন মাত্রা যুক্ত হয়েছে। তার পরে এসএসসির যোগ্য-অযোগ্য তালিকা সম্বন্ধে শুচিবাই তাঁদের নতুন করে অবিশ্বাসী করে তুলেছে। কারণ তাঁরা ভেবেছিলেন, ওটা তাঁদের অধিকার। কোন 'অযোগ্য'দের কারণে তাঁদের জীবন দুর্বিষহ হল, তা তাঁরা জানবেন না কেন? অথচ মুখ্যমন্ত্রী শিক্ষামন্ত্রী সবাই তাঁদের ছেলেমানুষ ভেবে পিঠ চাপড়ে বলছেন, 'যোগ্য-অযোগ্যের' তালিকা নিয়ে তাঁদের মাথা ঘামানোর দরকার নেই। তাঁরা কি ভুলেও এ কথা বলবেন যে, অযোগ্যরা তাঁদের দলের লোকেদের টাকা দিয়ে চাকরি পেয়েছে, তাঁরাই পুরো বিপর্যয়ের আসামি? বঞ্চিত শিক্ষকেরা তাই সল্টলেকের আচার্য ভবনের সামনে খোলা রাস্তায় দিনরাত্রি অবস্থানের পরিকল্পনা নিয়েছেন।


আশ্চর্য কথা হল, 'পাশে-থাকা' সরকার তাঁদের এবার বিশুদ্ধ শত্রুপক্ষ হিসেবেই ধরে নিয়েছে। শিক্ষকেরা পথে, ফুটপাথে, কাগজ বা প্লাস্টিক বিছিয়ে পড়ে আছেন, তাঁদের শারীরিক সুবিধার জন্য পাছে তাঁরা পাশের পেট্রোল পাম্পের টয়লেট ব্যবহার করেন সেজন্য পুলিশ সেগুলিতে তালা ঝুলিয়ে দিয়েছে, তাঁদের অস্তিত্ব যথাসম্ভব কষ্টকর ও দুঃসহনীয় করার পরিকল্পনায় পুলিশ ব্রতী। সেখানে তারা বায়ো-ল্যাট্রিন আনতে বাধা দিয়েছে, পাশে টিয়ারগ্যাস ইত্যাদি অভ্যর্থনার অস্ত্র নিয়ে তারা সদা প্রস্তুত।

এই ক'দিনেই সরকার বুঝিয়ে দিয়েছে যে, পশ্চিম বাংলায় শিক্ষক হয়ে যদি সরকারকে তোষণ না করে তবে তার জীবনে অভিশাপ নেমে আসবে। লাঠি, লাথির স্বাদ তারা এর মধ্যেই পেয়েছে, তার চেয়েও সাংঘাতিক বিপত্তি তাঁদের ঘটে যেতে পারে।

তবু সল্টলেকের প্রতিবেশীরা, নানা গণসংগঠন, অভয়া-আন্দোলনের সদস্যরা, খাদ্য ও অন্যান্য সহায়তা নিয়ে এগিয়ে এসেছেন। সেটা একটা আশ্বাস। কিন্তু এই বৃদ্ধ শিক্ষককে যে শিক্ষকদের এই বিপুল অসম্মান আর দুর্গতির ছবি বেঁচে থেকে দেখতে হল, এর জন্যে সে কাকে ধন্যবাদ জানাবে?


*(লেখক শিক্ষাবিদ, সাহিত্যিক)*

## আজ



**১৯৭৫**

ঔপন্যাসিক ফাল্গুনী মুখোপাধ্যায় প্রয়াত হন আজকের দিনে।



**১৯৪৮**

শিল্পী গিরিজাশংকর চক্রবর্তী প্রয়াত হন আজকের দিনে।

## আলোচিত



শুধু নিরীহ পর্যটকদের ওপর নয়, দেশের শত্রুরা ভারতের আত্মার উপর হামলা করার দুঃসাহস দেখিয়েছে। যে সন্ত্রাসবাদীরা এই হামলা ঘটিয়েছে এবং যারা এই হামলার ষড়যন্ত্র করেছে, তারা এমন শাস্তি পাবে, যা তাদের কল্পনারও অতীত।


- নরেন্দ্র মোদি

## ভাইরাল/১



বেডে শুয়ে রোগী। টুলে বসে সুচ ও সুতো দিয়ে সার্জারিতে ব্যস্ত মেডিকেল স্টুডেন্ট। তবে না, তিনি কারও অপারেশন করছেন না। তাঁর চপ্পল ছিঁড়ে গিয়েছিল। অপারেশনের সরঞ্জাম দিয়ে তিনি নিজের চপ্পল সেলাই করছেন। এমনই ভিডিও সমাজমাধ্যমে ভাইরাল।

## ভাইরাল/২



'সানডে হো ইয়া মানডে, রোজ খাও আন্ডে'। সম্প্রতি ডিমের এক রেসিপি আকর্ষণের কেন্দ্রবিন্দুতে। সামনে একটি মদের গ্লাস। দুটি ডিম ভেঙে পানীয়তে মেশান এক ব্যক্তি। এরপর ঢক ঢক করে খেয়ে ফেলেন ডিম-মদের মিশ্রণটি।

জনমন
জনমত

## নদী নয়, বিবেক সংস্কার জরুরি

শিলিগুড়ির মাননীয় মেয়র গৌতম দেব ও পশ্চিমবঙ্গ সেচ দপ্তরের সহায়তায় ফুলেশ্বরী সংস্কারের কাজ জোরকদমে চলছে। দীর্ঘ বছরের প্লাস্টিক-আবর্জনায় পূর্ণ নদী ফিরে পেতে চলেছে নবযৌবন। অথচ কিছু অসভ্য লোক প্রতিনিয়ত রাতের অন্ধকারে আবর্জনা ফেলছেন নদীতে। এই আবর্জনা ফেলা বন্ধের জন্য মাননীয় মেয়র বিভিন্ন সেতুর ওপর নেটের ব্যবস্থা করে দিয়েছেন। তারপরও আবর্জনা ফেলা বন্ধ করা যাচ্ছে না।

শিলিগুড়ি ঘোগোমালি বাজার সংলগ্ন এলাকায় সেতুর ওপর নেটের জাল থাকা সত্ত্বেও থার্মোকল, চট, মাছের আবর্জনা ফেলা হচ্ছে নদীতে। এছাড়া ৩৪ নম্বর ওয়ার্ডে নদীর কিছু অংশে কাঁচা পায়খানা ছিল। বর্তমানে আবারও কিছু জায়গায় ছেঁড়া চট দিয়ে ঘিরে নদীর মাঝখানে শৌচালয় তৈরি করা হচ্ছে। ফুলেশ্বরী নদীর পাড় চুরি হয়েছে অনেক আগেই। বর্তমানে নদীর পাড় দখলকারীদের থেকে চুরি করা নদীর পাড় ফিরিয়ে এনে নদী বড় করা খুবই প্রয়োজন।

শিলিগুড়ির মেয়রের উদ্যোগে নদী সংস্কার পুরোদমে এগিয়ে চললেও একশ্রেণির মানুষের দায়িত্বজ্ঞানহীনতার জন্য নদী একদিকে সাফ হচ্ছে, অন্যদিকে আবর্জনায় ভরছে। শিলিগুড়িকে সুন্দর রাখা, পরিচ্ছন্ন রাখা শুধু রাজ্য সরকার বা মেয়রের দায়িত্ব নয়, সবারই দায়িত্ব রয়েছে। তাই নদী সংস্কারের আগেও মানুষের বিবেক সংস্কার আগে জরুরি।

**বিমল বণিক, পশ্চিম ভক্তিনগর, শিলিগুড়ি।**

## কাঞ্চনজঙ্ঘায় পুনরায় চেয়ারকার চাই



আগে কাঞ্চনজঙ্ঘা ট্রেনটিতে চেয়ারকার থাকায় আমরা বিশেষ করে বয়স্ক মানুষ কত সুন্দরভাবে কলকাতা যাতায়াত করতাম। সাধারণ বগিতে বাদুড়ঝোলা অবস্থায় আমাদের যাত্রা করা কি সম্ভব? সবার রিজার্ভেশন কম্পার্টমেন্টে যাওয়ারও কি যোগ্যতা আছে?

সাধারণ মানুষের কথা চিন্তা করে বিশেষ করে আমার মতো বয়স্কদের কথা ভেবে কাঞ্চনজঙ্ঘা ট্রেনে পুনরায় চেয়ারকার চালু করার জন্য রেলের কাছে আর্জি জানাই। জনস্বার্থে এই আর্জি মঞ্জুর হলে কৃতজ্ঞ থাকব।

**দাসুদেব ঘোষ**
**ডালখোলা, উত্তর দিনাজপুর।**

সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, নেতাজি মোড়-৭৩২১০১, ফোন : ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ৯৮০০৫৮৫৯৫০ (বিজ্ঞাপন ও অফিস)। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯৫৬৪৫৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০৯৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

**Editor & Proprietor : Sabyasachi Talukdar**
**Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012/1980 and Postal Regn. No. WB/NBSR/D-03/2003-08. E.Mail : uttarbanga@hotmail.com, Website : http://www.uttarbangasambad.in**

# এই ধর্মীয় সন্ত্রাসের মহামারির শেষ কবে?

কাশ্মীরি সহকর্মীরা বহু সন্ত্রাসবাদী ঘটনা দেখেছেন। কিন্তু পর্যটকদের ওপর এই হামলা দেখে তাঁরাও হতভম্ব, স্তম্ভিত।

**বিকাশ দাস**





মঙ্গলবার সন্ধ্যায় ইউনিভার্সিটি থেকে ফিরে নিজের জন্য এককাপ চা তৈরি করছিলাম। সেই সময় এক অধ্যাপক সহকর্মী ফোন করে জানালেন পহলগামের ঘটনার কথা। তারপর থেকে আমার মোবাইল ফোনের ঘণ্টী অবিরাম বেজেই চলেছে। এক বছর আগে যখন কাশ্মীর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক পদে যোগ দেওয়ার নিয়োগপত্র পেয়েছিলাম, তখন শুভাকাঙ্ক্ষী মানুষজন একটু অমত করলেও একপ্রকার সেসব কথায় কান না দিয়েই ব্যাগপত্র গুছিয়ে কাশ্মীর এসেছি। আইআইটি গুয়াহাটিতে পিএইচডি শেষ করার এক মাসের মধ্যে বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার সুযোগ। চোখে আমার অনেক রঙিন স্বপ্ন। কালকের ঘটনার পরে সেই স্বপ্ন ফিকে হয়ে যায়নি ঠিকই, কিন্তু একটা ঝটকা অবশ্যই লেগেছে।

আমি কাশ্মীরে আসার পর গত এক বছরে এটা তৃতীয় ঘটনা। অক্টোবরে গান্দেরবাল জেলার শ্রীনগর-লেহ জাতীয় মহাসড়কের একটি সুড়ঙ্গ নির্মাণ স্থানে শ্রমিকদের তাঁবুতে সন্ত্রাসবাদীদের হামলায় ৭ জন নিহত হয়েছিলেন। নভেম্বরে বিখ্যাত লাল চকে সাপ্তাহিক রবিবারের হাটে গ্রেনেড হামলায় বারোজন সাধারণ নাগরিক আহত হয়েছিলেন। কিন্তু মঙ্গলবারের পহলগাম হামলার নৃশংসতা এবং ভয়াবহতা কয়েক শতগুণ বেশি।

আমার কাশ্মীরি সহকর্মীরা জীবনে কাশ্মীরে সন্ত্রাসবাদী ঘটনার অনেক কালো অধ্যায় দেখেছেন কিন্তু পর্যটকদের ওপর এই ধরনের হামলা দেখে তাঁরাও একপ্রকার হতভম্ব এবং স্তম্ভিত। তাঁরা বলছিলেন, বিগত কুড়ি-পঁচিশ বছরে এমন ঘটনার কথা তাঁরা মনে করতে পারছেন না। কয়েকদিন আগের হড়পা এবং পাহাড়ে ধসের কারণে শ্রীনগর-জম্মু মহাসড়ক একপ্রকার বিচ্ছিন্ন। শ্রীনগর থেকে দেশের অন্য প্রান্তে ট্রেন চালু হওয়ার কথা গত কয়েক মাস থেকে আকাশে ভাসলেও সেটা আজও চালু হয়নি। এই ঘটনার পরে নিরাপত্তার খাতিরে ট্রেন চালু হওয়া আরও বিলম্বিত হবে। শ্রীনগর বিমানবন্দরের বাইরে পর্যটকদের ভিড় বাড়ছেই। পর্যটকরা ফিরতে মরিয়া।

এই দৃশ্য কাশ্মীরের অর্থনীতি যা মূলত পর্যটনশিল্প কেন্দ্রিক তার ওপর অদূরভবিষ্যতে গভীর প্রভাব ফেলবে। যা দেখে কাশ্মীরের মুখ্যমন্ত্রী দুঃখ এবং অনুশোচনা প্রকাশ করেছেন। সাধারণ মানুষ প্রতিবাদে পথে নেমেছেন। শ্রীনগরের দোকানপাট, ব্যবসা, গাড়ি, বাস, সহ, স্কুল, কলেজ এবং বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান আজ সম্পূর্ণ বন্ধ ছিল। চারিদিকে এক থমথমে চাপা পরিবেশ। ছাত্রছাত্রীরা এই বর্বরোচিত ঘটনার প্রতিবাদে এক মৌনমিছিলে অংশগ্রহণ করে।

আমাদের বিশ্ববিদ্যালয়ের একটা বিশাল সংখ্যক ছাত্রছাত্রী ওড়িশা, কেরল, ঝাড়খণ্ড, অসম এবং পশ্চিমবঙ্গের বাসিন্দা। বাড়ি থেকে হাজার মাইল দূরে এঁরা দুই চোখে অনেক স্বপ্ন নিয়ে কাশ্মীর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা অর্জনের জন্য এসেছে। যাদের অনেকের মনেই আজ আমি এক অজানা আতঙ্কের ছায়া দেখেছি। এই নবীন প্রাণগুলির শিক্ষক এবং অভিভাবক হিসাবে আমাদের দায়িত্ব শুধু ক্লাসরুমের মধ্যেই সীমাবদ্ধ নয়। নিজেদের সীমাবদ্ধতা সরিয়ে রেখে আমারা চেষ্টা করছি এদের মনে সাহস জোগাতে, এদের ভরসা দিতে। বুধবার বিকেলে শুনলাম যে, বিশ্ববিদ্যালয়ের এক জরুরি মিটিংয়ে স্থির হয়েছে আগামীকাল থেকে হয়তো আগামী ছয় সপ্তাহের জন্য শুধু ছাত্রছাত্রীদের ছুটি দিয়ে দেওয়া হবে এবং পঠনপাঠন আবার করোনা অতিমারির মতো অনলাইনে হবে। করোনা অতিমারি সময়ের সঙ্গে দুই-তিন বছরে শেষ হয়ে গিয়েছে কিন্তু তারপরেও সাধারণ ক্লাসরুম শিক্ষা ব্যবস্থায় ফিরতে সময় লেগেছে অনেক। কিন্তু এই অনিশ্চয়তা আর ধর্মীয় সন্ত্রাসের মহামারি কবে শেষ হবে? উত্তরটা আজ খুবই আবছা মনে হচ্ছে।

*(লেখক শ্রীনগরের বাসিন্দা। কাশ্মীর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক)*

**সম্পাদকীয় বিভাগে লেখা পাঠান। ৪০০ শব্দের মধ্যে। ইউনিকোডে ডক ফাইলে লেখা পাঠান। মেল—ubsedit@gmail.com**

## শব্দরঙ্গ ■ ৪১২৪

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ★ | ১ | | ২ | ★ | ৩ | ৪ | ★ |
| ★ | | ★ | ৫ | | ★ | | ★ |
| ★ | | ★ | | ★ | ৬ | | ৭ |
| ★ | ৮ | | | ★ | ★ | ★ | |
| ৯ | ★ | ★ | ★ | ১০ | | ১১ | ★ |
| ১২ | ১৩ | | ★ | | ★ | | ★ |
| ★ | | ★ | ১৪ | | ★ | | ★ |
| ★ | ১৫ | | ★ | ১৬ | | | ★ |

**পাশাপাশি :** ১। চুলদাড়ি কাটা যে মুসলমানের পেশা ৩। ফুলের অংশ ৫। জাম, বা জামরুল ৬। আমের গন্ধে যে পতঙ্গ ছুটে আসে ৮। লজ্জার বিষয় ১০। নৌকার পাল ১২। মুসলমানদের ধর্মগুরু ১৪। রামের বাবা দশরথের ঠাকুরদা ১৫। ফুল অথবা পাখিও হতে পারে ১৬। নৃত্যশিল্পীদের পায়ের নূপুর।

**উপর-নীচ :** ১। ব্যাবিলনের রাজা আইনকে প্রথম লিখিত রূপ দেন ২। টেকসই, শক্ত ৪। যে অল্পেতে রেগে যায় ৭। যে ব্যক্তি কানে শোনেন না ৯। আশকারা দেওয়া ১০। বাড়ির দুষ্টু ব্যক্তি যাকে সহজে এড়ানো বা তাড়ানো যায় না ১১। মৌচাকের সঙ্গে এর সম্পর্ক আছে ১৩। বসন্ত ঋতুতে অন্য যে নামে ডাকা হয়।

**সমাধান ■ ৪১২৩**

**পাশাপাশি :** ১। পতাকা ৩। কোটনামি ৪। তলবি ৫। দাবিদার ৭। চীর ১০। দস্তা ১২। হড়বড় ১৪। মোহনা ১৫। ছন্নছাড়া ১৬। নামতা।

**উপর-নীচ :** ১। পর্ণমোচী ২। কাতলা ৩। কোবিদার ৬। দায়াদ ৮। রগড় ৯। আড়মোড়া ১১। স্তাবকতা ১৩। জেনানা।

## ভালো খবর



### নিঃশব্দ বিপ্লব

অন্ধ্রপ্রদেশের অনন্তপুর জেলার খরাপ্রবণ এলাকা কুরুগুন্টায় নিঃশব্দে বিপ্লব ঘটাচ্ছেন মহিলারা। গোষ্ঠীবদ্ধভাবে জৈব চাষ করে রুক্ষ গ্রামের চেহারা পালটে দিয়েছেন স্বামীহারা, সহায়সম্বলহীন মায়েরা। চাষবাসে ব্যাপক ক্ষতির জেরে একসময় আত্মহত্যার হিড়িক লাগে এই গ্রামে। কমে যায় পুরুষের সংখ্যা। সেখানেই এখন নারীরা শুধুমাত্র ফসল ফলাচ্ছেন তাই-ই নয়, আত্মনির্ভরতার পাঠও দিচ্ছেন।

# গুলির লড়াইয়ে শহিদ বাঙালি সেনা




**শ্রীনগর ও কলকাতা, ২৪ এপ্রিল:** পহলগামে জঙ্গিদের ৪৮ ঘণ্টা আক্রমণের পর জম্মু ও কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের গুলিতে নিহত হলেন নদিয়ার পাথরঘাটার বাসিন্দা, ভারতীয় সেনার প্যারাকমান্ডো ঝন্টু আলি শেখ। পহলগাম কাণ্ডের পর জম্মু-কাশ্মীরের বিভিন্ন প্রান্তে জঙ্গিদের খোঁজে চিরুনি তল্লাশি চালাচ্ছে সেনাবাহিনী। উধমপুরে জঙ্গিদের আশ্রয় নেওয়ার খবর পেয়েই বৃহস্পতিবার সকালে সেখানে অভিযানে গিয়েছিল সেনা এবং পুলিশের যৌথবাহিনী। সেই দলেই ছিলেন ঝন্টু।

সেনাবাহিনী জানায়, 'সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বৃহস্পতিবার ডুডু-বসন্তগড় এলাকায় সেনা ও জম্মু-কাশ্মীর পুলিশের যৌথ অভিযানের সময় জঙ্গিদের সঙ্গে সংঘর্ষ শুরু হয়। শুরুতেই ঝন্টু শেখ গুরুতর আহত হন এবং পরে চিকিৎসাধীন অবস্থায় শহিদ হন।'

বসন্তগড় এলাকায় দু'পক্ষের গুলির লড়াইয়ে হাবিলদার ঝন্টু আহত হন। গুরুতর জখম অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসা চলাকালীন মৃত্যু হয় তাঁর। খবর পেয়েই বৃহস্পতিবার দুপুরে নিহত সেনা কমান্ডোর পরিবারের সঙ্গে টেলিফোনে কথা বলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। হাবিলদার ঝন্টু জম্মুর নাগ্রোটা-স্থিত ১৬ নম্বর কোরের কমান্ডো ছিলেন। 'হোয়াইট নাইট কোর' হিসাবে এই বাহিনী পরিচিত।

বৃহস্পতিবার সেনার হোয়াইট নাইট কোর এক্স-এ পোস্ট করে লিখেছে, '৬ প্যারা এসএফ-এর বীর হাবিলদার ঝন্টু আলি শেখকে স্যালুট। সন্ত্রাসবিরোধী অভিযানে সর্বোচ্চ আত্মত্যাগ করেছেন তিনি। তাঁর অদম্য সাহস ও বীরত্ব চিরস্মরণীয়। আমরা তাঁর শোকসন্তপ্ত পরিবারের পাশে আছি।'

শহিদ জওয়ান ঝন্টুর প্রতি শ্রদ্ধা জানিয়ে তৃণমূল কংগ্রেস নেত্রী ও কৃষ্ণনগরের সাংসদ মহুয়া মৈত্রও এক্স-এ লেখেন, 'উধমপুরে সেনা ও জঙ্গিদের গুলির লড়াইয়ে শহিদ হলেন কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের পাথরঘাটা গ্রামের বাসিন্দা হাবিলদার ঝন্টু আলি শেখ। তাঁর আত্মা শান্তি পাক।' ঝন্টুর মৃত্যুর খবর পেয়ে কান্নায় ভেঙে পড়ে ঝন্টুর পরিবার। ঝন্টুর বয়স ৩৬ বছর। পরিবার নিয়ে আগ্রায় থাকতেন। তাঁর স্ত্রী এবং এক ছেলে ও মেয়ে রয়েছে। বৃহস্পতিবার স্থানীয় বিধায়ক তাপস কুমার সাহা শহিদ জওয়ানের পরিবারের সঙ্গে দেখা করে সমবেদনা জানান ও সবরকম সাহায্যের আশ্বাস দেন। ঝন্টুর মৃত্যুর পর তাঁর ছেলেমেয়ের কী হবে তা ভেবেই কেঁদে আকুল পড়শিরা।

পহলগামে জঙ্গি হামলায় হামলাকারীদের সন্ধানে সেদিন বিকাল থেকেই আশপাশের পাহাড়, জঙ্গল ঘিরে চিরুনি তল্লাশি অভিযান শুরু করে সেনা, রাষ্ট্রীয় রাইফেলস এবং সিআরপিএফের যৌথবাহিনী।

পুঞ্চেও বৃহস্পতিবার সকাল থেকে সন্দেহভাজন জঙ্গিদের খোঁজে অভিযানে নামে সেনা। লাসানার জঙ্গলে জঙ্গিদের খোঁজ চলছে। স্থানীয়দের কাছ থেকে খবর পেয়েই সকালে ওই এলাকায় পৌঁছোয় বাহিনী। দিনভর তল্লাশি অভিযান চালানো হয়। ১৫ এপ্রিল এই জঙ্গলেই নিরাপত্তাবাহিনী এবং জঙ্গিদের সংঘর্ষ হয়েছিল। এক জওয়ান সেই ঘটনায় আহত হন।

এছাড়া জম্মু-রাজৌরি-পুঞ্চগামী প্রতিটা রাস্তায় জোরদার তল্লাশি চলছে। মুঘল রোডেও নজরদারি চালাচ্ছে সেনা। বুধবার উরি হয়ে দুই সন্দেহভাজন জঙ্গি ভারতে ঢোকার চেষ্টা করছিল। কিন্তু সেই অনুপ্রবেশ রুখে দেয় সেনা। দুই জঙ্গিকে হত্যা করা হয়।

# সিন্ধু চুক্তি রদে সংকটে পাকিস্তান

**নয়াদিল্লি, ২৪ এপ্রিল :** জম্মু ও কাশ্মীরের পহলগামে নিরীহ পর্যটকদের হত্যাকাণ্ডের পর খাদের কিনারায় পৌঁছে গিয়েছে ভারত-পাকিস্তান সম্পর্ক। হামলার কয়েক ঘণ্টার মধ্যে পাকিস্তানের বিরুদ্ধে ৬টি পদক্ষেপ করেছে ভারত। পাক দূতাবাসের সিংহভাগ কর্মীকে দেশে ফেরত পাঠানো, সেদেশের নিরাপত্তা আধিকারিকদের ভারত ছাড়ার নির্দেশ, ইসলামাবাদে মোতায়েন ভারতীয় কূটনীতিকদের দেশে ফিরিয়ে আনা, পাকিস্তানিদের জন্য সার্ক ভিসা বাতিল, আটারি সীমান্ত দিয়ে বাণিজ্য বন্ধের মতো সিদ্ধান্তের পাশাপাশি সিন্ধু জলচুক্তি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্র।




- চুক্তির শর্ত মেনে জল বণ্টনের বাধ্যবাধকতা থাকল না
- আপাতত পাকিস্তানে প্রবাহিত জলের ৫-১০ শতাংশ নিয়ন্ত্রণ করতে পারে ভারত
- অদূরভবিষ্যতে সিন্ধুর ভারতীয় অংশে বাঁধ তৈরির সম্ভাবনা
- সেক্ষেত্রে জলের পুরো নিয়ন্ত্রণ ভারতের কাছে থাকবে




- ভেঙে পড়বে পাক পঞ্জাবের কৃষি ব্যবস্থা
- সব বড় শহরে দেখা দেবে জলসংকট

আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞদের মতে, এ পর্যন্ত ভারতের তরফে পাকিস্তানের বিরুদ্ধে যতগুলি পদক্ষেপ করা হয়েছে, তার মধ্যে জলচুক্তি বাতিল সবচেয়ে গুরুত্বপূর্ণ। কারণ, এর ওপর দীর্ঘমেয়াদে পাকিস্তানের টিকে থাকা নির্ভর করছে। ১৯৬০-এ স্বাক্ষরিত সিন্ধু জলচুক্তি অনুযায়ী সিন্ধু, ঝিলম ও চন্দ্রভাগা নদীর জল ব্যবহারের অধিকার রয়েছে পাকিস্তানের। বিপরীতে ইরাবতী, বিপাশা ও শতদ্রুর জলের অধিকার রয়েছে ভারতের কাছে। যদিও সবকটি নদীই ভারতের মধ্যে দিয়ে পাকিস্তানে প্রবেশ করেছে। অর্থাৎ, উজানের দেশ হিসাবে ৬টি নদীর জলের প্রবাহ নিয়ন্ত্রণের ক্ষমতা রয়েছে ভারতের।

সাড়ে ৬ দশক আগে হওয়া চুক্তিকে মান্যতা দিয়ে এতদিন সিন্ধু, ঝিলম ও চন্দ্রভাগা নদীর ওপর বাঁধ দেয়নি ভারত। মঙ্গলবারের জঙ্গি হামলার পর সিন্ধু চুক্তি স্থগিত করার কারণে ভারতের সামনে আর সিন্ধুর জলপ্রবাহ অবাধ রাখার বাধ্যবাধকতা নেই। অদূর ভবিষ্যতে ভারত সিন্ধুতে বাঁধ দিলে জলশূন্য হয়ে পড়বে পাকিস্তানের পঞ্জাব প্রদেশ। সেদেশের কৃষিপণ্যের পাঁচ ভাগের চার ভাগ জোগান আসে এই রাজ্যটি থেকে। সিন্ধুর মূল প্রবাহ থেকে সেচখালের মাধ্যমে চাষ হয় পাক পঞ্জাবে। জল না পেলে ভেঙে পড়বে পাকিস্তানের কৃষি ব্যবস্থা, যার ওপর সেদেশের ৭০ শতাংশ মানুষের রুজি-রুটি নির্ভর করছে। এছাড়া পঞ্জাব ও সিন্ধু প্রদেশের সবকটি বড় শহর জল সরবরাহের জন্য সিন্ধুর ওপর নির্ভর করে। এর থেকেই সিন্ধু জলচুক্তির গুরুত্ব বোঝা যায়।

যে কারণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিবৃতির পরেই তড়িঘড়ি বয়ান জারি করেছে পাকিস্তানের বিদেশমন্ত্রক। মন্ত্রকের মুখপাত্র মুহাম্মদ ফয়সাল বৃহস্পতিবার এক সাংবাদিক বৈঠকে বলেছেন, 'বিশ্বব্যাংকের মধ্যস্থতায় ১৯৬০-এ সিন্ধু জলচুক্তির ফলে সিন্ধু সহ ৩টি নদীর জলের ওপর পাকিস্তানের অধিকার রয়েছে। সেই জল অন্যখাতে প্রবাহের চেষ্টা হলে তা পাকিস্তানের বিরুদ্ধে আগ্রাসন হিসাবে গণ্য করা হবে।' ভারত অবশ্য সেই হুঁশিয়ারিকে গুরুত্ব দিচ্ছে না। বিশেষজ্ঞদের মতে, ভারত সিন্ধু জলচুক্তি থেকে বেরিয়ে এলে শুরুতেই পাকিস্তানের অংশে জলপ্রবাহে তেমন ফারাক পড়বে না। ভারত বড়জোর ৫-১০ শতাংশ জলপ্রবাহ নিয়ন্ত্রণ করতে পারবে। কিন্তু আর্থিক সামর্থ্য থাকায় সংশ্লিষ্ট নদীগুলিতে কয়েক বছরের মধ্যে বাঁধ দিতে পারে ভারত। তখন পরিস্থিতি সম্পূর্ণ বদলে যাবে। তাই এখন থেকেই সিঁদুরে মেঘ দেখছে পাকিস্তান।

# সীমান্ত পেরিয়ে পাক সেনার হাতে আটক বিএসএফ জওয়ান

**নয়াদিল্লি, ২৪ এপ্রিল :** পহলগাও হামলার জেরে ভাঙনের মুখে ভারত-পাকিস্তান সম্পর্ক। সীমান্তের দু'পারেই সামরিক প্রস্তুতি শুরু হয়েছে জোরকদমে। এমন একটা সময়ে ভুল করে সীমান্ত পেরিয়ে পাকিস্তানের সীমান্তরক্ষী বাহিনী রেঞ্জার্সের হাতে ধরা পড়লেন এক বিএসএফ জওয়ান। নাম পিকে সিং। বিএসএফের ১৮২ নম্বর ব্যাটালিয়নের কনস্টেবল পিকে সিং পঞ্জাবের ফিরোজপুর সেক্টরে মোতায়েন ছিলেন। বৃহস্পতিবার টহলদারির সময় ভুলবশত সীমান্তের ওপারে চলে যান তিনি। সঙ্গে সঙ্গে তাঁকে আটক করে রেঞ্জার্স। ঘটনার কথা জানতে পেরে রেঞ্জার্সের সঙ্গে ফ্ল্যাগ মিটিং শুরু করেছে বিএসএফ।

স্থানীয় সূত্রে খবর, এদিন সীমান্তবর্তী গ্রামের ভারতীয় কৃষকদের সঙ্গে কথা বলছিলেন পিকে সিং। চড়া রোদ থেকে বাঁচতে সামনে থাকা একটি বড় গাছের নীচে গিয়ে দাঁড়ান তিনি। বুঝতে পারেননি যে গাছটি পাকিস্তানের মধ্যে রয়েছে। কাছেই ওঁত পেতে থাকা রেঞ্জার্স জওয়ানরা তাঁকে আটক করে। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর তরফে জানানো হয়েছে, স্থানীয় গ্রামবাসী ও নিরাপত্তাকর্মীদের ভুল করে সীমান্ত পার হওয়া নতুন কিছু নয়। দু'দেশের সীমান্তরক্ষী বাহিনী নিজেদের মধ্যে আলোচনার মাধ্যমে এ ধরনের সমস্যা মিটিয়ে নেয়। তবে এদিন রাত পর্যন্ত আটক বিএসএফ জওয়ানকে মুক্তি দেয়নি পাক রেঞ্জার্স।


*হামলায় নিহত শুভম দ্বিবেদীর মরদেহর সামনে কান্না স্ত্রীর। কানপুরে।*

# হাজার মাওবাদীকে ঘিরে আধাসেনা

**রায়পুর, ২৪ এপ্রিল :** মাওবাদীদের বিরুদ্ধে সবচেয়ে বড় অভিযান শুরু হয়েছে ছত্তিশগড়ের বিজাপুরে। ছত্তিশগড়-তেলেঙ্গানা সীমানায় অবস্থিত বিজাপুরের কারেগুট্টা পাহাড়ে মাওবাদীদের জমায়েতের খবর পেয়ে মঙ্গলবার তল্লাশি শুরু করেছিল দুই রাজ্যের পুলিশ। তাদের সঙ্গে যোগ দিয়েছে মহারাষ্ট্র পুলিশের সশস্ত্র বাহিনী এবং আধাসেনা। সব মিলিয়ে ২০ হাজার নিরাপত্তাকর্মী গত ৪৮ ঘণ্টা ধরে কারেগুট্টা পাহাড় ঘিরে রেখেছে।

প্রশাসনিক সূত্রে খবর, মাওবাদীদের তরফে বিরাট জমায়েতের খবর পেয়েই এত বড় যৌথ বাহিনী গঠন করা হয়েছে। কারেগুট্টায় ঘাঁটি গেড়ে থাকা মাওবাদীর সংখ্যা হাজারের কম নয় বলে মনে করা হচ্ছে। সরকারি বাহিনীর ঘেরাটোপে আটকে পড়া মাওবাদীদের মধ্যে সংগঠনের অন্যতম শীর্ষ কমান্ডার হিদমা এবং ব্যাটালিয়ন প্রধান দেবা সহ বেশ কয়েকজন নেতা রয়েছে। তাদের ঘিরে বহু স্তরীয় প্রতিরোধ-বলয় তৈরি করেছে মাওবাদীরা। পরিস্থিতির গুরুত্ব আঁচ করে পুলিশ ও আধাসেনার সঙ্গে ছত্তিশগড়ের জেলা রিজার্ভ গার্ড, বস্তার ফাইটার্স এবং স্পেশাল টাস্ক ফোর্সকেও ওই এলাকায় পাঠানো হয়েছে।

গত ২৪ ঘণ্টা যৌথ বাহিনীর সঙ্গে সংঘর্ষে অন্তত ৫ জন মাওবাদীর মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। ঘন জঙ্গল ও পাহাড়-ঘেরা কারেগুট্টা মাওবাদীদের শেষ আশ্রয়স্থলগুলির একটি। কয়েকদিন

**অভিযানে ২০ হাজার পুলিশ, আধাসেনা**

আগে তারা এক বিবৃতি জারি করে জানিয়েছিল, সেখানে প্রচুর আইইডি পোঁতা হয়েছে। গ্রামবাসীরা যেন ওই অঞ্চল এড়িয়ে চলেন। তারপরই কারেগুট্টায় অভিযান শুরু করেছে কেন্দ্র ও ৩ রাজ্যের বাহিনী। ২০২৬-এর ৩১ মার্চের মধ্যে দেশকে মাওবাদীমুক্ত করার ডাক দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। চলতি বছর এ পর্যন্ত নিরাপত্তা বাহিনীর সঙ্গে লড়াইয়ে দেড়শো মাওবাদী প্রাণ হারিয়েছে। শুধু ছত্তিশগড়ে মৃত্যু হয়েছে ১২৪ জন মাওবাদীর।

# পাকিস্তানি সীমার ভবিষ্যৎ অনিশ্চিত

**নয়াদিল্লি ও লখনউ, ২৪ এপ্রিল :** পহলগামে জঙ্গিহানাকে কেন্দ্র করে পাকিস্তানিদের ভারত ছাড়ার নির্দেশ দিয়েছে মোদি সরকার। এই আবহে উত্তরপ্রদেশে বসবাসরত সীমা হায়দরের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ল। অনলাইন গেমে বন্ধুত্ব হওয়া নয়ডার শচীন রানার প্রেমে পাগল পাকিস্তানের সীমা বেআইনিভাবে নেপাল দিয়ে যোগীরাজ্যে প্রবেশ করেন। তিনি শচীন মিনাকে বিয়ে করেন। তাঁদের সন্তান আছে। ভারতীয়কে বিয়ে করলেও সীমা এখনও পর্যন্ত এদেশের নাগরিকত্ব পাননি। তাহলে সীমাকে পাকিস্তানে চলে যেতে হবে? দিল্লি হাইকোর্টের আইনজীবী আবু বকর সব্বক জানিয়েছেন, কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী, ভারত থেকে সব পাকিস্তানি নাগরিককে চলে যেতে হবে, যা সীমা হায়দরের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে। তিনি এও জানিয়েছেন, এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নির্ভর করবে উত্তরপ্রদেশ সরকারের দৃষ্টিভঙ্গির ওপর। সীমা ভারতীয় নাগরিককে বিয়ে করেছেন। তাঁর সন্তান আছে। তাই তাঁর বিরুদ্ধে কোনও পদক্ষেপ রাজ্য সরকারের প্রতিবেদনের ওপর নির্ভর করবে। সীমার নাগরিকত্ব পর্যালোচনাধীন।

## হামলার পর স্থানীয়দের ক্ষোভের আঁচ দেরাদুন, প্রয়াগরাজে

# কাশ্মীরি পড়ুয়াদের কলেজ ছাড়ার ফতোয়া

**নয়াদিল্লি, ২৪ এপ্রিল :** পহলগামে নারকীয় হামলা এবং তার জেরে পর্যটকদের ভূস্বর্গ ছাড়ার হিড়িক দেখে কাশ্মীরের সাধারণ মানুষ যে ভয়টা পাচ্ছিলেন, সেটাই একটু একটু করে ঘটতে শুরু করেছে। পহলগাম সন্ত্রাসের জেরে দেশের বিভিন্ন রাজ্যের শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠরত কাশ্মীরি মুসলিম পড়ুয়াদের রাতারাতি কলেজ ছাড়ার ফতোয়া জারি করেছে হিন্দুত্ববাদী সংগঠনগুলি। একই দশা ভিনরাজ্যে কর্মরত কাশ্মীরি মুসলিম শ্রমিকদেরও। এই পরিস্থিতিতে নিজেদের ভবিষ্যৎ নিয়ে অজানা আতঙ্কে দিন কাটাচ্ছেন তাঁরা। ভিনরাজ্যে থাকা কাশ্মীরিদের নিরাপত্তার বন্দোবস্ত করার আর্জি জানিয়েছেন জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাও। তিনি বলেছেন, 'আমি দেশের জনগণের কাছে অনুরোধ করতে চাই, দয়া করে এটা ভাববেন না যে কাশ্মীরিরা আপনাদের শত্রু। আমরা এর জন্য (পহলগাম হামলা) দোষী নই। গত ৩৫ বছর ধরে আমরা এর জন্য ভুগছি।' কিন্তু কাশ্মীরিদের সামগ্রিক পরিস্থিতি যে ক্রমশ খারাপের দিকে যাচ্ছে, সেটা বুঝতে অসুবিধা হচ্ছে না ওয়াকিবহাল মহলের।

কুপওয়ারার বাসিন্দা ইমরান দেরাদুনের একটি বিশ্ববিদ্যালয়ের বিএসসি প্যারামেডিকেল পড়ুয়া। বুধবার রাত ২টোয় তাঁকে একটি ভিডিওবার্তা পাঠিয়েছে হিন্দু রক্ষা দল নামে একটি সংগঠন। ওই সংগঠনের এক সদস্য ইমরানকে বৃহস্পতিবার সকাল ১০টার মধ্যে বিশ্ববিদ্যালয় ছেড়ে চলে যাওয়ার জন্য শাসিয়েছেন। প্রাণভয়ে দেরাদুন বিমানবন্দরে পৌঁছে তিনি বলেন, 'আমাদের সিইও-ও কলেজ ছেড়ে চলে যেতে বলেছেন। তিনি বলেছেন, 'পরিস্থিতি আগামী দিনে আরও খারাপ হতে পারে। সবকিছু স্বাভাবিক হলে আমরা আবার ফিরে আসতে পারব।' ইমরানের মতো আরও কাশ্মীরি মুসলিম পড়ুয়া দেরাদুনে পড়াশোনা করছেন, তাঁরাও পড়াশোনা ফেলে ঘরে ফেরার পথ ধরছেন। হিন্দু সংগঠনের এক নেতা ভিডিওবার্তায় বলেছেন, 'আমরা যদি একজনও কাশ্মীরি মুসলিমকে দেরাদুনে আগামীকাল দেখতে পাই, তাহলে আমরা ওঁদের রোগ সারিয়ে দেব। আমরা শুধুমাত্র সরকারের ওপর নির্ভর করে বসে থাকব না। আমরা কাপুরুষের মতো বাঁচতে চাই না। কাশ্মীরি পড়ুয়াদের কাছে বৃহস্পতিবার সকাল ১০টা পর্যন্ত সময় রয়েছে। ব্যাগপত্র গুছিয়ে আপনারা ফিরে যান।'

এই অবস্থায় কাশ্মীরে পড়ুয়াদের বাবা-মায়েরাও সন্তানদের নিয়ে চিন্তায় পড়েছেন।



দিল্লির জম্মু ও কাশ্মীরের রেসিডেন্ট কমিশনের তরফেও হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। জে অ্যান্ড কে স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের (জেকেএসএ) জাতীয় আহ্বায়ক নাসির খুহামি বলেন, 'উত্তরপ্রদেশ, হিমাচলপ্রদেশ, পঞ্জাব, উত্তরাখণ্ড এবং জম্মু সহ দেশের বিভিন্ন রাজ্যে কাশ্মীরি পড়ুয়াদের হেনস্তা করার ৮টি ঘটনা ঘটেছে। আমরা রাজ্যের মন্ত্রীদের সঙ্গে কথা বলে অবিলম্বে ব্যবস্থা নিতে বলেছি।' কাশ্মীরি পড়ুয়াদের ঘরবন্দি থাকতে বলেছে তারা। হেল্পলাইন নম্বরও চালু করা হয়েছে সংগঠনের পক্ষ থেকে। অন্যদিকে প্রয়াগরাজের একটি কাঠ কাটার কারখানায় কাজ করেন কাশ্মীরের দুই মুসলিম তরুণ। তাঁদের মধ্যে একজন বলেন, 'আমাদের ম্যানেজার বাড়ির বাইরে বেরোতে নিষেধ করেছেন। আমার সহকর্মী নিরাপত্তার খাতিরে ইতিমধ্যে বাড়ির দিকে রওনা হয়ে গিয়েছেন।' দেরাদুন শুধু নয়, কাশ্মীরি পড়ুয়াদের বাড়ি ছাড়ার ফতোয়া দেওয়া হয়েছে প্রয়াগরাজেও। বহু কাশ্মীরি পড়ুয়া বাড়ি ভাড়া নিয়ে থাকেন। তাঁদের বাড়ির মালিকরা বাড়ি তো বটেই, শহরও ছেড়ে দিতে বলেছেন। প্রয়াগরাজ আর তাঁদের পক্ষে নিরাপদ নয় বলেও জানিয়ে দিয়েছেন বাড়ির মালিকরা। জেকেএসএ-র তরফে অভিযোগ করা হয়েছে, চণ্ডীগড়ে মধ্যরাতে হস্টেলে ঢুকে কাশ্মীরি পড়ুয়াদের ওপর ধারালো অস্ত্র নিয়ে হামলা হয়েছে।

এই অবস্থায় জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা বলেছেন, 'আমাদের সরকার অন্য রাজ্যগুলির সরকারের সঙ্গে যোগাযোগ রাখছে। বিভিন্ন রাজ্যে যে সমস্ত কাশ্মীরি রয়েছেন, তাঁদের নিরাপত্তায় সেই সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীকে অতিরিক্ত নজর দেওয়ার আর্জি জানিয়েছি।'

# ট্রেকিং অ্যাপ হয়ে ওঠে জঙ্গিদের ডিজিটাল অস্ত্র

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ২৪ এপ্রিল :** জম্মু ও কাশ্মীরের নয়নাভিরাম পর্যটনকেন্দ্র পহলগামের শান্ত-নিভৃত পরিবেশ আচমকা কেঁপে উঠেছিল বুলেটের শব্দে। ২৮ জন নিরীহের প্রাণহানিতে গোটা দেশ যখন শোকে ও ক্ষোভে উত্তাল, ঠিক তখনই কেন্দ্রীয় তদন্তে উঠে এসেছে এক চাঞ্চল্যকর তথ্য- এই হামলা শুধু বন্দুকের ছিল না, এর পিছনে ছিল এক অত্যাধুনিক প্রযুক্তির ছায়াও।

তদন্তকারী সংস্থা ইতিমধ্যেই তিনজন জঙ্গির স্কেচ প্রকাশ করেছে। তবে শুধু তিনজন জঙ্গিই নয়, পহলগামের ঘটনায় পর্দার আড়ালে রয়েছে আরও তিনজন। বৈসরণ পার্কের বাইরে দু-জন চা বিক্রেতা আর একজন ভেলপুরিওয়ালা ঘটনার পর থেকেই নিখোঁজ। কেন্দ্রীয় গোয়েন্দা সূত্রে খবর, খোঁজ চলছে এই তিনজনের। কারণ, তারাই এই ঘটনার পটভূমি তৈরি করে দিয়েছে। গোয়েন্দাদের অনুমান, এরাই ছিল পহলগাম ঘটনার মেন হ্যান্ডলার।

বিভিন্ন সূত্রের খবর, পর্যটকদের ওপর হামলা চালানোর জন্য জঙ্গিরা ব্যবহার করেছিল 'অ্যালপাইন কোয়েস্ট' নামের একটি অ্যাপ, যা সাধারণত পাহাড়ি ট্রেকিং বা অভিযানের জন্য ব্যবহৃত হয়। কিন্তু এবার সেই অ্যাপই পরিণত হয়েছে একটি প্রাণঘাতী হাতিয়ারে। ঘন জঙ্গলের গোপন পথ ধরে হামলাকারীরা যে নিখুঁতভাবে পর্যটকদের অবস্থানে পৌঁছে যায়, তার নেপথ্যে ছিল এই অ্যাপের দিকনির্দেশ।

এই অ্যাপ অফলাইনে কাজ করে, অর্থাৎ মোবাইল নেটওয়ার্ক না থাকলেও এটি তার কার্যক্ষমতা বজায় রাখে। ফলে সেনাবাহিনীর নজর এড়িয়ে জঙ্গিরা নির্ভুলভাবে গন্তব্যে পৌঁছে যেতে পেরেছে। তদন্তকারী সংস্থার প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, এই হামলা ছিল একেবারে পরিকল্পিত এবং প্রযুক্তিনির্ভর। পাকিস্তানের সেনাবাহিনী ও আইএসআই-এর প্রত্যক্ষ মদতেই সীমান্তপারে জঙ্গিদের প্রশিক্ষণ দেওয়া হয়। পাকিস্তান থেকেই 'হ্যান্ডলার'রা রিয়েল-টাইমে নির্দেশ দিচ্ছিল আর অ্যালপাইন কোয়েস্ট-এর মাধ্যমে জঙ্গিরা পেয়েছিল নিখুঁত নেভিগেশন সাপোর্ট।

এই অ্যাপের অফলাইন সংস্করণে আগেভাগেই সংরক্ষিত ছিল সিআরপিএফ ক্যাম্প, ব্যারিকেড, নদী-নালা, এমনকি গুহার অবস্থানও। শুধু পহলগাম নয়, এর আগেও জম্মু এবং কাঠুয়ায় হামলার সময় এই অ্যাপ ব্যবহারের প্রমাণ মিলেছে।



অনেকে মনে করেন, জঙ্গিরা গুগল ম্যাপ ব্যবহার করে থাকে। কিন্তু এখন দেখা যাচ্ছে, তারা আরও উন্নত এবং ট্র্যাকিং এড়ানো যায় এমন অ্যাপ বেছে নিচ্ছে। অ্যালপাইন কোয়েস্ট-এর মতো সাধারণ এক ট্রেকিং অ্যাপ এখন হয়ে উঠেছে এক 'ডিজিটাল অস্ত্র'। এর মাধ্যমে একদিকে যেমন জঙ্গিরা নির্ভুলভাবে পথ খুঁজে নিচ্ছে, তেমনই তারা 'ওভারগ্রাউন্ড ওয়ার্কার'দের সাহায্য ছাড়াও আত্মনির্ভর হয়ে উঠছে।

জানা গিয়েছে, জঙ্গিরা যখন বৈসরণ এলাকায় পৌঁছায়, তখন তারা পর্যটকদের থামিয়ে প্রথমে ধর্ম জানতে চায়, এরপর আচমকাই শুরু হয় গুলি-বৃষ্টি। এই নৃশংস দৃশ্যের ভিডিও এবং বিবরণ ছড়িয়ে পড়তেই দেশজুড়ে শোকের সঙ্গে ছড়িয়ে পড়ে ক্ষোভ। সেনাবাহিনী, এনআইএ সহ একাধিক সংস্থা জঙ্গিদের ঘাঁটি চিহ্নিত করতে অভিযান জোরদার করেছে।

তবে এই হামলা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। এটি এক নতুন প্রজন্মের সন্ত্রাসবাদের দিক দেখাচ্ছে, যেখানে স্মার্টফোন, এনক্রিপ্টেড অ্যাপ, অফলাইন ম্যাপ- সব মিলিয়ে তৈরি হচ্ছে নতুন যুদ্ধের রূপরেখা। আজকের জঙ্গিরা শুধু বন্দুক নয়, প্রযুক্তি-নির্ভর ডিজিটাল যুদ্ধেও সমান পারদর্শী হয়ে উঠছে।

ভারতের নিরাপত্তা ব্যবস্থা তাই শুধু সীমান্তে নয়, এখন সাইবার ও ডিজিটাল প্রযুক্তির ক্ষেত্রেও শক্তিশালী হওয়া জরুরি। কারণ ভবিষ্যতের যুদ্ধক্ষেত্র হতে চলেছে অনলাইন আর অফলাইন- দুটোই।

# মানুষ মরলেই আসেন ছবি তুলতে, ক্ষোভ কাশ্মীরে

**আহমেদাবাদ, ২৪ এপ্রিল :** স্বামীর শেষকৃত্যে কেন্দ্রীয় মন্ত্রীকে দেখেই তেলেবেগুনে জ্বলে উঠলেন তরুণী। শোক ছাপিয়ে ফুটে বেরোল তীব্র ক্ষোভ। যেন জ্বালামুখ খুলে গেল ভিসুভিয়াসের। কাশ্মীরের পহলগামে জঙ্গি হামলায় নিহত গুজরাটের শৈলেশ হিম্মতভাই কালথিয়ার বিধবা স্ত্রী শীতলবেন তীক্ষ্ণ প্রশ্ন ছুড়ে দিলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা রাজ্য বিজেপির সভাপতি সিআর পাতিলের দিকে। তরুণীর প্রশ্ন, 'ভিআইপিরা গেলে চারপাশে গাড়ি, হেলিকপ্টার, নিরাপত্তা—সব থাকে। আর আমরা? আমাদের জন্য তো কিছুই ছিল না। সেনা, পুলিশ, এমনকি প্রাথমিক চিকিৎসাও না! সব সুরক্ষা কি কেবল ভিআইপিদের জন্যই?'

নিহত শৈলেশের অন্ত্যেষ্টি অনুষ্ঠানে সুরাটে বৃহস্পতিবার যোগ দেন পাতিল ছাড়াও শতাধিক শোকাহত মানুষ। স্বামীর মরদেহ জড়িয়ে অঝোরে কাঁদছিলেন শীতলবেন। অস্বস্তি কাটিয়ে তাঁকে সান্ত্বনা দেওয়ার চেষ্টা করেছিলেন বিজেপি মন্ত্রী। কিন্তু তাঁকে থামিয়ে দিয়ে শীতলবেন বলেন, তিনি গণহত্যার সাক্ষী। তাঁর চোখের সামনেই খুন করা হয়েছে শৈলেশকে। তখন কোথায় কে! তাঁর কথায়, 'আমরা তাড়াহুড়ো করে নীচে নেমে এলাম। যারা ওপরে ছিল, তাদের কী হল কেউ জানে না।'

পরিস্থিতি উত্তপ্ত দেখে কেউ কেউ থামাতে যান সদ্য বিধবাকে। সকলকে সরিয়ে দিয়ে শীতলবেন বলতে থাকেন, 'সব সময় সরকার শুধু বলে 'করব, করব'। কিন্তু কিচ্ছু করে না। এত কিছু ঘটে গিয়েছে, তবুও কোনও পরিবর্তন হয়নি।' একটু থেমে বলেন, 'আমার স্বামী এত বছর দেশের জন্য কাজ করেছেন, আমরা নিয়ম করে কর দিয়েছি। এখন বলুন তো, আমার ছেলের ভবিষ্যৎ কী? আমি ওকে ইঞ্জিনিয়ার বানাতে চেয়েছিলাম, মেয়েকে ডাক্তার—এখন কীভাবে কী হবে?'

সরকারের ক্ষতিপূরণের কথা শুনে তিনি বলেন, 'আমার সংসারের স্তম্ভটা ভেঙে গিয়েছে। শুধু ওকে ফেরত দিন, আর কিছু চাই না।... যদি সরকার শুধু নিজের লোকদের রক্ষা করতে চায়, তাহলে আমাদের ভোটের আশা করবেন না। আমরা আর এই সরকারকে ভোট দেব না।'

শীতলবেন বলেন, 'যখন দরকার ছিল, তখন সেনা ছিল না। পরে তো রাস্তায় শত শত জওয়ান দাঁড়িয়ে ছিল—তাতে কী লাভ?' নেতারা তাঁকে থামাতে চাইলে তিনি স্পষ্ট বলেন, 'না স্যর, শুনতেই হবে। যখন প্রাণ চলে যায়, তখনই তো সরকার আসে ছবি তুলতে। কিন্তু তখন তো কিছু করার থাকে না।' শেষে তাঁর কণ্ঠে ভেসে আসে নিঃসঙ্গ আর্তনাদ, 'এই জায়গাটা (পহলগাম) বন্ধ করে দেওয়া উচিত। এটা কি পর্যটন কেন্দ্র, নাকি মরণকূপ?'

# বিরিয়ানির নুনেই পহলগামে প্রাণ বাঁচল এক দম্পতির

**তিরুবনন্তপুরম, ২৪ এপ্রিল :** মঙ্গলবার নির্ধারিত সময়ে পহলগামের বৈসরণ উপত্যকায় পৌঁছোলে তাঁদেরও হয়তো প্রাণ যেত জঙ্গিদের গুলিতে। কিন্তু তাঁদের বাঁচিয়ে দেন রেস্তোরাঁর রাঁধুনি! বিরিয়ানিতে নুন বেশি হওয়ায় তা মুখে তুলতে পারেননি কেরলের কান্নুরের এক দম্পতি। নতুন করে খাবার বানিয়ে মধ্যাহ্নভোজ সেরে বৈসরণ উপত্যকায় যেতে তাঁদের ঘণ্টাখানেক দেরি হয়ে যায়। আর তাতেই প্রাণরক্ষা হয় কেরলের মেয়ে লাবণ্য ও তাঁর স্বামীর।

বরাত জোরে বেঁচে যায় এক শিশু সহ ২৩ জনের কেরলের একটি দল। ওই দলটি ওইদিন বৈসরণ উপত্যকায় যাওয়ার জন্য তৈরি হয়েছিল। কিন্তু টাট্টুওয়ালারা ভাড়া বেশি চাওয়ায় শেষ পর্যন্ত আর যেতে পারেনি তারা। আর তাতেই বেঁচে গিয়েছে ২৩ জনের প্রাণ। হুগলির চঞ্চল দে ও তাঁর পরিবার ওইদিন কাছাকাছি একটি ট্যাক্সি স্ট্যান্ডে ছিলেন। হঠাৎ করে মানুষজনকে দৌড়োতে দেখেন। স্থানীয়দের পরামর্শে দ্রুত হোটেলে ফিরে যান তাঁরা। ধারাশিব জেলার দুটি পরিবারও ঘটনাস্থল থেকে মাত্র কয়েক কিমি দূরে ছিলেন। গাড়িচালক মজিদ খান নিজের ঘরে তাঁদের আশ্রয় দেন। সাংলির সন্তোষ জাগদাল ঘোড়া না পাওয়ায় তিনি অন্যদিকে ঘুরতে চলে যান এবং এই কারণে হামলার মুখে পড়েননি। পরে তাঁর নামের এক ব্যক্তি নিহত হওয়ায় ভুলবশত তাঁর আত্মীয়রা ভেবেছিলেন, তিনিই মারা গিয়েছেন।

মহারাষ্ট্রের নান্দেদের বাসিন্দা কৃষ্ণ ও সাক্ষী লোলাগে হামলার মাত্র ১৫ মিনিট আগে বৈসরণ উপত্যকা ছাড়েন।

নবদম্পতি পরিণয় ও মানালি ঠাকুরও ২২ এপ্রিল ছিলেন ঘটনাস্থলে। সন্দেহজনক পরিবেশ দেখে তাঁরা হোটেলে ফিরে আসেন। পরে এক মুসলিম গাড়িচালক ও স্থানীয় বিজেপি নেতার সহায়তায় তাঁরা মুম্বই ফিরে যান।

***মৃত্যুর আগে আর্জি ভরত ভূষণের :*** সবুজ ঘাসে মোড়া পহলগামের বৈসরণে তিন বছরের ছেলেকে নিয়ে টাট্টুতে চেপে গিয়েছিলেন সস্ত্রীক ভরত ভূষণ। টাট্টু থেকে নেমে ছবি তোলায় মেতে ছিলেন তাঁরা। খেলছিলেন সন্তানের সঙ্গে। হঠাৎ গুলির আওয়াজ। বিশাল মাঠের মাঝামাঝি অংশের ডানদিকে ছিলেন তাঁরা। মাথার ওপর বন্দুক উঁচিয়ে জঙ্গি। মৃত্যুর মুখে দাঁড়িয়ে ভরত। কী করবেন? সন্তানের জন্য কাতর হয়ে প্রাণভিক্ষা চেয়েছিলেন। সেই ভয়ংকর মুহূর্তে বছর ৩৫-এর ভরত কাতরভাবে বলেছিলেন, 'আমার তিন বছরের সন্তান আছে।' স্ত্রী সুজাতা জানিয়েছেন, নিজের জন্য নয়, উনি জীবন ভিক্ষা চেয়েছিলেন সন্তানের জন্য। তাঁর মাথায় গুলি করা হয়। ছুটি কাটাতে পহলগামে এসে প্রাণ হারালেন ভরত।



# বিষয় পরিচিতি এবং আরও খুঁটিনাটি বায়োটেকনলজি

ডঃ রণধীর চক্রবর্তী
অধ্যাপক, বায়োটেকনলজি বিভাগ
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়



বাণিজ্যিক উপায়ে বন্যপ্রাণ ও পাখির প্রজনন থেকে কৃষিবিজ্ঞান, পরিবেশ সংক্রান্ত সমস্যার সমাধান, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি নিয়ে গবেষণা এবং শিল্প প্রক্রিয়া- সবমিলিয়ে মানব সভ্যতার উন্নয়নে গভীর প্রভাব ফেলে বায়োটেকনলজি। বর্তমানে কাজের দুনিয়ায় যে ক্ষেত্রের বিশেষজ্ঞদের চাহিদা বাড়ছে, তার মধ্যে অন্যতম জৈবপ্রযুক্তি, যা জীববিজ্ঞান আর প্রযুক্তির সংমিশ্রণ। স্নাতক স্তরে বিএসসি এবং বিটেক, দু'ধরনের ডিগ্রি পড়া যায় বায়োটেকনলজি নিয়ে।

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর (এমএসসি) ও পিএইচডি ডিগ্রির কোর্স চালু রয়েছে। ভৌতবিজ্ঞানের যে কোনও শাখা অর্থাৎ ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক এবং জীবনবিজ্ঞানের যে কোনও বিষয় অর্থাৎ বোটানি, জুলজি, বায়োলজি, বায়োটেকনলজি, মাইক্রোবায়োলজি নিয়ে স্নাতক পাশ করলে বায়োটেকনলজি নিয়ে এমএসসিতে ভর্তি হওয়া যায়। বায়োটেকনলজি নিয়ে স্নাতকের সুযোগ উত্তরের কোনও সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে নেই।

উত্তরবঙ্গ ছাড়া রাজ্যে যাদবপুর, কলকাতা, বিশ্বভারতী, প্রেসিডেন্সি এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ে জৈবপ্রযুক্তি পড়ানো হয়। এছাড়া আইআইটি খড়্গপুরে বিটেক ও এমটেক কোর্স চালু রয়েছে। আইআইসিবি (ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিকেল বায়োলজি), আইআইএসইআর(ইন্ডিয়ান ইনস্টিটিউটস অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ) কলকাতা ও বোস ইনস্টিটিউট-এ গবেষণার সুযোগ রয়েছে। এমএসসি'র পাশাপাশি এসব প্রতিষ্ঠানে কয়েকমাসের ইন্টার্নশিপও করা যায়। তবে উত্তরবঙ্গে এ ধরনের প্রতিষ্ঠান না থাকায় এখানকার পড়ুয়াদের কিছুটা অসুবিধে হয়। এছাড়া পশ্চিমবঙ্গে একাধিক বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে বায়োটেকনলজি পড়ানো হয়।

### ব্যাচেলর ইন সায়েন্স (বিএসসি)

## সিলেবাস

বায়োকেমিস্ট্রি (জীবন্ত প্রাণীর মধ্যে রাসায়নিক প্রক্রিয়ার অধ্যয়ন), জেনেটিক্স (জিন, বংশগতি এবং জীববৈচিত্র্য), মলিকিউলার বায়োলজি (জীববৈজ্ঞানিক প্রক্রিয়ার আণবিক ক্রিয়াকলাপের অনুসন্ধান), মাইক্রোবায়োলজি (ব্যাকটিরিয়া, ভাইরাস এবং ফাঙ্গির মতো ক্ষুদ্রজীব নিয়ে পড়াশোনা), সেল বায়োলজি (কোষের গঠন ও কার্যকারিতার খোঁজ), ইমিউনোলজি (রোগ প্রতিরোধকারী সিস্টেম এবং তার প্রতিক্রিয়া), এনভায়রনমেন্টাল বায়োটেকনলজি (পরিবেশগত সমস্যা সমাধানে বায়োটেকনলজির ব্যবহার), প্লান্ট বায়োটেকনলজি, অ্যানিমাল বায়োটেকনলজি ইত্যাদি।

## যোগ্যতা

দ্বাদশের সাবজেক্ট কম্বিনেশনে পদার্থবিদ্যা, রসায়ন ও জীববিজ্ঞান থাকতে হবে। কিছু প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে কম্বিনেশনে অঙ্কও বাধ্যতামূলক।

## কাজের সুযোগ

ফার্মাসিউটিক্যাল, স্বাস্থ্যসেবা, কৃষি, খাদ্য প্রক্রিয়াকরণ এবং পরিবেশ সংরক্ষণের মতো ক্ষেত্রে কাজের সুযোগ রয়েছে। বিশ্ববিদ্যালয় বা বেসরকারি



সংস্থার ল্যাবে গবেষণায় সহকারী হিসেবে নিয়োগ মেলে। বায়োটেক কোম্পানিতে বায়ো সায়েন্টিস্ট হিসেবে তথ্য বিশ্লেষণ, বায়োটেক ও ফার্মাসিউটিক্যাল সংস্থায় পণ্যের গুণমান যাচাই ও নিয়ন্ত্রক, ড্রাগ ডেভেলপমেন্টের সঙ্গে সম্পর্কিত ক্লিনিক্যাল পরীক্ষা এবং গবেষণায় সাহায্য ইত্যাদি চাকরির বিকল্প রয়েছে।

### ব্যাচেলর ইন টেকনলজি (বিটেক)

## সিলেবাস

বায়ো প্রসেস ইঞ্জিনিয়ারিং (জীববিজ্ঞানের বিভিন্ন পদ্ধতি বিশ্লেষণ করে প্রক্রিয়ার ডিজাইন এবং ডেভেলপমেন্ট), বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, জেনেটিক ইঞ্জিনিয়ারিং (গবেষণা এবং শিল্পের স্বার্থে জীবের জিনের পরিবর্তন ও সেই সংক্রান্ত গবেষণা), বায়োইনফরম্যাটিক্স (জীববিজ্ঞান সংক্রান্ত তথ্য পরিচালনা এবং বিশ্লেষণের জন্য কম্পিউটেশনাল সরঞ্জামের ব্যবহার), বায়োফিজিক্স (জীববৈজ্ঞানিক ঘটনা পড়তে পদার্থবিজ্ঞানের প্রয়োগ), এনজাইম টেকনলজি (এনজাইম বা উৎসেচক নিয়ে পড়াশোনা এবং শিল্পে সেটার ব্যবহার), ফারমেন্টেশন টেকনলজি (রাসায়নিক, ওষুধ এবং খাদ্য উৎপাদনের জন্য ফারমেন্টেশন প্রয়োগ), ন্যানোবায়োটেকনলজি।

## যোগ্যতা

দ্বাদশের সাবজেক্ট কম্বিনেশনে পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান ও অঙ্ক থাকতে হবে।

## প্রবেশিকা পরীক্ষা

আইআইটি, এনআইটি-র মতো প্রতিষ্ঠানে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় (জেইই মেইন, অ্যাডভান্স) ভর্তি নেওয়া হয়। বাকি প্রতিষ্ঠানে রাজ্য জয়েন্টের মাধ্যমেও ভর্তির সুযোগ মেলে।

## কাজের সুযোগ

বায়োপ্রসেস ইঞ্জিনিয়ার (ফার্মাসিউটিক্যাল, খাদ্য ও বায়োফুয়েল শিল্পে নিয়োগ), বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার (চিকিৎসা যন্ত্রপাতি, কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ ও ডায়াগনস্টিক সরঞ্জাম তৈরি) বায়োটেক কনসালট্যান্ট (বিভিন্ন সংস্থায় পরামর্শদাতা) ইত্যাদি।

## উচ্চশিক্ষা

বিভিন্ন রাজ্য ও কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে বায়োটেকনলজি বা আনুষঙ্গিক বিষয়ে এমএসসি, এমটেক ও পিএইচডি করা যেতে পারে। মলিকিউলার বায়োলজি, জেনেটিক্স, নিউরোসায়েন্স, বায়োকেমিস্ট্রি, বায়োফিজিক্স-এর মতো বিষয়ে স্পেশালাইজেশন করা যায়। পিএইচডি করতে হলে ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট (নেট)-এ উত্তীর্ণ হতে হবে কিংবা দেওয়া যায় গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (গেট) পরীক্ষা। সিএসআইআর/ইউজিসি নেট, ডিবিটি (জেআরএফ) ও আইসিএমআর-এর মতো প্রতিষ্ঠান আলাদা আলাদা প্রবেশিকা পরীক্ষা পরিচালনা করে। আইআইটি'র ক্ষেত্রে হয় গেট।

স্নাতকোত্তর স্তরের প্রবেশিকা পরীক্ষার জন্য শুধুমাত্র কলেজের সিলেবাস পড়লে চলবে না। পড়তে হবে সংবাদপত্র, বিজ্ঞানের পত্রপত্রিকা। নজরে রাখতে হবে বিশ্বে বায়োটেকনলজি সংক্রান্ত নতুন কী ঘটছে, কী ধরনের গবেষণা চলছে।


এক্ষেত্রে সমস্যা রয়েছে বেশ কিছু। এক, ক্যাম্পাস প্লেসমেন্টের ওপর জোর দেওয়া দরকার। শিক্ষাপ্রতিষ্ঠান এবং নিয়োগকারী সংস্থাগুলোর মধ্যে মজবুত সম্পর্ক থাকতে হবে। দু'পক্ষের মধ্যে যোগাযোগে ফাঁক রয়ে যাচ্ছে। ফলে চাকরির বাজার থাকলেও সুযোগ পেতে সমস্যার মুখোমুখি হচ্ছে কিছু প্রতিষ্ঠান থেকে পাশ করা পড়ুয়া।

দুই, মানের তারতম্য। আইআইটি বা আইআইএসইআর-এর মতো প্রতিষ্ঠানের সিলেবাস তুলনামূলকভাবে কিছুটা শক্তপোক্ত হয়। কারণ, তাতে প্রয়োজনীয় সমস্ত বিষয় অন্তর্ভুক্ত থাকে। অথচ কিছু বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান বেশি সংখ্যক পড়ুয়া ভর্তি করানোর লক্ষ্যে সিলেবাস তুলনামূলক সহজ রাখে। ফলে একই কোর্স পাশ করা ছাত্রদের মধ্যে মানের তফাৎ থেকে যায়।

## সরকারি সহায়তা

কেন্দ্রীয় সরকারের ডিবিটি অর্থাৎ ডিপার্টমেন্ট অফ বায়োটেকনলজি এবং বায়োটেকনলজি ইন্ডাস্ট্রি রিসার্চ অ্যাসিস্ট্যান্স কাউন্সিল (বিআইআরএসি), এই দুটো প্রতিষ্ঠান থেকে গবেষণাক্ষেত্রে তহবিল পাওয়া যায়। প্রশিক্ষণ মেলে। বর্তমানে মেক ইন ইন্ডিয়া বা স্টার্টআপ ইন্ডিয়ায় জৈবপ্রযুক্তিভিত্তিক প্রকল্পকে উৎসাহ দেওয়া হচ্ছে ব্যাপকভাবে। আন্ত্রাপ্রেনর বা উদ্যোগপতি হিসেবে তুমি এখান থেকে সাহায্য পেতে পারো।

# চাকরি নয়, ঘোর আঁধার চারপাশে



জ্যোতির্ময় বিশ্বাস
গবেষক, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

বেশিদিন আগের কথা নয়। দেখতাম, আশপাশের পাড়া-মহল্লায় আমাদের কাকু কিংবা পিসির বয়সিরা বিএ, এমএ বা বিএড ইত্যাদি পাশ করে চাকরির পরীক্ষা দিচ্ছেন। চাকরি পাচ্ছেনও। কিংবা এ বছর না হলে পরের বছরের জন্য প্রস্তুত হচ্ছেন। কাকা-পিসিদের পর দাদা-দিদিদেরও দেখেছি। সেই সুবাদে ফি বছর স্কুল-কলেজে নতুন মাস্টারমশাই-দিদিমণি জয়েন করতেন। তাপস স্যার, সুচেতা ম্যাম, বিমল স্যার...।

তারপর তিস্তা, কালজানি বা ডুডুয়া দিয়ে বয়ে গিয়েছে অনেক জল। ওই দৃশ্য এখন বিরল। আমরা স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের চৌকাঠ পেরোলাম। এমএ, এমফিল, বিএড, কেউ বা আরেকটু এগিয়ে পিএইচডি! গবেষণাপত্র, সেমিনার, ওয়ার্কশপ- যোগ্যতা কম তো কিছু নয়। যাদের জন্মদিনে বাঁটুল দি গ্রেট উপহার দিয়ে লুচি খেয়ে আসতাম এই সেদিন, তারাও এখন একই পথে হেঁটে কখন যে আমাদের পাশে এসে দাঁড়িয়ে গিয়েছে, আগে বুঝতে পারিনি।

প্রশ্ন হল, আমরা কারা? এই যে প্রায় দুটো প্রজন্ম মিলেমিশে কার্যত দলা পাকিয়ে মণ্ড হয়ে গিয়েছি, আমরা এক ধরনের দর্শক। স্পেকটেটর! একটা বড়পর্দার সামনে আমাদের দাঁড় করিয়ে দেওয়া হয়েছে। সেখানে নিয়ত অভূতপূর্ব চলমান চিত্রমালা- ২৬ হাজার চাকরি নাকচ, যোগ্য-অযোগ্যের ভেদ, র‍্যাংক জাম্প, বেপাত্তা ওএমআর শিট, মন্ত্রী জেলবন্দি, ভরসা রাখুন আশ্বাসের পাশাপাশি চক্রান্তের অভিযোগ ইত্যাদি ইত্যাদি। বাড়িতে বোঝাতে হয়, হবে কিছু একটা। আত্মীয়স্বজন জিজ্ঞেস করেন, কী হল! আমরা বলি, এই তো রিট পিটিশন হচ্ছে! আসলে কী হবে, আমরা জানিই না।

অনেকে মনে করেন, চাকরি অনেক আছে, আমরা পাচ্ছি না! আসলে বিকল্প কিছু ভাবছি না! বাইরের রাজ্যে চেষ্টা করছি না! অমুক রাজ্যে তো প্রচুর চাকরি- এসব শুনে মাথা ঝিমঝিম করে। অথচ স্কুল, কলেজ বা সরকারি দপ্তরগুলোতে প্রচুর শূন্যপদ। প্রয়োজন অনেক অস্থায়ী কর্মীর। সেজন্য পার্শ্বশিক্ষক দরকার। যোগ্যতা একই, কিন্তু পারিশ্রমিক উল্লেখ করার মতো নয়। কলেজে অতিথি শিক্ষক নিয়োগের বিজ্ঞাপনে ক্লাস প্রতি একশো, দেড়শো বা দুশো টাকা ভাতার ঘোষণা। পদ একটি থাকলে আবেদন শত শত। ভাগ্যে শিকে ছিঁড়লেও চাকরিটা নিরাপদ নয়।

এ এক বিশাল জাল। আমরা আটকা পড়েছি। বছরের পর বছর নিয়োগ থমকে। যৎসামান্য শূন্যপদে নিয়োগে হিমালয়সমান দুর্নীতি। এখন এসএসসি'র খবর সামনে আছে, খোঁজ নিলে দেখা যাবে একই ছবি ডব্লিউবিসিএস, কলেজ সার্ভিস কমিশনে। ডব্লিউবিসিএস প্রিলিমিনারিতে ডাহা ফেল করেও মেইনসে বসার সুযোগ মেলে। সব দেখেশুনে আমরা তো বটেই, আগামী প্রজন্মের অবস্থা ভাবতে ভয় লাগে। কোনও রাজনীতি এসব ভাববে কি না, বুঝতে পারি না। ঘোর আঁধারে সবাই!

### নতুনের ঠিকানায়

স্কুল, কলেজ কিংবা বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া তুমি? এই প্রজন্মের আগ্রহ, চিন্তাভাবনা, সমস্যা, পছন্দ-অপছন্দ থেকে রাজনীতি, সমাজনীতি কিংবা অর্থনীতি ইত্যাদি বিষয়ে নিজের আর নিজবয়সিদের মনের কথা তুলে ধরতে চাও? যে কোনও ইস্যু নিয়ে লিখতে পারো ক্যাম্পাস বিভাগে। সহজ-সরল বাংলায় নির্ভরযোগ্য তথ্যসমৃদ্ধ নিজের লেখাটি পাঠাতে পারো এই হোয়াটসঅ্যাপ নম্বরে- 8145553331. শব্দসংখ্যা ৪৫০-৫৫০। এমএস ওয়ার্ড কিংবা মেসেজ আকারে। বাছাই করা লেখা প্রকাশিত হবে 'ক্যাম্পাস' পাতায়।

# গাছের দেখভালে পুরস্কার, খেলাতেও সেরার শিরোপা



## সদর প্রাথমিক বালিকা বিদ্যালয়ে ভর্তি হতে হুড়োহুড়ি

শুভজিৎ দত্ত

জলপাইগুড়ির বরেণ্য সন্তান দেবেশ রায় লিখেছিলেন- 'তিস্তাপারের বৃত্তান্ত'। আজকের প্রতিবেদন তেমন কোনও উপন্যাস নয় বটে, তবে একে মেয়েদের শিক্ষার প্রসারে 'করলা পাড়ের বৃত্তান্ত' বলা যেতেই পারে। পড়াশোনা, খেলাধুলো ও সংস্কৃতি- শিশুদের সর্বাঙ্গীণ বিকাশে এই তিন ক্ষেত্রে গুরুত্ব দিতে দেড়শো বছর ধরে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে সদর প্রাথমিক বালিকা বিদ্যালয়। জলপাইগুড়ি শহরে করলা নদীর ধার ঘেঁষে অবস্থিত ওই স্কুলে বর্তমানে পড়ুয়া সংখ্যা ১২০০। প্রাথমিক স্তরে আর কোনও প্রতিষ্ঠানে একসঙ্গে এতজন পড়ুয়া থাকার নজির সম্ভবত নেই রাজ্যে।

১৮৭১ সালে পথ চলা শুরু। সুনীতিবালা সদর বালিকা উচ্চবিদ্যালয়ের ক্যাম্পাসে একই ভবনে প্রাথমিক স্কুলটি সকালের শিফটে চলে। প্রাক প্রাথমিক থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত ১৬টি সেকশন রয়েছে। একেকটিতে গড়ে ৭০ জন করে ছাত্রী। পরম মমতায় কুঁড়িদের বিকশিত করে তুলছেন ৩০ জন শিক্ষক-শিক্ষিকা। সকাল সাড়ে ৬টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত পঠনপাঠন চলে। ক্লাস শুরুর আগে জাতীয় সংগীতের পর একেকদিন একেকটি করে দেশাত্মবোধক গান গায় খুদেরা। রয়েছে স্কুলের থিমসং, 'আমাদের বিদ্যানিকেতন, আমাদেরই গৌরবের ধন...'

স্কুল ছাড়া বাইরে বাড়িতে ঠিকঠাক পড়াশোনা হয় কি না, তার খোঁজ নিতে প্রতিটি শ্রেণির সেকশনভিত্তিক একটি করে হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলা হয়েছে। সেখানে অভিভাবকদের কাছ থেকে ছাত্রীদের অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হয়। গোড়া থেকেই শিশুমনে সুস্থ সংস্কৃতির বীজ বপন করতে সারাবছর ধরে চলে নানা ধরনের কর্মকাণ্ড। কখনও রিডিং ফেস্টিভাল, কখনও ভার্চুয়ালি নাচ, গান, আবৃত্তি ও অঙ্কন প্রতিযোগিতা। সেই পর্যায়ে বেছে নেওয়া পড়ুয়াদের নিয়ে চূড়ান্ত প্রতিযোগিতা হয় অফলাইনে। এই উদ্যোগের নাম 'খুদে প্রতিভা অন্বেষণ'।

গত তিন বছর ধরে জুলাইয়ে 'বন মহোৎসব'-এ ছাত্রীদের দুটো করে চারা দেওয়া হয়। সেগুলো তারা রোপণ করে বাড়ি বা তার আশপাশে। তারপর থেকে কেমন অবস্থায় রয়েছে চারাটি, সেই সংক্রান্ত মাসিক রিপোর্ট দিতে হয় শিক্ষকদের। এজন্য পড়ুয়াদের রিপোর্ট কার্ড দেওয়া আছে। এক বছর পর যার গাছ যত বেশি বড় হয় এবং পাতা ধরে, সেই মানদণ্ডে দেওয়া হয় পুরস্কার। সবুজায়নের এই প্রচেষ্টার নাম রাখা হয়েছে 'সবুজ পৃথিবী'। ১১ মে মাতৃদিবসে আয়োজন হবে তৃতীয় ও চতুর্থ শ্রেণির পড়ুয়াদের নিয়ে প্রবন্ধ রচনা প্রতিযোগিতা। বিষয়, নিজের মা সম্পর্কে ৩০০ শব্দের মধ্যে লেখা। রয়েছে পুরস্কারও। এসবের পাশাপাশি ফি বছর ঘটা করে পালন করা হয় নবীনবরণ, ছাত্র সপ্তাহ ইত্যাদি অনুষ্ঠান।

খেলাধুলোতেও সমান উৎসাহ দেওয়া হয় খুদেদের। এ বছর রাজ্য স্তরের প্রাথমিক ক্রীড়ায় যোগাসনে অংশ নেওয়ার সুযোগ পেয়েছে চতুর্থ শ্রেণির হিয়া দাস। হিয়া এই নিয়ে তিনবার জেলা দলের হয়ে রাজ্য স্তরে প্রতিনিধিত্ব করল। জেলার ক্রীড়া প্রতিযোগিতায় জিমনাস্টিক্সে প্রথম হয়ে রাজ্যে খেলে এসেছে ওই শ্রেণির ধনুষ্কা তন্ত্র নামে আরেক ছাত্রী। এছাড়া টানা তিনবার সদর পূর্ব মণ্ডল শিক্ষা সার্কেলের ক্রীড়া প্রতিযোগিতায় সেরার পালক জুড়েছে এই স্কুলের মুকুটে।

রাজ্য সরকারি শিক্ষা ব্যবস্থায় এই বিদ্যালয় রোল মডেল। জনপ্রিয়তাও তাই ব্যাপক। জলপাইগুড়ি শহরের পাশাপাশি পাতকাটা, পাঙ্গাবটতলা, রানিনগর এমনকি বেরুবাড়ির মতো শহরতলির অভিভাবকদের একাংশ ভরসা রাখেন স্কুলটির ওপর। ভর্তির আবেদনের চাপ এতটাই যে, লটারি করতে হয়।

সীমিত সরকারি আর্থিক বরাদ্দ নিয়ে শিক্ষকরা সাধ্যমতো চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তবে কিছু সমস্যা রয়েছে। সেগুলো মূলত পরিকাঠামোকেন্দ্রিক। পড়ুয়াদের ভালোমতো বসতে দিতে হলে প্রয়োজন আরও অন্তত পাঁচটি শ্রেণিকক্ষ। নেই আলাদা খেলার মাঠ। মিড-ডে মিলের ডাইনিংরুমে স্থানাভাব। প্রধান শিক্ষক অরূপ দে'র কথায়, 'শিশুদের ভিত গড়ে দেওয়ার প্রচেষ্টায় আমরা খামতি রাখতে চাই না। শিক্ষা দপ্তর এই প্রয়োজনগুলো মেটালে ওদের সুবিধে হয়।'

## ক্যাম্পাস-কথা



# কলেজে আইনি ও আর্থিক সচেতনতা প্রচার

দামিনী সাহা

বিবেকানন্দ কলেজ

আলিপুরদুয়ার জেলার বিবেকানন্দ কলেজে পরপর দু'দিন দুটো আলোচনা শিবিরের আয়োজন করা হয়েছিল। একটির উদ্দেশ্য ছিল, আইনি সচেতনতা প্রচার এবং অপরটির মাধ্যমে পড়ুয়াদের মধ্যে আর্থিক সচেতনতা তৈরি করা।

মঙ্গলবার সেমিনার হলে জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ (ডিএলএসএ) এবং মহাবিদ্যালয়ের এনএসএস ইউনিট ১ ও ২-এর যৌথ উদ্যোগে আইনি সচেতনতা শিবিরটি হয়। সেখানে উপস্থিত ছিলেন মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট ডালিয়া ভট্টাচার্য ও আইনজীবী প্রতিভা সরকার, রিমি সরকার, দেবমিতা বিশ্বাস, তপোব্রত বর্মন।

পড়ুয়াদের বোঝানো হয়, কেউ সোশ্যাল মিডিয়ায় ভুয়ো প্রোফাইল খুলে হুমকি দিলে বা ব্ল্যাকমেল করলে, সেটা শুধু 'ডিলিট করে দিন' বলে মিটিয়ে নেওয়ার বিষয় নয়। সংশ্লিষ্ট ব্যক্তির উচিত, সাইবার পুলিশকে পুরো ঘটনা জানানো। এধরনের ক্ষেত্রে অভিযুক্তের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করা জরুরি।

ওই শিবিরে অংশ নিয়েছিলেন দর্শনের দ্বিতীয় বর্ষের পড়ুয়া এনএসএস-এর সদস্য সুদীপ্ত বর্মন। তাঁর অভিজ্ঞতায়, 'আমরা মাঝেমধ্যে শুনি, অনেকেই চাকরির ভুয়ো প্রতিশ্রুতি পেয়ে বিভিন্ন অনলাইন সংস্থাকে মোটা টাকা দেন। পরবর্তীতে প্রতারণা টের পেলে টাকা চাইলে আর ফেরত পান না। এমন ঘটনার পর তড়িঘড়ি থানায় এফআইআর করতে হবে। এব্যাপারে সংশ্লিষ্ট জেলার ডিএলএসএ-র মাধ্যমে বিনামূল্যে আইনি সহায়তা মেলে।' বিশেষ ট্রাইবিউনাল, লিগ্যাল এইড ক্লিনিক ও অনলাইনে অভিযোগ জানানোর পদ্ধতি নিয়েও বিস্তারিত আলোচনা হয় শিবিরে।

অঙ্কিতা কুণ্ডু নামে অপর পড়ুয়ার কথায়, 'অনেক সময় মহিলারা গার্হস্থ্য হিংসার শিকার হওয়ার পর কী করবেন, বুঝতে পারেন না। বিশেষজ্ঞরা জানালেন, ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাক্ট অনুযায়ী নির্যাতিতা বিনামূল্যে আইনজীবী পেতে পারেন। এটাও জানতে পারলাম যে, থানায় অভিযোগ না দায়ের করলেও সরাসরি আইনি পরিষেবা কেন্দ্রে গিয়ে সাহায্য চাওয়া যাবে।'

শিবিরে বোঝানো হয়েছে, কিশোর-কিশোরীদের মধ্যে 'ভালো ও খারাপ স্পর্শ' সম্পর্কে ধারণা তৈরির গুরুত্ব কতটা। পকসো আইনের আওতায় কী কী ঘটনা অপরাধ হিসেবে গণ্য হয়। ডিএলএসএ-র প্রতিনিধিরা জানিয়েছেন, আর্থিকভাবে দুর্বল, সংখ্যালঘু শ্রেণির মানুষ, প্রবীণ নাগরিক, মহিলা ও শিশুরা বিনামূল্যে আইনি পরিষেবা পেতে পারেন। শুধু নিজের সমস্যা নয়, অন্যের জন্যও সাহায্য চাওয়া যাবে।

বুধবার ভারতীয় রিজার্ভ ব্যাংক-এর উদ্যোগে এবং এনএসএস ইউনিট ১ ও ২-এর সহযোগিতায় হয় আর্থিক সাক্ষরতা বিষয়ক সচেতনতা শিবির। সেখানে মূল বক্তা হিসেবে ছিলেন রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া, কলকাতার সহকারী মহা-প্রবন্ধক অমিত দাস। তিনি সহজ-সরল ভাষায় ব্যাখ্যা করেন ব্যাংকের বিভিন্ন পরিষেবা, সঞ্চয় এবং বিনিয়োগের নিরাপদ উপায়, অনলাইন লেনদেনের নিরাপত্তা এবং গ্রাহকদের অধিকার ও প্রতারণা এড়ানোর পদ্ধতি নিয়ে। প্রায় ৩০ জন এনএসএস স্বেচ্ছাসেবক শিবিরে অংশগ্রহণ করেন। মূল বক্তৃতা শেষে ছিল ইন্টার‍্যাক্টিভ সেশন, সেখানে ছাত্রছাত্রীরা প্রশ্ন করেছেন বিভিন্ন বিষয়ে।



# পৃথিবী দিবসে সবুজায়নের বার্তা

সুভাষ বর্মন

শিলবাড়িহাট হাইস্কুল

আলিপুরদুয়ার-১ ব্লকের পলাশবাড়ির শিলবাড়িহাট হাইস্কুলের দ্বাদশ শ্রেণির পড়ুয়া মাধবী বর্মন, সনাতন বর্মনরা এতদিন পরিবেশ দিবস কিংবা শিক্ষক দিবসের কথা জানত। কিন্তু যে পৃথিবীতে সবাই বসবাস করে তার জন্য যে আলাদা একটি দিন রয়েছে তা তারা কেউ জানত না। গত ২২ এপ্রিল স্কুলে গিয়েই তাদের এই 'বিশ্ব পৃথিবী দিবস' নামক বিশেষ দিনটির সঙ্গে আলাপ হয়। সেদিনও স্বাভাবিকভাবেই সব পড়ুয়ারা স্কুলে এসেছিল। ক্লাসও হয় নিয়মমতো। তবে ওইদিন ক্লাসের ফাঁকেই পড়ুয়াদের মাঠে নিয়ে আসা হয়। তখনই তারা জানতে পারে যে দিনটি 'বিশ্ব পৃথিবী দিবস' এবং তারা স্কুলেই দিনটির বিশেষ গুরুত্ব বুঝে অভিভূত হয়েছে।

মাধবীদের ওইদিন বোঝানো হয় যে, পৃথিবী সকলের একমাত্র বাসস্থান। পৃথিবী থেকেই সকলে বায়ু, জল, খাদ্য পেয়ে জীবনধারণ করছে। কিন্তু মানুষই আজকাল নিজে পরিবেশকে দূষিত করছে। গাছ কেটে বন ধ্বংস করা হচ্ছে। নদীর দূষণও বাড়ছে। প্লাস্টিকের ব্যবহারও কমছে না। এভাবে দিন-দিন পৃথিবীর পরিবেশ দূষিত হচ্ছে। তাই বিশ্ব পৃথিবী দিবসে স্কুলের তরফে পড়ুয়াদের সেইসব বার্তাই দেওয়া হয়। স্কুল প্রাঙ্গণে একটি গাছের নীচে পড়ুয়ারা পৃথিবীর ছবি হাতে দাঁড়ায়। সেখানে স্কুলের প্রধান শিক্ষক পীযূষকুমার রায়, ভূগোলের শিক্ষক দীপঙ্কর সাহা রায়দের মতো অনেকেই দিনটির গুরুত্ব তুলে ধরেন। পড়ুয়াদের সচেতন করাই এই কর্মসূচির মূল উদ্দেশ্য বলে স্কুলের প্রধান শিক্ষক জানিয়েছেন।

অন্যদিকে, ভূগোলের শিক্ষক থার্মোকল দিয়ে তৈরি একটি মোটো দেখিয়ে ছাত্রছাত্রীদের অনেক কিছু বুঝিয়ে বলেন। আলোচনার পর পড়ুয়ারা বুঝতে পারে যতটা সম্ভব দূষণ রোধ করতে হবে। মাধবীর মতোই তিলোত্তমা বর্মন, সৌমিলী বর্মন, বিশাল ওরাওঁ, মামন বর্মন, কবিতা রায়, বৃষ্টি দে নামে পড়ুয়ারা উপলব্ধি করে যে পৃথিবীকে রক্ষা করতে হবে। গাছ লাগাতে হবে। প্লাস্টিকের ব্যবহার বন্ধ করতে হবে। এখনই যদি সচেতন না হওয়া যায় তাহলে ভবিষ্যৎ প্রজন্ম আরও বিপদের মুখে পড়বে।

# বৃষ্টিতে ভেজা, গল্পের বই পড়া আর নেই

# চুরি গিয়েছে ছুটি



**গরমের ছুটি মানেই একরাশ আনন্দ, হইহুল্লোড়। কেউ ঘুরতে যাবে বলে বাবা-মায়ের কাছে আবদার করত। আর যাদের ঘুরতে যাওয়ার প্ল্যান থাকত না তাদের ছুটি কাটত গল্পের বই পড়ে এবং খেলাধুলো করে। এখন ছুটির সেই উচ্ছ্বাস আর নেই বললেই চলে। ফোন আর পড়াশোনার চাপে হারিয়েছে শৈশব। এক সপ্তাহ পরেই গরমের ছুটি শুরু স্কুলে। কী প্ল্যান পড়ুয়াদের! শিক্ষকরাই বা কী বলছেন তাঁদের স্মৃতি থেকে, কথা বললেন উত্তরবঙ্গ সংবাদের প্রতিনিধি অনীক চৌধুরী।**





## খেলাধুলোর সময় পাব না

গরমের ছুটি পড়লেই কয়েকদিন পাহাড়ে যাব ঘুরতে। আগের থেকেই সব বুকিং করে রেখেছে বাবা। তারপর এসে টিউশন শুরু করব। ইচ্ছে আছে ছুটিতে যোগে ভর্তি হব। ফলে খেলাধুলোর সময়টা আর পাব না। আর অনেকটা বড় হয়ে গিয়েছি, খেলাধুলোর বয়স নেই। এখন থেকে পড়াশোনা না করলে পরে ডাক্তারি পরীক্ষার ফলাফল ভালো করতে পারব না।


সঞ্চিতা চৌধুরী *নবম শ্রেণি, গভর্নমেন্ট গার্লস হাইস্কুল*



## বাড়ির চারদিকে চারাগাছ লাগাব

গ্রীষ্মের ছুটিতে ঘুরতে যাওয়া হবে না এবার। কিন্তু ঠিক করেছি কিছু চারাগাছ বাড়ির চারদিকে লাগাব। এছাড়া, মায়ের কাছে শুনেছি তাঁরা এই ছুটিতে সরকারি গ্রন্থাগার থেকে বিভিন্ন বই এনে পড়তেন। আমিও সেটাই করব। আর আমার লিখতে ভালো লাগে, সেজন্য নিজের মতো করে গল্প লিখব। পাড়ায় বন্ধু নেই সেরকম। তাই খেলাধুলো করার লোকও নেই।

ঐন্দ্রিলা বসু
*অষ্টম শ্রেণি, সেন্ট্রাল গার্লস স্কুল*



## বিষ্ণুপুর ঘুরতে যাব

গরমের ছুটিতে পাপা আমাকে বিভিন্ন ঐতিহাসিক জায়গায় ঘুরতে নিয়ে যায়। এবার আমরা বিষ্ণুপুর যাচ্ছি। সেখানে সাতদিনের ট্যুর। ওই কয়েকদিন পাড়ার বন্ধুদের সঙ্গে ক্রিকেট খেলাটা মিস যাবে। তবে সেখান থেকে ফিরে ক্রিকেট শুরু আবার। সকালের দিকে পড়া সেরে মোবাইলে কিছু ওয়েব সিরিজ দেখব বলে ঠিক করেছি।

অনুভব সেন *দশম শ্রেণি অরবিন্দ মাধ্যমিক বিদ্যালয়*



## আনন্দ বাদ



খেলাধুলো, নাচগানের মাধ্যমে জীবনের সেই আনন্দের মুহূর্তগুলো আর উপভোগ করতে পারছে না কেউ। আমরা ছুটিতে লাইব্রেরি যেতাম, স্কুলের হোম টাস্ক করতাম। স্কুল খুললেই হাফ-ইয়ার্লি পরীক্ষা থাকত, তার প্রস্তুতি নিতাম। সময় পেলেই বন্ধুরা মিলে খেলাধুলো, বৃষ্টিতে ভেজা, আরও কত কী! এখন সকলে আনন্দ থেকে বাদ পড়ে যাচ্ছে।

মিতা রায় *শিক্ষিকা, যোগমায়া বালিকা বিদ্যালয়*



## মোবাইল, বাইকে আসক্তি

বর্তমানে ছাত্রসমাজ মোবাইল, বাইক, বিভিন্ন নেশায় শৈশবকে হারিয়ে ফেলছে। এই প্রতিযোগিতার যুগে পরীক্ষা শেষ হওয়ার আগেই চিন্তা পরবর্তীতে কী নিয়ে পড়বে? এসবের মাঝে ছুটির মজাটা আর হয় না। আমরা গরমের ছুটিতে মাঠে ধান বুনতাম, খেলতাম। যুগের সঙ্গে পরিবর্তন আসে, কিন্তু সম্পূর্ণটা বদলে যাওয়া একটু বিভ্রান্তিকর।

ধর্মচাদ বাড়ুই *প্রধান শিক্ষক জলপাইগুড়ি জিলা স্কুল*



## এখনই তো মজা করার সময়

আমার এই গরমের ছুটিতে অনেক প্ল্যান রয়েছে। দুই খুড়তুতো দাদার সঙ্গে আইপিএল দেখতে যাব। কলকাতা, দিঘা ঘুরব। বাড়ি থেকে একটু আপত্তি থাকলেও ওটা ম্যানেজ হয়ে গিয়েছে। ফিরে এসে পড়ার ব্যাচের থেকে দার্জিলিং ট্রিপ। পড়াশোনা যেমন করি তেমনই করব। ছুটি বলে এক্সট্রা কোচিং কিছু রয়েছে সেগুলোতে যাব। কিন্তু এত লম্বা ছুটি থাকলে শুধু পড়াশোনা করলে চলে নাকি। এখনই তো মজা করার সময়।

শতরূপ দাস *দ্বাদশ শ্রেণি, পূর্বাঞ্চল হাইস্কুল*

## পহলগামের ঘটনায় মিছিল

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** কাশ্মীরে জঙ্গিহানার প্রতিবাদে বৃহস্পতিবার জলপাইগুড়ি শহরজুড়ে একাধিক প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়েছিল। ঘটনার তীব্র নিন্দা করে জেলা ও দায়রা আদালতের সামনে সমবেত হয়ে দুই মিনিট নীরবতা পালন করলেন আইনজীবীরা। পুরসভার ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার স্বরূপ মণ্ডলের নেতৃত্বে নেতাজির মূর্তির পাদদেশে মোমবাতি জ্বালিয়ে প্রতিবাদ জানানো হয়।

তৃণমূল যুব কংগ্রেসের জেলা সভাপতি সন্দীপ ছেত্রীর নেতৃত্বে সমাজপাড়া মোড় থেকে থানা মোড় পর্যন্ত মোমবাতি হাতে মৌনমিছিল করা হয়। উপস্থিত ছিলেন তৃণমূলের জেলা সভানেত্রী মহুয়া গোপ, তৃণমূল রাজ্য যুব সাধারণ সম্পাদক অভিজিৎ সিনহা প্রমুখ। অন্যদিকে, জেলা যুব কংগ্রেস কমিটির পক্ষ থেকে রাহুত বাগান মোড়ে মোমবাতি মিছিল করা হয়।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে মশাল ও মোমবাতি হাতে মালবাজার হিন্দু সমাজের পক্ষ থেকে বৃহস্পতিবার সন্ধ্যায় একটি মৌনমিছিল বেরোয়। মিছিলটি রথখোলা মাঠ থেকে শুরু হয়ে ঘড়ি মোড়ে গিয়ে শেষ হয়। জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালের পড়ুয়ারা মোমবাতি হাতে পহলগামে নিহতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন।

## পুরসভা অভিযান সিপিএমের

**ধূপগুড়ি, ২৪ এপ্রিল :** বৃহস্পতিবার সিপিএমের ধূপগুড়ি এরিয়া কমিটির ডাকে পুরসভা অভিযান করা হয়। দ্রুত পুরভোট করা, ডাম্পিং গ্রাউন্ড চালু করা, পানীয় জলসংকট মেটানোর দাবি জানানো হয়। পুর প্রশাসক বোর্ডের কাছে ১৪ দফা দাবি সংবলিত দাবিপত্র দেওয়া হয়।

জেলা সিপিএম সম্পাদক পীযূষ মিশ্র সহ অন্য নেতারা এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন। সিপিএম নেতা-কর্মীরা কলেজ রোডের দলীয় দপ্তর থেকে মিছিল করে পুর ভবনে পৌঁছান। দলের ধূপগুড়ি এরিয়া কমিটির সম্পাদক জয়ন্ত মজুমদার বলেন, 'শাসকদল গণতান্ত্রিক ব্যবস্থাকে গলা টিপে বছরের পর বছর নির্লজ্জভাবে গায়ের জোরে পুরসভা দখলে রেখেছে। এই পরিস্থিতিতে নাগরিক পরিষেবা থেকে উপেক্ষিত হচ্ছে। এর প্রতিবাদেই আমাদের এদিনের পুরসভা অভিযান।'

## স্বাস্থ্য শিবির

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** ২৫টি ওয়ার্ডে স্বাস্থ্য শিবিরের আয়োজন করল জলপাইগুড়ি পুরসভা। যার মধ্যে বৃহস্পতিবার ছয়টি শিবিরে চক্ষু বিশেষজ্ঞরা উপস্থিত ছিলেন। চোখ পরীক্ষার পাশাপাশি ১২০ জনের মধ্যে বিনামূল্যে চশমা বিতরণ করা হল। শিবিরে উপস্থিত পুরসভার ভাইস চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায় বলেন, 'আমাদের মূল উদ্দেশ্য মানুষের পাশে দাঁড়ানো। আগামীদিনে আরও শিবির করার ইচ্ছে রয়েছে।'



*রাস্তা আটকে দাঁড়িয়ে রয়েছে টোটো।*

# পার্কিং জোন করবে? প্রশ্ন শহরবাসীর

**অনসূয়া চৌধুরী**

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** অফিস টাইম। হঠাৎ এক ব্যক্তি পিঠে ব্যাগ নিয়ে ছুটছেন বাসস্ট্যান্ডের দিকে। কিন্তু চলতে চলতে বাধা পাচ্ছেন ফাঁকা টোটো, এপাশ ওপাশ থেকে আসা বাইক, স্কুটার কিংবা গাড়িতে। কিছুতেই সময়মতো পৌঁছাতে পারলেন না বাসস্ট্যান্ডে। বাস ধরতে পারলেন না সুবীর মজুমদার। রাগে গজগজ করতে করতে এক টোটোচালকের উদ্দেশে বলেন, 'টোটো নিয়ে বাসে চড়ে যা ভাই। তাহলে যাত্রী পাবি।' আসলে এমনই অবস্থা জলপাইগুড়ি শহরে। নেই কোনও পার্কিং জোন। যে কারণে যত্রতত্র চলছে পার্কিং। কিংবা কোনও দোকানের সামনের রাস্তা আটকে বাইক পার্ক করছেন। কোথাও আবার নো পার্কিং জোন লেখা থাকলেও 'ডোন্ট কেয়ার মনোভাব।'

পুরসভা থেকে জায়গা চিহ্নিতকরণের পর প্রায় ৪ মাস পেরিয়ে গেলেও চালু হয়নি পেড পার্কিং জোন। পার্কিং জোন নিয়ে পুলিশ প্রশাসনের সঙ্গে পুরসভা বৈঠক করলেও এখনও সিদ্ধান্ত কার্যকর হয়নি। এমনকি কীভাবে পার্কিং জোন কাদের মাধ্যমে চালানো হবে সেই বিষয়ে কোনও চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেনি পুর কর্তৃপক্ষ। প্রায় ১ বছর আগে দেখা গিয়েছিল রাস্তার পাশে থাকা গাড়িগুলোতে ছবি তুলে জরিমানা করতে। কিন্তু বর্তমানে সব অতীত। পার্কিং জোন প্রসঙ্গে জলপাইগুড়ি পুরসভার ভাইস চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায় বলেন, 'এক্ষেত্রে আমাদের পুলিশ প্রশাসনের সাহায্য প্রয়োজন। আমরা দ্রুত সেই বিষয়টি জানিয়ে পুলিশ প্রশাসনকে জানিয়ে চিঠি করব। কয়েকদিনের মধ্যেই আমরা পথে নামব। শহরবাসীর সমস্যার বিষয়টি আমাদেরও নজরে এসেছে।'

জানুয়ারি মাসের শুরুতেই জলপাইগুড়ি পুরসভার তরফে পেড পার্কিং জোন চালু করার বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছিল। সেইমতো আচমকাই একদিন পুরসভার তরফে থানা মোড় সহ শহরের কিছু এলাকায় পেড পার্কিং জোনের বোর্ড লাগিয়ে দেওয়া হয়। সেই সময় জানানো হয়েছিল, দিন সাতেকের মধ্যেই শহরের সমস্ত জায়গায় পেড পার্কিং জোন চালু করবে পুরসভা। শহরের কদমতলা সংলগ্ন এলাকা, দিনবাজার, কামারপাড়া, শান্তিপাড়া সহ বিভিন্ন এলাকায় বিশেষ করে সন্ধ্যার সময় পা ফেলার জায়গা থাকে না। এখানেই শেষ নয়। শহরের মধ্য দিয়ে হাঁটাচলা করা যায় না।

**অভিযান**

- জায়গা চিহ্নিতকরণের পর প্রায় ৪ মাস পেরিয়ে গেলেও চালু হয়নি পেইড পার্কিং জোন
- কীভাবে পার্কিং জোন কাদের মাধ্যমে চালানো হবে সেই বিষয়ে কোনও চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেনি কর্তৃপক্ষ
- গাড়িগুলোকে জরিমানাও করা হয় না

শহরের মিতালি রায় বলেন, 'আমাদের মতো বয়স্ক মানুষের শহরে যাতায়াত করাটাই দুর্বিষহ হয়ে উঠেছে। রাস্তার অর্ধেক অংশ তো বাইক, স্কুটার দিয়ে আটকে থাকে।

বাকি অংশ আটকে থাকে যাত্রীবিহীন টোটোতে। আমাদের শহরে পেড পার্কিং হবে শুনে বেশ ভালো লেগেছিল। কিন্তু এখন দেখছি তা বিশবাঁও জলে।' মার্চেন্ট রোডের এক ব্যবসায়ী বলেন, 'দোকানের সামনে বাইক রাখবেন না বলে বহুবার বচসা হয়েছে। পার্কিং জোন না হলে এই সমস্যা মিটবে না।'



## সোশ্যাল মিডিয়ার ব্যবহার নিয়ে নাটক

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** দিনকে দিন বেড়ে চলছে সোশ্যাল মিডিয়ার ব্যবহার। তরুণ প্রজন্ম সোশ্যাল মিডিয়া বেশি ব্যবহার করতে গিয়ে বিভিন্ন প্রলোভনে পা দিয়ে ফেলছে।

এর ফলে জীবনযাত্রায় পরিবর্তন লক্ষ করা যাচ্ছে। এই নিয়ে সকলকে সচেতন করতেই আমতা পরিচয়ের প্রযোজনায় ও শুভেন্দু ভাণ্ডারীর নির্দেশনায় 'রিহ্যাব' নাটক মঞ্চস্থ হয় বুধ ও বৃহস্পতিবার।

দু'দিনব্যাপী জলপাইগুড়ির বেরুবাড়ি তপশিলি হাইস্কুল, বিবেকানন্দ হাইস্কুল, অনুভব হোম, অরবিন্দ মাধ্যমিক বিদ্যালয়, সুনীতিবালা সদর বালিকা বিদ্যালয়ে এই নাটক মঞ্চস্থ হয়। জলপাইগুড়ি মুক্তাঙ্গন নাট্যগোষ্ঠী অনুষ্ঠানের আয়োজন করে। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা সহ নাট্যব্যক্তিত্ব ও সাধারণ মানুষ মনে করছেন এসব নাটকের মাধ্যমে বাচ্চাদের একটু হলেও সচেতন করা গিয়েছে।

# অকেজো সিসিটিভি ক্যামেরা, বাড়ছে দুষ্কর্ম

**সুশান্ত ঘোষ**

**মালবাজার, ২৪ এপ্রিল :** মাল শহরের নিরাপত্তা ব্যবস্থাকে আঁটোসাঁটো করতে বেশি সংখ্যায় সিসি ক্যামেরা বসানোর পাশাপাশি খারাপ হয়ে থাকা ক্যামেরাগুলি সারানোর দাবি জোরালো হয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, শহরের বহু এলাকায় সিসি ক্যামেরা না থাকার সুযোগকে কাজে লাগিয়ে দুষ্কৃতীরা নানা দুষ্কর্ম করছে। সমস্যা মেটাতে পুলিশ ও প্রশাসন যাতে দ্রুত পদক্ষেপ করে সেই দাবি জোরালো হয়েছে। মালবাজারের ট্রাফিক ওসি দেবজিৎ বসু বলেন, 'এ নিয়ে বুধবার মহকুমা শাসকের দপ্তরে একটি বৈঠক হয়েছে। শহরে বহু জায়গায় খারাপ হয়ে থাকা সিসি ক্যামেরাগুলি যাতে দ্রুত ঠিক করা হয় সেজন্য পুরসভাকে অনুরোধ করেছি। শহরের কোথায় কোথায় আরও সিসি ক্যামেরা বসানো প্রয়োজন তা নিয়ে পরবর্তীতে আলোচনা করে আমরা ঠিক করব।' আলোচনা করে সমবেতভাবে সিদ্ধান্ত নেওয়া হবে বলে মাল পুরসভার চেয়ারম্যান উৎপল ভাদুড়ি জানিয়েছেন।

মাল শহরের বাসস্ট্যান্ড, ক্যালটেক্স মোড়, বাজার রোড, দৈনিক বাজার, সাপ্তাহিক হাট ও স্কুলগুলির সামনে সিসি ক্যামেরা বসানোর দাবি জোরালো হচ্ছে। স্বেচ্ছাসেবী সংগঠনের তরফে স্বরূপ মিত্র, কাজল সাহা প্রমুখ জানান, এর আগে জাতীয় সড়কে কয়েকটা জায়গায় সিসি ক্যামেরা বসানো হয়েছিল। সেগুলো দীর্ঘদিন ধরেই অকেজো। এর জেরে দুর্ঘটনা, চুরির ক্ষেত্রে উৎস খোঁজার সমস্যা হচ্ছে। অবিলম্বে এই ক্যামেরাগুলি সারাতে হবে।' সাপ্তাহিক হাটের ব্যবসায়ী রমেশ গিরি বললেন, 'সাপ্তাহিক হাটে মাঝেমধ্যেই মোবাইল ফোন, সাইকেল চুরি হচ্ছে। এই সমস্ত জায়গায় সিসি ক্যামেরা বসাতে প্রশাসনের অবিলম্বে ব্যবস্থা নেওয়া উচিত।'



*শহরের রাস্তায় অকেজো সিসিটিভি।*

> বুধবার মহকুমা শাসকের দপ্তরে একটি বৈঠক হয়েছে। শহরে বহু জায়গায় খারাপ হয়ে থাকা সিসি ক্যামেরাগুলি যাতে দ্রুত ঠিক করা হয় সেজন্য পুরসভাকে অনুরোধ করেছি।
>
> দেবজিৎ বসু *ট্রাফিক ওসি মালবাজার*

## ২০ বছরের সশ্রম কারাদণ্ড তরুণকে

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** শিশুকন্যাকে যৌন নিগ্রহের দায়ে এক তরুণকে ২০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিল আদালত। বৃহস্পতিবার জলপাইগুড়ি বিশেষ পকসো আদালতের বিচারক রিন্টু শূর এই সাজা ঘোষণা করেছেন।

ঘটনাটি ২০২২ সালে ভক্তিনগর থানা এলাকার। ঘটনার সময় শিশুটির বয়স ছিল ছয় বছর। শিশুকন্যা এবং তার দিদি দাদু-দিদার কাছে থাকত। আর সেই বাড়ির পাশেই থাকত ওই তরুণ।

ঘটনার দিন দাদু-দিদা বাড়িতে ছিলেন না। সেই সুযোগ ওই তরুণ তাদের বাড়িতে এসে শিশুটিকে যৌন নিগ্রহ করে।

সেই সময় শিশুটির চিৎকারে তার দিদি পাশের ঘর থেকে চলে আসে। দুজনেই চিৎকার করায় ওই তরুণ পালিয়ে যায়। দাদু-দিদা বাড়িতে ফিরলে শিশুটি তাদের ঘটনাটি জানায়। এরপর শিশুটির পরিবারের তরফে ভক্তিনগর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার হয় অভিযুক্ত।

মামলার সরকারপক্ষের আইনজীবী দেবাশিস দত্ত বলেন, '১১ জনের সাক্ষ্যগ্রহণ করা হয়েছে। বিচারক অভিযুক্তকে ২০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছেন।'

## পাড়ায় পাড়ায়

### মালবাজার

## জঞ্জালের স্তূপ সুপারস্পেশালিটিতে


**মালবাজার, ২৪ এপ্রিল :** আবর্জনার স্তূপে হাঁসফাঁস দশা মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালের। হাসপাতালের দেওয়াল ঘেঁষে আবর্জনা ফেলেন স্থানীয়রাই।

পুরসভা সচেতন করার জন্য প্রচার চালালেও তাতে কেউ কান দেয় না। হাসপাতালের পাশে জঞ্জাল ফেলায় দুর্গন্ধ ছড়াচ্ছে, মশামাছির উপদ্রব বাড়ছে। এতে রোগীদের সমস্যা হওয়ার আশঙ্কা করেন পরিবেশপ্রেমীরা। পরিস্থিতি বিপজ্জনকও হয়ে উঠতে পারে।

মালের পরিবেশপ্রেমী কুন্তল আইচ বলেন, 'নাগরিকদের একাংশ স্বাস্থ্যবিধির পরোয়া না করে আবর্জনা ফেলছেন। পুরসভা কঠোর না হলে এই সমস্যা মিটবে না।' এলাকার বাসিন্দা প্রীতম চক্রবর্তী চান প্রয়োজনে প্রশাসন জরিমানার ব্যবস্থা করুক।

পুরসভা দাবি করে, সকাল হলে বাঁশি বাজিয়ে প্রতিদিন আবর্জনা সংগ্রহ করা হয়। তাসত্ত্বেও নাগরিকদের একাংশ হাসপাতালের গায়ে আবর্জনা ফেলছেন।

স্থানীয় কাউন্সিলার সুরজিৎ দেবনাথ অবশ্য বলেন, 'এখনই জরিমানা চালু করার পরিকল্পনা নেই। প্রয়োজনে বাড়ি বাড়ি গিয়ে বোঝানো হবে। এরপরেও যাঁরা বিধিনিষেধ মানবেন না, তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।'



### ময়নাগুড়ি

## পাকা রাস্তার দাবি

**ময়নাগুড়ি, ২৪ এপ্রিল :** পাড়ার গলির ভেতর লম্বা মাটির আলের মতো রাস্তা। পাশে কোথাও চা বাগান, কোথাও বা জনবসতি। সরু গলি গিয়েছে বসতির দিকে। এলাকার চলাচলের একমাত্র রাস্তাটি। বর্ষায় রাস্তাটি দিয়ে যাতায়াতে সমস্যায় পড়তে হয়। ঘটনাটি ময়নাগুড়ি পুরসভার ১ নম্বর ওয়ার্ডের নীচ পেটকাটির ভেতরের একটি গলির রাস্তার। দীর্ঘদিন ধরে রাস্তাটি পাকা করার দাবি করছেন স্থানীয়রা। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি বলে অভিযোগ।

বাসিন্দা পরেশ দাসের কথায়, 'এখানকার বেশ কয়েকটি রাস্তা এখনও কাঁচা রয়েছে। সেগুলিকে কংক্রিটের রাস্তা করার দাবি দীর্ঘদিনের। মাটির রাস্তায় কোনও যানবাহন যেতে চায় না।'

এই ওয়ার্ডের নীচ পেটকাটি এলাকার অধিকাংশ রাস্তাই কাঁচা। পুরসভার ১৭টি ওয়ার্ডের মধ্যে সবচেয়ে বেশি জনবসতিপূর্ণ এলাকাটি। সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলার রিম্পা রায় জানান, এখানকার ছোট ছোট কয়েকটি গলির রাস্তা বেহাল অবস্থা। এবিষয়ে পুরসভায় জানানো হয়েছে। আর্থিক বরাদ্দ মিললে রাস্তার কাজ করা হবে।

*তথ্য : সুশান্ত ঘোষ ও বাণীব্রত চক্রবর্তী*

# প্রবল বর্ষণে বিপর্যস্ত উত্তর সিকিম

## লাচেন, লাচুংয়ে আটকে পর্যটক

সানি সরকার

**শিলিগুড়ি, ২৪ এপ্রিল :** বৃষ্টিতে বিপর্যস্ত উত্তর সিকিম। আটকে পড়ে বিপন্নতায় শয়ে-শয়ে পর্যটক। পাহাড়ি পথেও কোথাও একহাঁটু জল বইছে, কোথাও আবার রাস্তা ধসে গিয়েছে। বন্ধ গ্যাংটকের সঙ্গে লাচেন এবং লাচুংয়ের যোগাযোগ ব্যবস্থা। এমন পরিস্থিতিতে শুক্রবার পারমিট ইস্যু না করার সিদ্ধান্ত নিয়েছে সিকিমের পর্যটন দপ্তর। আগাম যে পারমিট ইস্যু করা হয়েছিল, তাও স্থগিত করে দেওয়া হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত নতুন করে পারমিট ইস্যু না করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ততদিন যাতে উত্তর সিকিমে পর্যটক না পাঠানো হয়, তা জানানো হয়েছে পর্যটন ব্যবসায়ীদের। সিকিম পর্যটন দপ্তরের এক আধিকারিক বলেন, 'সমস্ত কিছুই করা হচ্ছে পর্যটকদের নিরাপত্তায় নজর রেখে। আটকে থাকা পর্যটকদের উদ্ধার এবং গ্যাংটকে ফিরিয়ে আনার বিষয়ে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে।'

গত কয়েকদিন ধরেই উত্তর সিকিমে বৃষ্টি হচ্ছে। কিন্তু তা হালকা এবং বিক্ষিপ্ত হওয়ায়, সেখানে বেড়াতে গিয়ে কোনও সমস্যায় পড়তে হয়নি পর্যটকদের। কিন্তু বৃহস্পতিবার দুপুর থেকে প্রবল বর্ষণ শুরু হয়। কয়েক ঘণ্টার বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়ে উত্তর সিকিম। মুন্সি থাংয়ে লাচেন-চুংথাংয়ের রাস্তার বড় একটা অংশ ধসে যাওয়ায় ওই পথে যান চলাচল বন্ধ হয়ে যায়। রাস্তা মেরামতি না হওয়া পর্যন্ত এই পথে যান চলাচল অসম্ভব। রাস্তাটি বন্ধ হয়ে যাওয়ায় লাচেনের সঙ্গে গ্যাংটকের সড়ক যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন। লাচেনে বেড়াতে গিয়ে আটকে পড়েন কয়েকশো পর্যটক। যাঁরা এদিন গ্যাংটক থেকে লাচেনের উদ্দেশে রওনা দিয়েছিলেন, তাঁদের ফিরে আসতে হয় মাঝপথ থেকে। লাচেনে আটকে পড়া কলকাতার বাসিন্দা দীপালি রায় বলেন, 'এখানে প্রচুর বৃষ্টি হচ্ছে। হোটেল থেকে বের হওয়া যাচ্ছে না। রাস্তা বন্ধ হয়ে গিয়েছে বলে জানতে পেরেছি। শনিবার ট্রেনে ওঠার কথা। কী হবে কিছুই বুঝতে পারছি না।'

লাচেনের পাশাপাশি লাচুংয়েও আটকে পড়তে হয়েছে প্রচুর পর্যটককে। এর মূলে রয়েছে চুংথাং-লাচুংয়ের রাস্তায় ধস। ইয়ুমথাং ভ্যালি, জিরো পয়েন্ট যাওয়ার রাস্তায় কয়েকটি এলাকায় ধস নেমেছে বলে জানা গিয়েছে। এই রাস্তাগুলিতে সাময়িকভাবে বন্ধ রয়েছে যান চলাচল। জানা গিয়েছে, এদিন এতটাই বৃষ্টি হয়েছে যে, কয়েকটি এলাকায় রাস্তা দিয়ে হাঁটুসমান জল প্রবাহিত হয়। যার জন্য চলন্ত গাড়ির ভেসে যাওয়ার উপক্রম হয়। কিছু এলাকায় জলের স্রোতে রাস্তার অংশ ভেসে গিয়েছে বলেও খবর মিলেছে।

এমন পরিস্থিতির দিকে নজর রেখে শুক্রবার পারমিট ইস্যু না করার সিদ্ধান্ত নিয়েছে সিকিমের পর্যটন দপ্তর। বৃষ্টি না কমলে যে রাস্তা মেরামতি অসম্ভব, তা মেনে নিচ্ছেন প্রশাসনিক কর্তারা।

জানা গিয়েছে, উদ্ভূত পরিস্থিতি নিয়ে এদিন বৈঠক করেছেন মংগনের জেলা শাসক অনন্ত জৈন। বৈঠকে গুরুত্ব পেয়েছে রাস্তা মেরামতি এবং পর্যটক উদ্ধারের বিষয়টি। তবে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস, শুক্রবারও কয়েকটি এলাকায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে কীভাবে রাস্তা মেরামতি হবে, তা নিয়ে সংশয় রয়েছে। আটকে থাকা পর্যটকদের যাতে কোনও সমস্যা না হয়, তার জন্য লাচেন এবং লাচুংয়ের হোটেল অ্যাসোসিয়েশন ও পরিবহণ ব্যবসায়ীদের সঙ্গে যোগাযোগ রাখছে হিমালয়ান হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম ডেভেলপমেন্ট নেটওয়ার্ক।


কয়েক ঘণ্টার বৃষ্টিতে বিপর্যয়।

### পারমিট ইস্যু বন্ধ

- প্রবল বর্ষণে পাহাড়ি রাস্তাতেও হাঁটুসমান জল, গাড়ি ভেসে যাওয়ার উপক্রম
- মুন্সি থাংয়ে লাচেন-চুংথাংয়ের রাস্তার বড় একটা অংশ ধসে গিয়েছে
- ধসের জেরে লাচুং-লাচেনের রাস্তাতেও যান চলাচল বন্ধ
- লাচেনের পাশাপাশি লাচুংয়েও আটকে প্রচুর পর্যটক, বন্ধ পারমিট ইস্যু


চ্যাংমারি ডব্লিউএমই হাইস্কুল থেকেই জোড়দিঘি পর্যন্ত এই রাস্তার কাজ নিয়ে অভিযোগ উঠছে।

## রাস্তার নির্মাণকাজে অভিযোগ

# নিম্নমানের সামগ্রী নিয়ে ক্ষোভ গ্রামে

কৌশিক দাস

**ক্রান্তি, ২৪ এপ্রিল :** ক্রান্তি ব্লকের চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের চ্যাংমারি ডব্লিউএমই উচ্চমাধ্যমিক বিদ্যালয় থেকে জোড়দিঘি পর্যন্ত প্রায় ২ কিমি রাস্তা নির্মাণে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ তুললেন গ্রামবাসীরা। অনগ্রসর শ্রেণিকল্যাণ দপ্তরের অর্থে প্রায় ৫০ লক্ষ টাকা ব্যয়ে এই রাস্তার কাজ হচ্ছে। অভিযোগ, ঠিকাদার সংস্থা নিয়ম মেনে কাজ করছে না। রাস্তার কাজ নিয়ে বৃহস্পতিবার চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের বিরোধী দলনেতা রঞ্জিত সরকার ক্রান্তি ব্লক প্রশাসনের কাছে লিখিত অভিযোগ করেন। ক্রান্তি পঞ্চায়েত সমিতির সভাপতি পঞ্চানন রায় জানান, বিষয়টি ইঞ্জিনিয়াররা দেখবেন।

বাসিন্দাদের অভিযোগ, কাজের বরাতপ্রাপ্ত সংস্থা অত্যন্ত নিম্নমানের সামগ্রী ব্যবহার করে দায়সারাভাবে সংস্কারের কাজটি করছে। এই ২ কিমি রাস্তাটি গ্রামবাসীদের মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছিল। ভাঙাচোরা এই রাস্তায় বর্ষাকালে যাতায়াত করতে সমস্যায় পড়তে হত বাসিন্দাদের। পাশেই রয়েছে চ্যাংমারি উচ্চমাধ্যমিক বিদ্যালয়, গভর্নমেন্ট মডেল স্কুল সহ একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান। এলাকার বহু পড়ুয়াকে বেহাল রাস্তা দিয়ে স্কুলে যেতে হত। গ্রামবাসীর বহুদিনের দাবি মেনে কয়েকদিন আগে সংস্কারের কাজ শুরু হয়।

এলাকার বাসিন্দা প্রসেনজিৎ দাসের অভিযোগ, 'বহু আবেদন নিবেদনের পর রাস্তার দাবিটি পূরণ হয়েছে। কিন্তু তাই বলে যেমন-তেমন করে রাস্তার কাজ করা হবে, তা হতে পারে না। জনগণের করের টাকায় সরকারি কাজ হচ্ছে। বিষয়টি প্রশাসনের গুরুত্ব দিয়ে দেখা উচিত।'

ক্রান্তি ব্লক প্রশাসনের কাছে লিখিত অভিযোগ জানান চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের বিরোধী দলনেতা রঞ্জিত সরকার। তাঁর কথায়, 'শিডিউল মেনে কাজ হচ্ছে না। বক্স কাটিং ১৫০ এমএম ধরা ছিল তা করা হয়নি। বক্স কাটিং এর ওপর ১০০ এমএম রিভার বেড মেটিরিয়ালস ধরা ছিল সেটাও করা হয়নি। নামমাত্র আরবিএম ছড়ানো হয়েছে।' এদিকে চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের প্রধান আব্দুল সামাদ বিষয়টি নিয়ে বলেন, 'ঠিকাদার সংস্থা নিয়ম মেনে কাজ করবে এটাই কাম্য। আমরা বিষয়টি খোঁজ নিয়ে দেখছি।'

স্থানীয় বাসিন্দা ফারুক চৌধুরীর বক্তব্য, 'এই রাস্তা দিয়ে এলাকার সকলকে যাতায়াত করতে হবে। রাস্তার গুণগতমান ঠিক হওয়া অত্যন্ত প্রয়োজনীয়। ঠিকাদার সংস্থা তো কাজ করে টাকা নিয়ে চলে যাবে।' একই কথা জানিয়েছেন দীনেশ রায়, সঞ্জিত দাস, জিয়ারুল হকরা।

তবে ঠিকাদার সংস্থার প্রতিনিধিরা অভিযোগ মানতে নারাজ। তাঁরা জানান, কাজের মান ঠিকঠাকই আছে। এদিকে ক্রান্তির বিডিও রিমিল সোরেনের সঙ্গে ফোনে পরপর বিকেল সাড়ে পাঁচটা ও ছয়টার সময় যোগাযোগ করার চেষ্টা করা হলেও ফোন ধরেননি তিনি। তারপরই তাঁকে মেসেজ করা হয়, তবুও কোনও উত্তর মেলেনি।

## বারলার স্ত্রীকে শ্রদ্ধাজ্ঞাপন

**নাগরাকাটা, ২৪ এপ্রিল :** দিল্লি থেকে আনা হল প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী জন বারলার স্ত্রী মহিমা বারলার দেহ। বৃহস্পতিবার সকালে বাগডোগরা বিমানবন্দরে আসার পর অ্যাম্বুল্যান্সে করে মহিমাকে তাঁদের লক্ষ্মীপাড়া চা বাগানের বাড়িতে নিয়ে আসা হয়। শাসক, বিরোধী সমস্ত রাজনৈতিক দলের শীর্ষ নেতারাই শোকসন্তপ্ত পরিবারের সঙ্গে দেখা করে যান।

বিমানবন্দরে মহিমার প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট। বারলার বাড়িতে শোকজ্ঞাপন করতে এসেছিলেন আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা, তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ প্রকাশ চিকবড়াইক, কালচিনির বিধায়ক বিশাল লামা, নাগরাকাটা পঞ্চায়েত সমিতির সভাপতি সঞ্জয় কুজুর প্রমুখ। লক্ষ্মীপাড়া চা বাগানের শ্রমিকদের পাশাপাশি ডুয়ার্সের বিভিন্ন চা বাগান থেকেও অনেকে এসে প্রাক্তন মন্ত্রীর সঙ্গে দেখা করে যান। বারলা বলেন, 'মহিমা শুধু আমার জীবনের সুখ-দুঃখের সাথিই ছিল তা নয়, বহু আত্মত্যাগও করেছিল আমার জন্য।' পরিবার সূত্রে জানা গিয়েছে, শুক্রবার সকাল ১১টায় মহিমার দেহ তাঁদের নাগরাকাটার আংরা ভাসা ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের হৃদয়পুরের খামারবাড়িতে সমাধিস্থ করা হবে।

মহিমা দীর্ঘদিন ধরে কিডনির সমস্যায় ভুগছিলেন। একবার তাঁর একটি কিডনি প্রতিস্থাপনও করা হয়। আরও একটি প্রতিস্থাপনের উদ্যোগ নেওয়া হচ্ছিল। দিল্লির এইমস হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। বুধবার তিনি প্রয়াত হন।


দুর্ঘটনাগ্রস্ত বাস। দশ মাইলে। - সংবাদচিত্র

# ট্রাকের ধাক্কায় ওলটাল বাস

**শিলিগুড়ি, ২৪ এপ্রিল :** ফের ওভারটেকে বিপত্তি। উলটে গেল যাত্রীবোঝাই বাস। বৃহস্পতিবার দুর্ঘটনাটি ঘটে দশ মাইলে। চেকপোস্টের দিক থেকে আসা একটি ট্রাক ধাক্কা মারে যাত্রীবোঝাই বাসে। বাসটি উলটে যাওয়ার পাশাপাশি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হয় ট্রাকটিও। বাস ও ট্রাকের চালক সহ ১০ জন জখম হন। বাসচালকের চোট গুরুতর। তিনি উত্তরবঙ্গ মেডিকেলে চিকিৎসাধীন। ট্রাকচালক এবং এক বাসযাত্রীর চিকিৎসা চলছে শিলিগুড়ি জেলা হাসপাতালে।

শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ট্রাফিক) বিশ্বচাঁদ ঠাকুর জানান, 'ঘটনায় কার দোষ ছিল তদন্ত করে দেখা হচ্ছে। পিসি মিত্তাল বাস টার্মিনাসের বাস ওনার্স ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সম্পাদক বিপ্লব বিশ্বাস বলেন, 'দুর্ভাগ্যজনক ঘটনা। সংঘর্ষ এড়াতে চালক বাসটিকে একেবারে রাস্তার ধারে নিয়ে যান। সেখানেই ট্রাকটি ধাক্কা মারে।' ঠিক কী ঘটেছিল? এদিন সকালে প্রায় ২৫ জন যাত্রী নিয়ে শিলিগুড়ি থেকে সামসিংয়ের উদ্দেশে রওনা দেয় ওই বাস। ওই বাসেই ছিলেন নিমাই মণ্ডল। শিলিগুড়ি জেলা হাসপাতালে বসে তিনি বলেন, 'দশ মাইলের কাছে পৌঁছাতেই দেখি উলটো দিক থেকে একটা ট্রাক আসছে। ঠিক সেই সময় একটি গাড়িকে ওভারটেক করে ট্রাকটি। আর এতেই সব ঘেঁটে যায়। ট্রাকটি সজোরে ধাক্কা মারে আমাদের বাসে। মুহূর্তে উলটে যায় বাসটি।'

বাসে উঠেই ঘুমিয়ে পড়েছিলেন মেনোকা কেরকেটা। তাঁর কথায়, 'কখন দুর্ঘটনা হল, কিছু বুঝতেই পারিনি। চোখ খোলার পর দেখি, বাস উলটে গিয়েছে। স্বামী আমাকে ডাকছে। গোটা গায়ে যন্ত্রণা হচ্ছে।' ঘটনায় চোট পায় পাঁচ বছরের এক শিশু। তাকে নিয়ে বেঙ্গালুরু থেকে মালবাজারে ঘুরতে এসেছিলেন তার বাবা রমিজ আলি। তিনি বলেন, 'কী থেকে কী হয়ে গেল। বুঝলাম না। ভাগ্যের জোরে আমরা বেঁচে গিয়েছি।'

এদিকে, দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ। আহতদের উদ্ধার করে শিলিগুড়ি জেলা হাসপাতালে পাঠানো হয়। ট্রাক ও বাসটি বাজেয়াপ্ত করে ভক্তিনগর থানার পুলিশ। এর আগে বেঙ্গল সাফারি এলাকায় বিভিন্ন সময় দ্রুতগতিতে যান চলাচলের কারণে দুর্ঘটনা ঘটেছে। এদিন অল্পের জন্য বড়সড়ো দুর্ঘটনা থেকে রক্ষা পেয়েছেন যাত্রীরা।

## মার নেত্রীর

প্রথম পাতার পর

খবর পেয়ে ক্রান্তি ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে গিয়ে দুজনকে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে। তাঁদের মধ্যে পঞ্চায়েত সদস্যার আঘাত গুরুতর থাকায় বর্তমানে তাঁর চিকিৎসা চলছে জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে। তৃণমূলের জেলা সভানেত্রী বলেন, 'বিজেপি তাদের দলের লোককে ধরে রাখতে পারছে না। কেউ দল ছেড়ে চলে গেলে তাঁকে মারধর করা হচ্ছে। দীপা বণিক একজন মহিলা হয়ে আরেকজন মহিলাকে এভাবে মারধর করেছেন। এর থেকে লজ্জার আর কী হতে পারে?' তৃণমূলের ক্রান্তি ব্লক সভাপতি বলেন, 'ক্রান্তিকে অশান্ত করার চক্রান্ত চালাচ্ছে বিজেপি।'

দীপা অবশ্য সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেন, 'দুর্নীতি করার জন্যই ওই পঞ্চায়েত সদস্যা তৃণমূলে যোগদান করেছেন। যেহেতু তিনি তৃণমূলের যোগদান করেছেন তাই তাঁর কাছে স্থানীয় গ্রামবাসী পঞ্চায়েতের সদস্যপদ ছাড়ার কথা লিখে দেওয়ার জন্য চিঠি চাইতে গিয়েছিলেন। ওই পঞ্চায়েত সদস্যাকে মারধর করার অভিযোগ ভিত্তিহীন। উলটে তিনিই গ্রামের লোকজনকে ধাক্কাধাক্কি করেছেন।'

ক্রান্তি ফাঁড়ির ওসি বুদ্ধদেব ঘোষ জানান, অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু হয়েছে।

## ক্যাফে সিল

প্রথম পাতার পর

থানা থেকেই তাকে গ্রেপ্তার করা হয়।

বিজেপির মাল বিধানসভার আহ্বায়ক রাকেশ নন্দী বলেন, 'পুলিশের নজরের আড়ালে এক সিভিক ভলান্টিয়ারের বাড়িতে জাল শংসাপত্রের কারখানা কীভাবে তৈরি হল? কেনই বা পুলিশের গোয়েন্দা আগে তা জানতে পারল না? সব দিকেই ব্যর্থ রাজ্য পুলিশ। আমরা চাই সঠিক নিরপেক্ষ তদন্ত হোক।' সিপিএমের মাল এরিয়া কমিটির সম্পাদক রাজা দত্ত বলেন, 'দুর্নীতির আঁতুড়ে পরিণত হয়েছে মালবাজার। কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার উচিত নিরপেক্ষ তদন্ত করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা।' তৃণমূলের জেলা সাধারণ সম্পাদক তমাল ঘোষ বলেন, 'পুলিশের তদন্তের ওপর আমাদের পূর্ণ আস্থা আছে, যদি এই ঘটনার পেছনে আরও কেউ যুক্ত থাকে, তাকেও খুঁজে বের করবে পুলিশ।'

মালের মহকুমা পুলিশ আধিকারিক রোশন প্রদীপ দেশমুখ জানিয়েছেন, বৃহস্পতিবার মণিরুলের বাড়ি থেকে আরও ১৫টি জাল শংসাপত্র উদ্ধার হয়েছে। তদন্তের গতি বাড়ানো হয়েছে।

# ৯ বাংলাদেশিকে বাড়িভাড়া

**শিলিগুড়ি, ২৪ এপ্রিল :** একই বাড়িতে নয়জন বাংলাদেশি অনুপ্রবেশকারীকে লুকিয়ে রাখা হয়েছিল। অভিযোগ, সবকিছু জেনেও মুখ বুজে ছিল স্থানীয় পুলিশ প্রশাসন। বুধবার রাতে এলাকায় হইচই হতেই তড়িঘড়ি নয়জনকে তুলে নিয়ে যায় আশিঘর ফাঁড়ির পুলিশ। ঘটনাস্থল থেকে গ্রেপ্তার করা হয়েছে বাড়ির মালিক নির্মল মজুমদারকে। নয় বাংলাদেশি অনুপ্রবেশকারীর মধ্যে ছয়জন প্রাপ্তবয়স্ককে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতরা হল যতীন্দ্রচন্দ্র রায়, বাউল রানি, বালুচন্দ্র রায়, গোলাপি রানি, ঝর্ণা রানি, সঞ্জীব রায়। বাকি তিনজন নাবালককে জুভেনাইল আদালতে পাঠানো হবে। এতজন বাংলাদেশি অনুপ্রবেশকারী গ্রেপ্তার হলেও পুলিশ অভিযুক্তদের হেপাজতে না নেওয়ায় উঠছে প্রশ্ন। যাকে কেন্দ্র করে বিতর্ক শুরু হয়েছে। শহরের ডেপুটি পুলিশ কমিশনার বলছেন ওই অনুপ্রবেশকারীদের পুলিশ হেপাজতে নেওয়া হবে। থানা এবং পুলিশকর্তার কথার মিল না থাকায় পুরো বিষয়টিকে কেন্দ্র করেই তৈরি হয়েছে ধোঁয়াশা। তবে কি পুলিশের পদস্থ কর্তাদের অন্ধকারে রেখেই অভিযুক্তদের আদালতে পাঠিয়েছে ভক্তিনগর থানার পুলিশ? এমন প্রশ্ন উঠতে শুরু করেছে। সরকারি আইনজীবী মৃন্ময় বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য, 'পুলিশ হেপাজতের আবেদন জানায়নি। ধৃতদের বিরুদ্ধে ১৪ এ এবং ১৪ বি বিদেশি আইনে মামলা রুজু করা হয়েছে। তাই বিচারক অভিযুক্তদের ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।' শিলিগুড়ি পুলিশের ডেপুটি কমিশনার রাকেশ সিং বলেন, 'অভিযুক্তদের হেপাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হবে।' ফকদইবাড়ির বাসিন্দা নির্মল তাঁর বাড়িতে নয়জন বাংলাদেশি অনুপ্রবেশকারীকে আশ্রয় দিয়েছিলেন। সকলেই বাংলাদেশের রংপুরের বাসিন্দা। ইসলামপুরের কাছে সীমান্ত দিয়ে মাস দুয়েক আগে ভারতে প্রবেশ করে বলে খবর।

# নিরাপত্তা নিয়ে প্রশ্ন

প্রথম পাতার পর

সংবাদমাধ্যমের প্রতিনিধি শুনে আকিব প্রশ্ন ছুড়ে দিলেন, 'পহলগামের ভিউপয়েন্টে যাওয়ার আগে যে সমস্ত চেকপোস্ট ছিল সেগুলি কেন তুলে নেওয়া হল সেটা খুঁজে বের করুন।'

শ্রীনগরের বাসিন্দা মহম্মদ আসলাম পর্যটকদের কথা মাথায় রেখে তিন মাস আগে ৪০ হাজার টাকার মাসিক কিস্তিতে ৪০ লাখ টাকার একটি গাড়ি কিনেছিলেন। জঙ্গিহানার পর থেকে পর্যটকরা ভূস্বর্গ ছাড়তে শুরু করায় তাঁর চোখে জল। এই পরিস্থিতিতে কীভাবে গাড়ির মাসিক কিস্তির টাকা জোগাড় হবে আর কীভাবেই বা সংসার চলবে, আসলাম কিছুতেই বুঝে উঠতে পারছেন না। আকিবের মতো তাঁরও প্রশ্ন, 'শ্রীনগরে কয়েক মিটার দূরে স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র হাতে সেনা, আধাসেনা ও পুলিশকর্মীরা রয়েছেন। শ্রীনগরের বাইরের প্রত্যন্ত ভিউপয়েন্টগুলিতে কেন কোনও নিরাপত্তারক্ষী ছিলেন না?' মধ্য চল্লিশের মুস্তাক আহমেদ বিমানবন্দরের পাশেই থাকেন। পেশায় ফোটোগ্রাফার। শ্রীনগরের বিভিন্ন গুরুত্বপূর্ণ ট্যুরিস্ট স্পটে আসা পর্যটকদের কাশ্মীরি পোশাক পরিয়ে ছবি তুলে সংসার চালান। কী কারণে পহলগামের ঘটনাটি ঘটল বলে প্রশ্ন করায় উত্তর এল, 'গত ৩৫ বছরে কাশ্মীরে অনেক গণ্ডগোল হয়েছে। কিন্তু কোনও সময় পর্যটকদের ওপর হামলা হয়নি। তাই যাঁরা নিরাপত্তার দায়িত্বে রয়েছেন, তাঁদেরই প্রশ্নটা করা ভালো।' গোটা ঘটনার পেছনে নোংরা রাজনীতি রয়েছে বলেই তাঁর মত। শ্রীনগরের শালিমারবাগের উলটোদিকে ফয়জল ওয়াসিমদের বহু পুরোনো পারিবারিক হোটেল। বহু বাঙালি পর্যটকের তাঁর হোটেলে আনাগোনা। তাঁদের সঙ্গে কথা বলতে বলতেই ফয়জল বাংলাটা বেশ কিছুটা রপ্ত করে ফেলেছেন। তিনিও নিরাপত্তারক্ষীদের ভূমিকায় ক্ষুব্ধ, 'যাঁরা সীমান্তের পাহারায় রয়েছেন, তাঁদের ফাঁকি দিয়ে জঙ্গিরা কী করে এলাকায় এল তা তাঁরাই ভালো করে বলতে পারবেন।' হারুন রশিদ, আবেদ মনোয়ার ও আসিফ রশিদ জম্মু-কাশ্মীরের ভূমি রাজস্ব দপ্তরে কাজ করেন। বৃহস্পতিবার টিফিনের সময় তুলমুল্লায় শ্রী মাতা ক্ষীরভবানী মন্দিরের সামনে একটি চায়ের দোকানে চা খেতে খেতে আড্ডা দিচ্ছিলেন। এদিনই শ্রীনগর বিমানবন্দর থেকে প্রায় ১৭০০ জন কাশ্মীর ছাড়েন। তাঁদের সিংহভাগই পর্যটক। সীমান্তে এত কড়াকড়ি সত্ত্বেও পহলগামের ঘটনাটি আবেদরা কোনওভাবেই মেনে নিতে পারছেন না। হারুন বললেন, 'গোটা কাশ্মীর মর্মাহত। বুধবারের স্বতঃস্ফূর্ত বনধই তার প্রমাণ।' অচিরেই পরিস্থিতি স্বাভাবিক হয়ে এলাকা আবার পর্যটকে ভরে যাবে, আসিফরা এমনটাই মনেপ্রাণে চাইছেন।

## স্থগিতের বার্তা

প্রথম পাতার পর

তাতে চাপে পড়েছে ইসলামাবাদ। কেননা, সিন্ধু চুক্তিতে ৬টি নদীর জলের নিয়ন্ত্রণ ভারতের হাতে থাকায় পাকিস্তানের পক্ষে অস্বস্তির বড় কারণ।

তাই তাস হিসাবে শরিফ সরকার কার্যত ভারতকে যুদ্ধের হুমকি দিচ্ছে বলে মনে করা হচ্ছে। ভারতের পাঁচ দফার পালটা পাকিস্তান আটটি পদক্ষেপ করছে। ওই পদক্ষেপগুলির মধ্যে আছে, ভারতের সঙ্গে স্বাক্ষরিত সব দ্বিপাক্ষিক চুক্তি খারিজ, সব ধরনের দ্বিপাক্ষিক বাণিজ্য ও ওয়াঘা সীমান্ত বন্ধ। তাতে পাকিস্তানের মাটি ব্যবহার করে তৃতীয় কোনও দেশে পণ্য পাঠাতে পারবে না ভারত। ভারতীয়দের সার্ক ভিসা দেওয়াও স্থগিত রাখছে পাক সরকার। ভারতীয় বিমানকে পাকিস্তানের আকাশ ব্যবহারেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।তাছাড়া ইসলামাবাদের ভারতীয় দূতাবাসে কূটনীতিকের সংখ্যা ৩০ জনে কমিয়ে আনতে এবং ভারতীয় সেনা, নৌ ও বিমান উপদেষ্টাদের ৩০ এপ্রিলের আগে পাকিস্তান ছেড়ে যেতে বলা হয়েছে। বুধবার ভারত অটারি সীমান্ত বন্ধ করেছিল। দিল্লির পাক দূতাবাসের কূটনীতিকের সংখ্যা ৫৫ থেকে কমিয়ে ৩০ করেছিল, পাক সেনা, নৌ ও বিমান উপদেষ্টাদের দেশে ফেরত পাঠানো ঘোষণা করেছিল। পাকিস্তানে কর্মরত কূটনীতিকদের ফিরিয়ে আনবেও বলেছিল।

## লোকালয়ে হাতি

**কিশনগঞ্জ, ২৪ এপ্রিল :** ফের একটি দলছুট হাতি বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টা নাগাদ কিশনগঞ্জের ভারত-নেপাল সীমান্তের ধনটোলা গ্রামে ঢুকে পড়লে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। নেপালের ঝাপা জেলার জঙ্গল থেকে হাতিটি সেখানে উপস্থিত হয় বলে মনে করা হচ্ছে। হাতিটি ভুট্টার খেতে ঢুকে পড়ে। বাসিন্দারা প্রশাসনের কাছে উপযুক্ত ব্যবস্থার দাবি জানিয়েছেন।

## দুঃস্বপ্ন ভুলতে

প্রথম পাতার পর

হাতে বেশ কিছুটা বাড়তি সময় পাওয়ায় অনেকে আবার কেনাকাটার দিকে হাত বাড়ান। এদিন সকাল ৯টা নাগাদ শ্রীনগরের মক্কা মার্কেট, গনি খান মার্কেট, বাটমালো, লাল চক, ডাল লেক সংলগ্ন মার্কেটের মতো জায়গাগুলিতে দোকানপাট খোলা ছিল। বেশ বিকিকিনিও চলছিল। বেলা ১০টা নাগাদ কলকাতার ভবানীপুরের বাসিন্দা পারমিতা মুখোপাধ্যায়কে শালিমার বাগে সপরিবারে ঘুরতে দেখা গেল। তাঁর কথায়, 'বুধবার পহলগ্রামে যাওয়ার কথা ছিল। কিন্তু জঙ্গিহানার কারণে সেখানে যাওয়াটা আর হল না। তাই একবার শ্রীনগর ঘুরে দেখলেও বাধ্য হয়ে ফের একই জায়গা ঘুরে দেখছি। পাশাপাশি সময় পাওয়ায় পরিজনদের জন্য কিছু কেনাকাটাও সেরে নিচ্ছি।' চণ্ডীগড়ের বাসিন্দা মদনলাল মহাজন সপরিবারে এবারই প্রথম কাশ্মীর ঘুরতে এসেছেন। এবারের পরিস্থিতিতে পহলগামে যেতে না পারায় মনে বেশ আক্ষেপ রয়েছেন। মা ক্ষীরভবানী মন্দিরে পহলগামে মৃতদের আত্মার শান্তি কামনা করে তিনি পুজো দেন। ব্যারাকপুরের বাসিন্দা সুজিত চৌধুরী ও মিনা চৌধুরী বুধবার কাশ্মীর পৌঁছোন। এখানে আসার পর পহলগামের জঙ্গিহানার ঘটনাটি জানতে পারেন। এদিন বিকেলে শংকরাচার্যের মন্দির দর্শন করে সিঁড়ি দিয়ে নামার পথে সুজিত বললেন, 'ভেবেছিলাম পহলগাম ঘুরতে না পারলেও অন্যান্য ভিউপয়েন্ট ঘুরে দেখতে পাব। তবে স্ত্রী আর এখন ওই পয়েন্টগুলিতে যেতে চাইছে না। শুক্রবার কাটারার উদ্দেশে রওনা দিচ্ছি। বৈষ্ণো দেবীর মন্দির দর্শন করে কাশ্মীর ভ্রমণে ইতি টানব।'

# শিলিগুড়ির মেয়রকে এক চিঠি

প্রথম পাতার পর

অনেকে বাইরে রবিন হুডের ইমেজ রেখে ভিতরে দুর্নীতির মন্দিরের প্রধান পূজারি। অনেকে পারলে নদী বা জঙ্গলই খাবলে দখল করে নেন। এই নগরীতে সাতটি নদী, ভারতের কোনও নগরে নেই। একটা নদী থাকলেই শহরের সৌন্দর্য কত পালটে যায়। আর আমরা সপ্তনদী পেয়েও কিছুই করলাম না গোরু, মহিষের চারণভূমি তৈরি ছাড়া। রাস্তার যে গাছগুলো উপড়ে নিয়ে অন্যত্র লাগানো হল, সেগুলোর খোঁজখবর হয় তো?

মান্যবর মেয়র, আপনার সঙ্গীসাথিদের একজনেরও অভিনব কোনও ভাবনার ছাপ নেই, যা দীর্ঘস্থায়ী প্রভাব ফেলবে শহরের রূপটানে। ক'দিন আগে সিকিমের জোরথাংয়ে গিয়ে শিলিগুড়ির জন্য মারাত্মক কষ্ট হল। আয়তন, লোকসংখ্যার বিচারে জোরথাং সে রাজ্যের চার নম্বর শহর হবে। শিলিগুড়ি তো বাংলার দু'নম্বর। জোরথাংয়ে বড় বাজারটাকে একেবারে চতুষ্কোণ বানিয়ে দোকানগুলোকে জ্যামিতিক মাত্রা দেওয়া হয়েছে। সব রাস্তা কংক্রিটে বাঁধানো। বসার ও হাঁটার অফুরন্ত জায়গা। দোকানগুলো দেখতেও অসামান্য। সাধারণ ভাবনাই অসাধারণ মাত্রা পেয়েছে।

এমন ছবি আমরা কি বিধান মার্কেট, হংকং মার্কেট চত্বরে তৈরি করতে পারতাম না মেয়র মশাই? কতবার যে আপনি ও সৌরভ চক্রবর্তী ওখানে গিয়ে নাটক করে এলেন, সাংবাদিকরা পর্যন্ত ভুলে গিয়েছেন। আপনাদের প্রতিশ্রুতিগুলো গোষ্ঠ পালের মূর্তির পায়ে গড়াগড়ি খেয়ে চলেছে। চিনের প্রাচীর গোষ্ঠবাবু এবার স্বপ্নে জানতে চাইতে পারেন, কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামের খোলনলচে পালটানোর কী হল রে বাপু?

আপনার পাড়ার মোড়ে জারুল গাছে বেগুনি ফুল এসেছে। তার নীচেই রিকশাস্ট্যান্ড। সেখানকার কোনও রিকশাচালককে জিজ্ঞাসা করুন। অথবা আপনার বাড়ি থেকে এগিয়ে হাকিমপাড়া গার্লস স্কুলের সামনে রাস্তায় বসা অপেক্ষারত অভিভাবকদের। তাঁরা সবাই হাসবেন মার্কেট, জ্যামজট নিয়ে প্রশাসনের প্রতিশ্রুতি শুনে। বাই দ্য ওয়ে, শহরের নতুন বাসস্ট্যান্ডটার ভবিষ্যৎ যেন কী হল স্যর?

মান্যবর মেয়র, কষ্টও হয় আপনাকে দেখে। কী সব অর্থ বুভুক্ষু লোকদের নিয়ে কাজ করতে হয় আপনাকে! কেউ জঞ্জাল ফেলতে গিয়ে গাড়ির ট্রিপের সংখ্যা বাড়িয়ে দিচ্ছেন বুদ্ধি করে। কেউ পেট্রোল ভরানোর নামে রোজগারে ওস্তাদো কা ওস্তাদ। অভয় দেন তো আরও বলি! ওষুধ কেনার সময়ও দুধে জল মেশানোর খেলা হয়। নিন্দুকরা বলে, রাস্তাতেই হাপিস হয়ে যায় কিছু ওষুধ।

সম্মাননীয় মহানাগরিক, আপনার এ শহরে কেউ রাস্তার লাইটের বালব নিয়েও দুর্নীতি করে নমস্য ধান্দাবাজ মহলে। বেআইনি নির্মাণ চলে শহরের প্রাণকেন্দ্রে। এক এক জায়গায় এক এক নেতা হিরো। তাঁকে ধরলেই দুর্নীতিবাজদের মুশকিল আসান।

বিশ্বাস করুন, আপনার বাড়ির পাশ দিয়ে সেদিন হাঁটছি। হঠাৎই পিছন থেকে শুনলাম, এক সাইকেল আরোহী তরুণ হাঁটতে হাঁটতে নিজেকেই বলছেন, 'বাবা-মার কথা শুনে পড়াশোনা করলে আজ এই কাজ করতে হত না।' জিজ্ঞেস করে বুঝি, এই কাজ মানে ডিস্ট্রিবিউটারের কাজ। সাইকেলে দুটি বড় বাক্স। সাইকেল নিয়ে হাঁটতে হাঁটতে ঘুরতে হয় পুরো শহর।

এ শহর পারল না তাকে বা তাদেরকে অন্য আলোর সন্ধান দিতে?

কর্পোরেশনে টেলিফোনে সপ্তাহান্তে আপনি অনেক প্রতিশ্রুতি দেন। সে তো দিতে পারেনই। রাজনীতিতে প্রতিশ্রুতি দেন সব দলের নেতারা। আপনার নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একবার কোনও প্রতিশ্রুতি দিলে তার অনেক কিছু রাখার চেষ্টা করেন। আপনার মধ্যে সেটা কিন্তু দেখিনি। এই তো ফুলবাড়ি, গজলডোবার বেআইনি জমি কেলেঙ্কারি, মহানন্দা-বালাসনের বালি-পাথর চুরি, শহরের জলকষ্ট, ধোঁয়া নিয়ে কত কথা শুনলাম। সবই অজান্তে আপনার রবীন্দ্রসংগীত হয়ে গেল। সে গান আপনি অবশ্য মঞ্চে গান না-'কিছুই তো হল না। / সেই সব--সেই সব--সেই হাহাকাররব,/ সেই অশ্রুবারিধারা, হৃদয়বেদনা।'

আপনার বাড়ির গেটে দ্বাররক্ষীর মতো দুই পাইন দাঁড়িয়ে। রাস্তার উলটোদিকেই প্রাচীন শিশু বৃক্ষ। সে বৃক্ষ তার গুঁড়িতে বয়ে বেড়ায় অসংখ্য ফার্ন। আলোর খোঁজে সে গাছ নিজেই অদ্ভুতভাবে বেঁকে আকাশ দেখার চেষ্টায়। ছায়ার মাঝেই কত আলো! আপনিও এতরকম উদ্ধত, দুর্নীতিগ্রস্ত, প্রতিবন্ধী কাউন্সিলারের দলবলকে উপেক্ষা করে নিজে আলোর খোঁজে যেতে পারেন না?

আমরা কিন্তু আপনার আমলে এখনও এমন কোনও কাজ দেখলাম না, যা শিলিগুড়ির ইতিহাস মনে রেখে দেবে। ভালো থাকুন স্যর।

আলোয় থাকুন, আলোয় রাখুন।

# হুমকি মোদির মুখে

প্রথম পাতার পর

মেডিকেল ভিসা থাকলে ২৯ এপ্রিল পর্যন্ত ভারতে থাকা যাবে।

ভারত নিজের অবস্থানের পক্ষে বিশ্ব জনমত সংগঠিত করতেও মরিয়া। বৃহস্পতিবার রাশিয়া, চিন, জাপান, জার্মানি ইত্যাদি দেশের রাষ্ট্রদূতদের ডেকে পহলগামের ঘটনা বিস্তারিতভাবে জানিয়েছে সাউথ ব্লক। অন্যদিকে, মোদিকে ফোন করে পহলগামে হামলার নিন্দা করেন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। দেশেও বিভিন্ন দলকে পাশে পাওয়ার বার্তা মিলছে।

বৃহস্পতিবারের সর্বদলীয় বৈঠকে কেন্দ্রীয় সরকারকে একযোগে সমর্থনের বার্তা দিয়েছে বিরোধীরা। বিরোধী দলনেতা রাহুল গান্ধি বলেন, 'কেন্দ্রীয় সরকার পহলগামের ঘটনায় যে পদক্ষেপ করবে, তাতে পূর্ণ সমর্থন জানাব আমরা।' একই বক্তব্য কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের। কংগ্রেসের দাবি মেনে অবশ্য সর্বদলীয় বৈঠকে সভাপতিত্ব করেননি প্রধানমন্ত্রী। সভাপতিত্ব করেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। ওই বৈঠকের আগে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে গিয়ে পরিস্থিতি জানান কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা এবং বিদেশমন্ত্রী এস জয়শংকর। ২ ঘণ্টা ধরে চলা সর্বদলীয় বৈঠকে তৃণমূলের প্রতিনিধি হিসাবে উপস্থিত সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেন, 'সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে আমরা কেন্দ্রের সঙ্গে আছি।' তবে বিজেপি পহলগামের ঘটনাকে সামনে রেখে হিন্দু-মুসলিম মেরুকরণ করছে বলে অভিযোগ করেন তিনি। ওই বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, বিদেশমন্ত্রী এস জয়শংকর, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু ছাড়াও ছিলেন বিজেপি সভাপতি জেপি নাড্ডা, আপের সঞ্জয় সিং, সপার রামগোপাল যাদব, এআইমিম নেতা আসাদউদ্দিন ওয়াইসি, এনসিপি (এসপি)-র সুপ্রিয়া সুলে প্রমুখ। বৃহস্পতিবার কংগ্রেস ওয়ার্কিং কমিটির বৈঠকে পহলগাম কড়া নিরাপত্তায় মোড়া এলাকা হওয়া সত্ত্বেও এমন ঘটনায় গোয়েন্দা ব্যর্থতা এবং নিরাপত্তা খতিয়ে দেখার দাবি তোলা হয়েছে। পাকিস্তানকেই এই হামলার নেপথ্যে দায়ী করেছে কংগ্রেস। শুক্রবার অনন্তনাগে আহতদের সঙ্গে দেখা করতে যাবেন রাহুল।



‘আই কিল ইউ’


# মৃত্যুহুমকি পেলেন গম্ভীর

## পাকিস্তানের সঙ্গে কোনও ক্রিকেট নয় : রাজীব শুক্লা

**নয়াদিল্লি, ২৪ এপ্রিল :** পহলগামে সন্ত্রাসবাদী হামলার নিন্দায় মুখর ভারতীয় ক্রিকেট সমাজ। ঘটনায় নিহতদের শ্রদ্ধা জানানোর পাশাপাশি বুধবার গৌতম গম্ভীর হুংকার দিয়েছিলেন, ভারত এই ঘটনার বদলা নেবে। তারপরই মৃত্যুহুমকি পেলেন টিম ইন্ডিয়ার হেডস্যর গম্ভীর। ভারতীয় দলের কোচকে ইমেলে খুনের হুমকি দিয়েছে ‘আইসিস কাশ্মীর’ নামক একটি জঙ্গি সংগঠন। দুইটি হুমকিবার্তা পেয়েছেন গম্ভীর। থানায় অভিযোগও দায়ের করেছেন তিনি। বৃহস্পতিবার বিষয়টি প্রকাশ্যে এসেছে।

বুধবার দুপুরে প্রথম ইমেল পান গম্ভীর। দ্বিতীয়টি পান বিকালে। দুইটি ই-মেলেই লেখা ছিল, ‘আইকিলইউ।’ যার অর্থ, ‘আমি তোমাকে মেরে ফেলব।’ গম্ভীরও আর দেরি করেননি। ইমেলের স্ক্রিনশট নিয়ে দিল্লির রাজেন্দ্র নগর থানায় অভিযোগ দায়ের করেন। ঘটনার কথা মধ্য দিল্লির ডিসিপি ভি হর্ষবর্ধনকে জানান গম্ভীর। দ্রুত ব্যবস্থা নিতে অনুরোধ করেছেন তিনি। তাঁর পরিবার যাতে সুরক্ষিত এবং নিরাপদে থাকে তার জন্যও পুলিশকে উদ্যোগী হতে বলেছেন গম্ভীর।

গম্ভীরের অভিযোগ পেয়ে দ্রুত তদন্ত শুরু করেছে পুলিশ। কোথা থেকে ওই ই-মেল এসেছে, কারা তা পাঠিয়েছে-তা তদন্ত করে দেখা হচ্ছে। গম্ভীর এবং তাঁর পরিবারের নিরাপত্তা বাড়ানো হবে বলেও জানা গিয়েছে। এই প্রসঙ্গে হর্ষবর্ধন বলেছেন, ‘গৌতম গম্ভীরকে মৃত্যুহুমকি পাঠানোর অভিযোগ আমরা পেয়েছি। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে।



গম্ভীর এখন দিল্লি পুলিশের নিরাপত্তা পান। আগামীতে তাঁর নিরাপত্তা কতটা বাড়ানো হবে, সেটা এখনই নিশ্চিত করে বলা সম্ভব নয়।’ ২০২১ সালেও একবার খুনের হুমকি পেয়েছিলেন গম্ভীর।

২০১২-’১৩ সাল থেকে পাকিস্তানের বিরুদ্ধে দ্বিপাক্ষিক সিরিজ খেলে না টিম ইন্ডিয়া। পহলগামের ঘটনার পর ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সহ সভাপতি রাজীব শুক্লা আরও একবার পরিস্কার করে জানিয়ে দিয়েছেন, পাকিস্তানের সঙ্গে কোনও দ্বিপাক্ষিক সিরিজ খেলবে না ভারত।

এই প্রসঙ্গে রাজীব বলেছেন, ‘আমরা ক্ষতিগ্রস্তদের পাশে আমি। নিহতদের পরিবারের প্রতি আমাদের সমবেদনা রয়েছে। সরকার যা বলবে, আমরা সেটাই করব। ১০ বছরের বেশি সময় ধরে আমরা পাকিস্তানের সঙ্গে দ্বিপাক্ষিক সিরিজ খেলি না। আগামীতেও খেলব না। তবে আইসিসি-র ইভেন্টে আমরা পাকিস্তানের বিরুদ্ধে খেলতে বাধ্য। কিন্তু আইসিসি-ও বর্তমান পরিস্থিতি সম্পর্কে ওয়াকিবহাল। আশা করব, তারা সবদিক বিবেচনা করেই সিদ্ধান্ত নেবে।’ বিসিসিআই সচিব দেবজিৎ সইকিয়াও পহলগামে নিহতদের শ্রদ্ধা জানিয়েছেন।

এদিকে, পহলগাম ঘটনার জন্য নিজের দেশের সরকারকেই দুষছেন পাকিস্তানের প্রাক্তন স্পিনার দানিশ কানেরিয়া। পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের উপর ক্ষোভ উগরে দিয়ে কানেরিয়া বলেছেন, ‘পহলগামে সন্ত্রাসবাদী হামলায় পাকিস্তান সরকারের সত্যিই যদি কোনও মদত না থাকে তাহলে পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ এখনও কেন নিহদের প্রতি শোকজ্ঞাপন করেননি? পাকিস্তানের সেনাবাহিনীকে কেন হাই অ্যালার্টে রাখা হয়েছে? আসল সত্যিটা সবাই জানে। পাকিস্তান নিজেদের ঘরে সন্ত্রাসবাদীদের আশ্রয় দেয়, তাদের বড় করে তোলে। লজ্জা!’

# রাসেলের বদলি কি রোভমান

## জল্পনা তুঙ্গে

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

**কলকাতা, ২৪ এপ্রিল :** কথায় বলে, সকাল দেখলে বোঝা যায় বাকি দিনটা কেমন যাবে।

ক্রিকেটের আদিম প্রবাদ, অনুশীলন দেখলে অনেক সময় আন্দাজ পাওয়া যায় আগামীর। এমন ভাবনা যদি বাস্তব হয়, তাহলে বলতেই হচ্ছে শনিবারের ইডেন গার্ডেন্সে কলকাতা নাইট রাইডার্সের প্রথম একাদশে একাধিক বদলের সম্ভাবনা। যার মধ্যে মূল আকর্ষণ হতে চলেছে আন্দ্রে রাসেল!

চলতি অষ্টাদশ আইপিএলে একেবারেই ছন্দে নেই দ্রে রাস। ব্যাটে রান নেই। দলকে ভরসা দিতে ব্যর্থ। উপরি হিসেবে নিয়মিতভাবে তাঁকে বল হাতেও দেখা যাচ্ছে না। সঙ্গে রাসেলের ফিনিশার ভূমিকা নিয়েও উঠে গিয়েছে প্রশ্ন। এমন অবস্থায় রাসেলের বদলি হিসেবে কি শনিবারের পাঞ্জাব কিংস ম্যাচে রোভমান পাওয়েলকে দেখা যাবে? জল্পনা তুঙ্গে। আজ সন্ধ্যায় কেকেআরের অন্তত ঘণ্টা তিনেকের অনুশীলনের পর রাসেলের বদলি হয়তো রোভমান, এমন জল্পনা বেড়েছে। রাসেলও নেটে ব্যাটিং করেছেন। অল্প সময় বোলিংও করেছেন। তুলনায় রোভমানকে নিয়ে দীর্ঘসময় নেটে পড়েছিলেন কেকেআরের মেন্টর ডোয়েন ব্রাভো। ব্যাট হাতে বেশ আগ্রাসী মেজাজেও দেখা গিয়েছে রোভমানকে।

দ্রে রাসের পরিবর্তের সন্ধানের পাশে নাইট শিবিরে আরও বদলের ভাবনা রয়েছে। এখনও একটিও ম্যাচে না খেলা মায়াঙ্ক মার্কাণ্ডেকে শনিবার রাতে বল হাতে দলের তিন নম্বর স্পিনার হিসেবে দেখা গেলে অবাক হওয়ার থাকবে না।





*চন্দ্রকান্ত পণ্ডিত ও ডোয়েন ব্রাভোর সঙ্গে আলোচনায় আজিঙ্কা রাহানে (বাঁয়ে)। খেলা নিয়ে সংশয় থাকলেও পণ্ডিতের ক্লাসে কামাই নেই আন্দ্রে রাসেলের।*

গুজরাট টাইটান্সের বিরুদ্ধে শেষ ম্যাচে যে পিচে খেলা হয়েছিল, সেই পিচেই শনিবার শ্রেয়স আইয়ারদের বিরুদ্ধে নামবে কেকেআর। পিচ নিয়েও প্রত্যাশিত চর্চা চলল আজ। বিকেল পাঁচটার কিছু পরে মাঠে ঢুকেই বাইশ গজের সামনে হাজির হয়ে যান কোচ চন্দ্রকান্ত পণ্ডিত, অধিনায়ক আজিঙ্কা রাহানে, মেন্টর ব্রাভো, রহস্য স্পিনার বরুণ চক্রবর্তীরা। পিচ পর্যবেক্ষণের পর তার পাশে দাঁড়িয়ে রীতিমতো বৈঠক হয় নাইট টিম ম্যানেজমেন্টের।

কেন বৈঠক? কারণ, পিচে সামান্য হলেও ঘাস রয়েছে। যা কেকেআরের একেবারেই পছন্দ নয়। যদিও ঠিক কেমন পিচ হলে নাইটদের পছন্দ হবে, সেটাই এখন ভারতীয় ক্রিকেটের সবচেয়ে বড় রহস্য। দিন কয়েক আগে মুল্লানপুরে পাঞ্জাব কিংসের বিরুদ্ধে ম্যাচে ৯৫ রানে অল আউটের লজ্জা এখনও দগদগে ঘা হয়ে রয়েছে কেকেআর শিবিরে। সেই ম্যাচে পাঞ্জাবের ১১২ রানের সামনে ধসে গিয়েছিল নাইটদের ব্যাটিং। এবার ঘরের মাঠে ফের শ্রেয়সদের মোকাবিলা করার পাশে প্লে-অফ অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য ওপেনিং জুটিতেও বদলের সম্ভাবনা রয়েছে কেকেআরের। শেষ ম্যাচে সুযোগ পাওয়ার পরও ব্যর্থ হওয়া রহমানুল্লাহ গুরবাজের জায়গায় কুইন্টন ডি কক ফিরতে পারেন বলে খবর। আজ সন্ধ্যার অনুশীলনে কুইন্টন সবার আগে নেটে ব্যাটিং করেছেন। ভালো ছন্দে রয়েছেন বলেও মনে হয়েছে।

নাইটদের প্রথম একাদশে একাধিক পরিবর্তনের সম্ভাবনার পাশে আজ আচমকাই কেকেআরের নেটে দেখা গেল উমরান মালিককে। আইপিএলের শুরুতেই চোটের জন্য ছিটকে গিয়েছিলেন তিনি। তাঁর পরিবর্ত হিসেবে চেতন সাকারিয়ার নাম ঘোষণা আগেই হয়ে গিয়েছে। কিন্তু তারপরও কেন নাইটদের নেটে উমরান? নাইটদের সংসারে খোঁজ নিয়ে জানা গেল, ফিট হয়ে ওঠা উমরানকে আপাতত দলের সঙ্গে রেখে তাঁকে ফিট করা হচ্ছে আগামীর লক্ষ্যে।

*ছবি : ডি মণ্ডল*

# শনিবারের ইডেন শ্রেয়সের বদলাপুর

সঞ্জীবকুমার দত্ত

**কলকাতা, ২৪ এপ্রিল :** ঘড়ির কাঁটায় তখন সাড়ে ছয়টা হবে।

দল আগেই অনুশীলনে চলে এসেছে। মার্কাস স্টোয়িনিস, যুযবেন্দ্র চাহাল, গ্লেন ম্যাক্সওয়েল, অর্শদীপ সিং-সবাই। ভিড়ের মাঝে সবাই খুঁজছেন শ্রেয়স আইয়ারকে। ঠিক তখনই ব্যাট হাতে মাঠে প্রবেশ। ক্লাব হাউসের গ্যালারিতে থাকা উৎসাহী কিছু সমর্থক ‘শ্রেয়স ভাইয়া’ বলে ডাকতেই ঘুরে তাকালেন। ব্যাট তুলে নাড়লেন।

গত বছর কলকাতা নাইট রাইডার্স সমর্থকদের হৃদয়জুড়ে ছিলেন। ইডেন গার্ডেন্সে বারবার ‘শ্রেয়স শ্রেয়স’ শব্দব্রহ্ম উঠেছে। এবার শিবির বদল। চ্যাম্পিয়ন অধিনায়ক হয়েও নাইট রাইডার্স ছাড়তে হয়েছে। নেপথ্য কাহিনী নিয়ে প্রচুর বিতর্ক হয়েছে। জল্পনা কম হয়নি। তবে একটা জিনিস পরিষ্কার, সামনে নাইট মানে বদলার মেজাজ।

কেকেআর ছাড়ার পর শ্রেয়স অভিযোগ করেছিলেন, অধিনায়ক হিসেবে চ্যাম্পিয়ন হওয়ার কৃতিত্ব যতটা পাওয়া উচিত ছিল, তা পাননি। সেখানে প্রীতি জিন্টার পাঞ্জাব কিংস শুধু রেকর্ড ২৬.৭৫ কোটির অর্থ দেয়নি, দিয়েছে নেতৃত্বের সম্মান। রিকি পন্টিংয়ের সঙ্গে ফের জুটি বাঁধার সুযোগ। যে জুটির স্পর্শে কামাল দেখাচ্ছে পাঞ্জাব কিংসও। লিগ তালিকায় পঞ্চম স্থানে থাকলেও ৮ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে ভালোমতোই রয়েছে প্লে-অফের দৌড়ে।

লিগ শীর্ষে থাকা গুজরাট টাইটান্সের সঙ্গে মাত্র ২ পয়েন্টের তফাত। শনিবার বদলার ম্যাচে প্রাক্তন দল নাইট রাইডার্সের হিসেবনিকেশ মিটিয়ে নিতে পারলে সেই ব্যবধানও মুছে যাবে। মুল্লানপুরে হওয়া প্রথম সাক্ষাৎকারে নাইটরা হেরেছিল অধিনায়ক শ্রেয়সের ক্ষুরধার মস্তিষ্ক এবং দুরন্ত নেতৃত্বের কাছে। নিজে ব্যর্থ হলেও ১১১ রানের পুঁজি নিয়ে ম্যাচ বের করে নেন।

> শ্রেয়স দারুণ অধিনায়ক। দুর্দান্ত নেতৃত্ব দিচ্ছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ, কোচ রিকি পন্টিংয়ের সঙ্গে ওর বোঝাপড়া খুব ভালো। অতীতে দিল্লি ক্যাপিটালসে কাজ করেছে একসঙ্গে। সেই বোঝাপড়ার সুফল পাচ্ছে দল।
>
> নেহাল ওয়াধেরা

শনিবাসরীয় নন্দনকাননে জয়ের ভিতটা ব্যাট হাতে গড়ার বাড়তি তাগিদ থাকবে শ্রেয়সের। কেকেআরে খেলা, নেতৃত্ব দেওয়ার সুবাদে ইডেনকে ভালোমতো চেনেন। সেই অভিজ্ঞতার পুঁজি নিয়ে ফের ঝাঁপাবেন, সন্দেহ নেই। এদিন দেরিতে মাঠে ঢুকলেও যতক্ষণ ছিলেন, ইনটেন্ট প্র্যাকটিস সেশন। শুরুতে হালকা জগিং, স্ট্রেচিং। তারপর ক্লোজ ক্যাচিং প্র্যাকটিস।

ব্যাট ঘোরালেন দীর্ঘক্ষণ। কোচ পন্টিংকে নিয়ে পিচে চোখ বোলানোর পর দীর্ঘক্ষণ ব্যাটিং। প্রথমে থ্রো ডাউন নিলেন। মাটিঘেঁষা শট, চেনা ইনড্রাইভ। তারপর নেটে স্বভাবসিদ্ধ বিগহিটের ফুলঝুরি। মার্কো জানসেনের পেসে যেমন নিজেকে ঝালিয়ে নিলেন, তেমনই চাহালের স্পিনও খেললেন। শনিবার নামবেন চেনা ইডেনে রানের খিদে নিয়ে। প্র্যাকটিসের সময় একবারও ফিরে তাকাননি প্রাক্তন দলের দিকে। তবে ইডেন ছাড়ার আগে প্রাক্তন সতীর্থদের অনেকের সঙ্গে আড্ডাও মারলেন। হর্ষিত রানা নিজেই এগিয়ে গিয়েছিলেন। তারপর সেই আড্ডায় যোগ দেন রামনদীপ সিং সহ আরও কয়েকজন।

অনুশীলন শেষে টিম বাসে ওঠার সময় কিছু খুদে ভক্ত শ্রেয়সকে জিজ্ঞাসা করে, ‘শ্রেয়স ভাইয়া কেমন আছো।’ শ্রেয়স বাংলাতেই উত্তর দেন, ‘আমি ভালো আছি। তোমরা কেমন আছো?’

বিকেলে দুই দলের প্র্যাকটিস। টানা হারের ধাক্কায় নাইট প্র্যাকটিসে ফুরফুরে মেজাজটা যখন উধাও, তখন উলটো ছবি পাঞ্জাব কিংস শিবিরে। ম্যাক্সওয়েল, স্টোয়িনিস, অর্শদীপরা রীতিমতো চনমনে। আর পরিস্থিতি যেমনই হোক চাহাল সবসময় বিন্দাস। পিচ দেখার পাশাপাশি প্রতিপক্ষের মইন আলি, বোলিং কোচ ভরত অরুণের সঙ্গে চুটিয়ে আড্ডা।



*প্রস্তুতির ফাঁকে ইডেন গার্ডেন্সের বাইশ গজে নজর পাঞ্জাব কিংসের কোচ রিকি পন্টিং ও অধিনায়ক শ্রেয়স আইয়ারের। ডি মণ্ডলের তোলা ছবি।*

পাঞ্জাবের দলটার সম্পদ ঘরের ছেলেরা। প্রিয়াংশ আর্য, প্রভসিমরান সিংয়ের ওপেনিং জুটি শেষ কয়েক ম্যাচে অবাক করছে। কেকেআর, চেন্নাই সুপার কিংসের মতো দলগুলি যখন তারকা ওপেনার নিয়ে ক্লিক করছে না, সেখানে অচেনা মুখ দিয়ে বাজিমাত। মাঝে নেহাল ওয়াধেরাও ভরসা দিচ্ছেন। পন্টিংয়ের উপস্থিতি যদি অন্যতম কারণ হয়, তাহলে শ্রেয়সের কৃতিত্বও প্রাপ্য।

নেহালের গলায় সেই সুর। কলকাতায় পা রেখে ভার্চুয়াল প্রেস কনফারেন্সে অধিনায়ক শ্রেয়সকে প্রশংসায় ভরিয়ে দিলেন। বলেছেন, ‘শ্রেয়স দারুণ অধিনায়ক। দুর্দান্ত নেতৃত্ব দিচ্ছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ, কোচ পন্টিংয়ের সঙ্গে ওর বোঝাপড়া খুব ভালো। অতীতে দিল্লি ক্যাপিটালসে কাজ করেছে একসঙ্গে। সেই বোঝাপড়ার সুফল পাচ্ছে দল।’

আরও জানান, সাজঘরের দুর্দান্ত পরিবেশ দলের মধ্যে একাত্মতা তৈরি করেছে। প্রথমবার পাঞ্জাবে এলেও মানিয়ে নিতে এতটুকু অসুবিধা হয়নি। পন্টিং, শ্রেয়স, টিম ম্যানেজমেন্ট সবসময় প্লেয়ারদের পাশে। সহজাত খেলাটা মেলে ধরার সুযোগ দেয়। শনিবার ইডেন-দ্বৈরথে যা অস্ত্র নেহালের। শ্রেয়সের শরীরী ভাষাতে সেখানে জবাব দেওয়ার তাগিদ। দুয়ে দুয়ে চার। আরও একটা কঠিন ম্যাচ হতে চলেছে শাহরুখ খান ব্রিগেডের জন্য।



*গোলের পর শূন্যে লাফ রিয়াল মাদ্রিদের আর্দা গুলারের।*

# গুলারের গোলে লড়াইয়ে রইল রিয়াল

**মাদ্রিদ, ২৪ এপ্রিল :** বার্সেলোনাকে এতটুকুও স্বস্তির নিঃশ্বাস ফেলতে দিচ্ছে না রিয়াল মাদ্রিদ। লা লিগায় শিরোপার দৌড়ে কাতালান জায়েন্টদের তাড়া করেই চলেছে কার্লো আন্সেলোত্তির দল। বুধবার গেটাফেকে ১-০ গোলে হারিয়ে সেই লড়াই জারি রাখল মাদ্রিদ জায়েন্টরা।

শনিবার কোপা ডেল রে-র ফাইনাল। তার আগে গেটাফে ম্যাচে নিয়মিত প্রথম একাদশে থাকা একাধিক ফুটবলারকে বিশ্রামে রেখে দল সাজান আন্সেলোত্তি। কিলিয়ান এমবাপে ছিলেন না কার্ড সমস্যায়। কিছুটা ঝুঁকি নিয়েই জুডে বেলিংহাম, রডরিগোদেরও বেঞ্চে রাখেন। তাতেও জয় আটকাল না রিয়ালের। চেনা ছন্দে না হলেও একের পর এক আক্রমণে বিপক্ষের রক্ষণকে ব্যস্ত রেখেছিলেন এন্ড্রিক, ভিনিসিয়াস জুনিয়াররা। তারই ফসল ২১ মিনিটে আর্দা গুলারের গোল। সেই গোলই ম্যাচে ফারাক গড়ে দেয়। দ্বিতীয়ার্ধে অবশ্য দক্ষ হাতে একাধিকবার রিয়ালকে নিশ্চিত গোল হজমের হাত থেকে বাঁচান গোলরক্ষক থিবো কুর্তোয়া। এই জয়ের সুবাদে সমসংখ্যক ৩৩ ম্যাচে বার্সার সঙ্গে রিয়ালের পয়েন্টের ব্যবধানটা চারই রইল।

জয়ের পরও অস্বস্তি রইল রিয়াল শিবিরে। শনিবার বার্সেলোনার বিরুদ্ধে কোপা দেল রে-র ফাইনালে অনিশ্চিত ডেভিড আলাবা ও এডুয়ার্ডো কামাভিঙ্গা। দুইজনই চোটের কবলে। আন্সেলোত্তিও স্বীকার করে নেন, বার্সার বিরুদ্ধে তাঁদের খেলার সম্ভাবনা কম। বলেন, ‘দুজনেরই মাংসপেশিতে চোট রয়েছে। শনিবার ওদের দুইজনের পক্ষে খেলা কঠিন।’ এদিকে দলকে জিতিয়ে গুলার বলেছেন, ‘লড়াইটা যে কঠিন হবে তা আমরা জানতাম। প্রথমার্ধেই গোলমুখ খুলতে পারাটা আমাদের কাজটা কিছুটা হলেও সহজ করে দেয়।’

## সমাধান খুঁজছে চেন্নাই-হায়দরাবাদ

# আজ চারশোর মাইলস্টোনে ধোনি

**চেন্নাই, ২৪ এপ্রিল :** বলুন তো রোহিত শর্মা, দীনেশ কার্তিক ও বিরাট কোহলির মধ্যে মিল কোথায়? তিনজনই ৪০০ টি২০ খেলে ফেলেছেন। শুক্রবার সেই তালিকায় মহেন্দ্র সিং ধোনি যোগ দিতে চলেছেন। মহেন্দ্রবাবুর মাইলস্টোন ম্যাচের আগে অবশ্য সমস্যার পাহাড়ে চেন্নাই সুপার কিংস। আগামীকাল চিপকে সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে হাজারো সমস্যার সমাধান খোঁজাই লক্ষ্য ইয়েলো ব্রিগেডের।

আট ম্যাচে মাত্র দুইটি জয় নিয়ে দশ দলে লিগে সবার শেষে। হারের সংখ্যা বাড়তে বাড়তে হাফডজনে পৌঁছে গিয়েছে। উজ্জ্বল হলুদ জার্সিতে ধোনি ব্রিগেডের এহেন বিবর্ণ পারফরমেন্স মানতে কষ্ট হচ্ছে ভক্তদের। গত ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে হারের পর ধোনিও কার্যত স্বীকার করে নিয়েছেন, এবারের মতো প্লে-অফে ওঠার স্বপ্ন প্রায় শেষ। জোর দেবেন আগামী মরশুমের সেরা একাদশ বানানোর লক্ষ্যে।

> **আইপিএলে আজ**
>
> চেন্নাই সুপার কিংস
> বনাম
> সানরাইজার্স হায়দরাবাদ
>
> সময় : সন্ধ্যা ৭.৩০ মিনিট
> স্থান : চেন্নাই
>
> **সম্প্রচার :** স্টার স্পোর্টস নেটওয়ার্ক, জিওহটস্টার

সমস্যা হল, শুক্তোর মশলা দিয়ে বিরিয়ানি রান্না করা যায় না। তাই বিজয় শংকরদের নিয়ে আগামী মরশুমেও সিএসকে কতটা শক্তিশালী হতে পারবে, তা নিয়ে সন্দেহ থেকেই যাচ্ছে।

গুমোট পরিস্থিতিতে আশার আলো অবশ্য আয়ুষ মাত্রে, শাইক রশিদের মতো তরুণরা। আগামীকালও ভালো কিছুর জন্য এদের দিকেই তাকিয়ে থাকতে হবে ধোনিকে। চেন্নাইয়ের মতো সানরাইজার্সও সমস্যার পাহাড়ে বসে রয়েছে। ট্রাভিস হেড, অভিষেক শর্মাদের গত বছরের মারকাটারি ক্রিকেট এবার ক্লিক করেনি। নিটফল, নয় নম্বরে নেমে গিয়ে ‘গ্রহণ’ লেগেছে সানরাইজার্সের। যা কাটাতে প্যাট কামিন্স ব্রিগেডের ঘুরে দাঁড়ানো প্রয়োজন। সবমিলিয়ে লিগের নয় ও দশ নম্বর দলের লড়াইয়ে বাজিমাত করে কে একটু অক্সিজেন পায়, সেটাই দেখার।

# ‘ভারত-ইংল্যান্ড উপভোগ্য সিরিজ হবে’

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

**কলকাতা, ২৪ এপ্রিল :** নৈশালোকের ঝলমলে ইডেন গার্ডেন্স। শনিবার কলকাতা নাইট রাইডার্স বনাম পাঞ্জাব কিংসের ম্যাচ। তার আগে সন্ধ্যার ইডেনে তখন দুই শিবিরই চুটিয়ে অনুশীলনে ব্যস্ত।

এমন সময় বৃদ্ধ বাবাকে সঙ্গে নিয়ে এক তরুণী প্রবেশ করলেন ক্রিকেটের নন্দনকাননের ক্লাব হাউসে। মাঠ থেকে তাঁকে দেখেই হাত নাড়লেন গ্লেন ম্যাক্সওয়েল। কেকেআরের সিইও ভেঙ্কি মাইসোর তাঁকে দেখে এগিয়ে এলেন পাঞ্জাব কিংসের সাজঘরের সামনে।

ভালো করে দেখার পরই চমক। ঈশা গুহ। ইংল্যান্ডের প্রাক্তন মহিলা ক্রিকেটার। মহিলাদের আন্তর্জাতিক ক্রিকেটে ৮টি টেস্ট, ৮৩টি একদিনের ম্যাচ ও ২২টি টি২০ ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে ঈশার। এখন স্কাই স্পোর্টসে নিয়মিত ধারাভাষ্য দেন। আপাতত কিছুদিনের ছুটিতে বাবা বরুণ গুহকে সঙ্গে নিয়ে এসেছেন কলকাতায়। পরিকল্পনা রয়েছে বেঙ্গালুরু ও ধরমশালায় যাওয়ার। শনিবার রাতের ইডেনে কেকেআর



*ছুটি কাটানোর মাঝে বাবার সঙ্গে ইডেন গার্ডেন্সে ইংল্যান্ডের ঈশা গুহ।*

বনাম পাঞ্জাব ম্যাচও গ্যালারিতে বসে দেখবেন। শেষ কবে ভারতে এসেছেন? প্রশ্ন করতেই গভীর চিন্তায় পড়ে গেলেন ঈশা। একটু ভেবে বলে দিলেন, ‘২০০৫-’০৬ মরশুমে ভারত সফরে এসেছিলাম ইংল্যান্ড দলের প্রতিনিধি হিসেবে। এই ইডেনে টেস্টও খেলেছি।’ তাঁর বাবা ক্রিকেটপ্রেমী বরুণ মনেই করতে পারছিলেন না শেষ কবে ইডেনে বসে খেলা বা অনুশীলন দেখেছেন কোনও দলের। বলছিলেন, ‘২০২৩ সালে অল্প কয়েকদিনের জন্য একবার ভারতে এসেছিলাম। সেই সময় কলকাতাতেও হাজির হয়েছিলাম। তবে ইডেনে আসা হয়নি।’

জুন মাসে রোহিত শর্মার ভারত ইংল্যান্ড সফরে যাবে। পাঁচ টেস্টের সিরিজ নিয়ে ক্রিকেটমহলে ভালোরকম আগ্রহ রয়েছে। ঈশা সেই সিরিজে স্কাই স্পোর্টসে ধারাভাষ্যও দেবেন। আসন্ন ভারত বনাম ইংল্যান্ড সিরিজ নিয়ে তাঁর পর্যবেক্ষণ,

## বাবার সঙ্গে ইডেনে ঈশা গুহ

> খুব দুঃখজনক ঘটনা। কাশ্মীরের মতো জায়গায় এই রকম ঘটনা ভাবাই যায় না। আমি ব্যক্তিগতভাবে খুব মর্মাহত।
>
> ঈশা গুহ

‘নিশ্চিতভাবেই উপভোগ্য সিরিজ হবে। দুর্দান্ত দুটি দল যখন পরস্পরের বিরুদ্ধে খেলবে, মজাদার ক্রিকেট দেখতে পাব আমরা। কোন দল ফেভারিট, প্লিজ প্রশ্নটা করবেন না আমায়। ব্যক্তিগতভাবে আমি দুর্দান্ত একটা সিরিজের অপেক্ষায় রয়েছি।’ বিরাট কোহলি ও রোহিত শর্মাদের আন্তর্জাতিক ক্রিকেট ভবিষ্যৎ নিয়ে জোরদার জল্পনা চলছে। কোহলি-রোহিতদের মধ্যে কি এখনও ক্রিকেট বেঁচে রয়েছে? প্রশ্ন শুনে ঝড়ের গতিতে ঈশার জবাব, ‘অবশ্যই। রোহিত-বিরাটরা ভারতীয় ক্রিকেটকে অনেক কিছু দিয়েছে। আমি নিশ্চিত ওদের মধ্যে এখনও ক্রিকেট বেঁচে রয়েছে। রোহিতরা এমন প্রতিভা, যাঁরা নিজেরাই ঠিক করবেন ক্রিকেটকে অবসর জানানোর সময়টা।’

গত ডিসেম্বর-জানুয়ারিতে টিম ইন্ডিয়ার অস্ট্রেলিয়া সফরের সময় জসপ্রীত বুমরাহ টানা পাঁচ টেস্টের ধকল নিতে পারেননি। সিডনিতে শেষ টেস্টে চোট পেয়েছিলেন তিনি। অস্ট্রেলিয়ায় বুমরাহর সঙ্গে মহম্মদ সামি ছিলেন না। ফলে ভারতীয় পেস বোলিং কিছুটা দুর্বল ছিল। বিলেত সফরে ভারতীয় বোলিং কি ‘এক্স’ ফ্যাক্টর হবে? ঈশা বলছেন, ‘বুমরাহ আইপিএল খেলছে। ওর ফিটনেস নিয়ে কোনও সমস্যা রয়েছে বলে মনে হয় না। আধুনিক ক্রিকেটের সেরা জোরে বোলার ও। বিলেত সফরে বুমরাহর সঙ্গে সামিও থাকবে। আমি নিশ্চিত, ভারতীয় বোলিং চাপে রাখবে ইংল্যান্ড ব্যাটিংকে।’

পহলগামে সন্ত্রাসবাদী হামলায় নিহতদের শ্রদ্ধা জানিয়ে ঈশা বলেছেন, ‘খুব দুঃখজনক ঘটনা। কাশ্মীরের মতো জায়গায় এই রকম ঘটনা ভাবাই যায় না। আমি ব্যক্তিগতভাবে খুব মর্মাহত।’

## প্যালেসের বিরুদ্ধে ড্র আর্সেনালের

# প্রিমিয়ার লিগ জয়ের অপেক্ষায় লিভারপুল

**লন্ডন, ২৪ এপ্রিল :** লিভারপুলের কাজটা আরও কমিয়ে দিল আর্সেনাল। ক্রিস্টাল প্যালেসের কাছে পয়েন্ট খুইয়ে রেডস শিবিরের ইংলিশ প্রিমিয়ার লিগ জেতা কার্যত নিশ্চিত করে দিল মিকেল আর্তেতার দল। প্যালেসের বিরুদ্ধে দুইবার এগিয়ে গিয়েও ম্যাচ ২-২ গোলে ড্র করল গানাররা।

বুধবার ঘরের মাঠে ম্যাচের তৃতীয় মিনিটেই গোল করে আর্সেনালকে এগিয়ে দেন ইয়াকুব কিভিওর। প্যালেস অবশ্য তাতে দমে যায়নি। গোল শোধের লক্ষ্যে মরিয়া হয়ে ঝাঁপায় তারা। অবশেষে ২৭ মিনিটে সমতায় ফেরে ক্রিস্টাল প্যালেস। ৪২ মিনিটে লিয়ান্দ্রো ট্রোসার্ডের গোলে ফের এগিয়ে যায় আর্তেতার আর্সেনাল। ম্যাচের শেষলগ্নে অবিশ্বাস্য শটে প্যালেসকে সমতায় ফেরান ফিলিপ মাতেতা। এদিন ড্র করায় ৩৪ ম্যাচ খেলে আর্সেনাল রইল ৬৭ পয়েন্টে। বাকি চার ম্যাচ জিতলেও সর্বোচ্চ ৭৯ পয়েন্টে পৌঁছাতে পারবে তারা। সেখানে লিভারপুল ৩৩ ম্যাচে ৭৯ পয়েন্ট নিয়ে দাঁড়িয়ে। ফলে রবিবার টটেনহাম হটস্পারের সঙ্গে ম্যাচ ড্র করলেই খেতাব ঘরে তুলে ফেলবে আর্নে স্লটের দল।

স্বাভাবিকভাবেই পয়েন্ট খুইয়ে হতাশ আর্সেনাল কোচ আর্তেতা। তিনি বলেছেন, ‘দলের খেলায় আজ সত্যিই আমি হতাশ। আমরা ধারাবাহিকতা দেখাতে পারিনি। আধিপত্য ধরে রাখতে পারিনি।’ এই নিয়ে এবারের প্রিমিয়ার লিগে ১৩টা ম্যাচ ড্র করল আর্সেনাল। তা নিয়েও আক্ষেপ ঝরে পড়ল আর্তেতার গলায়।

**শুভেচ্ছা**

Tanmay & Riya (ভারতনগর) : শুভ প্রীতিভোজে শুভেচ্ছা রইল। শুভ কামনায়-'মাতঙ্গিনী ক্যাটারার ও চলো বাংলায় ফ্যামিলি রেস্টুরেন্ট।' শিলিগুড়ি।

# ঘরে প্রথম জয় আরসিবি-র

## ফের বিরাট নজির কোহলির

**রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু-২০৫/৫**
**রাজস্থান রয়্যালস-১৯৪/৯**

**বেঙ্গালুরু, ২৪ এপ্রিল :** 'কে বলেছে তোমাকে এখানে অচেনা হয়ে আসতে? এই মাঠ তোমাকে প্রত্যেকবার পুজো করেছে, সম্মান দিয়েছে। এখানে তুমি বারবার অতিথি হয়েই এসো।'

বেঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়াম অতীতে একাধিক বিরাট কোহলির ক্লাসিক ইনিংসের সাক্ষী থেকেছে। অন্যতম প্রিয় এই মাঠে বৃহস্পতিবার আরও একটি বিরাট নজির গড়লেন কোহলি। টি২০-তে প্রথম ব্যাটার হিসেবে একটি ভেনুতে ৩৫০০ রানের মাইলস্টোনে পা রাখলেন তিনি। বিরাট নজির তৈরির দিনেই অষ্টাদশ আইপিএলে ঘরের মাঠে প্রথম জয় পেল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে ১১ রানে জিতে তারা লিগ টেবিলে তিন নম্বরে উঠে এসেছে।

বিরাট, দেবদত্ত পাডিক্কালের অর্ধশতরানে ভর করে ২০৫/৫ স্কোরে পৌঁছানোর পরও আরসিবি জয় নিয়ে চিন্তায় ছিল। ১৮ নম্বর ওভার শেষ হওয়া পর্যন্ত ম্যাচ রাজস্থানের দিকেই ঝুঁকে ছিল। শেষ ১২ বলে তাদের জয়ের জন্য প্রয়োজন ছিল ১৮ রান। ক্রিজে সেট হয়ে যাওয়া ধ্রুব জুরেলের সঙ্গে হাতে আরও ৪ উইকেট। কিন্তু ফিনিশিংয়ে সাম্প্রতিক দুর্বলতা কাটিয়ে উঠতে পারেনি রাজস্থান। গত কয়েকটি ম্যাচের মতো শেষ ওভার নয়, ১৯ নম্বর ওভার থেকেই তাদের পতন শুরু হয়। ধ্রুব (৩৪ বলে ৪৭) ও জোফ্রা আর্চারকে (০) তুলে নেওয়া ছাড়াও জোশ হ্যাজেলউড এই ওভারে মাত্র ১ রান খরচ করে তাদের চাপ বাড়িয়ে দেন। এরপর শেষ ওভারে যশ দয়ালের হিসেবকষা বোলিংয়ে আটকে গিয়ে রাজস্থান থেমে যায় ১৯৪/৯ স্কোরে।

এদিন ওপেনিং জুটিতে ভালো শুরু উপহার দেন বিরাট (৪২ বলে ৭০) ও ফিল সল্ট (২৬)। ৬১ রান ওঠার পর সল্টকে ফিরিয়ে জুটি ভাঙেন ওয়ানিন্দু হাসারাঙ্গা ডি সিলভা। কিন্তু বিরাট একটা দিক ধরে রেখেছিলেন। পাশে পেয়ে যান গত ম্যাচে ফর্মে ফেরা দেবদত্তকে (২৭ বলে ৫০)। তাঁদের ৯৫ রানের ঝুঁকিহীন পার্টনারশিপ বেঙ্গালুরুর বড় রানের মঞ্চ গড়ে দেয়। ৩২ বলে ৫০-এর গণ্ডি টপকে আইপিএলে ৬৮ নম্বর অর্ধশতরান পেয়ে যান কোহলি।

আটটি চার ও জোড়া ছয়ে সাজানো ইনিংসে চেনা সব শট বেরোল কোহলির ব্যাট থেকে। যার মধ্যে তুষার দেশপাণ্ডেকে মারা লেগসাইডে ফ্লিকটা সেরা। সন্দীপ শর্মার (৪৫/২) বলে আউট হওয়ার আগে অর্ধশতরান সেরে নেন দেবদত্তও।

রানতাড়ায় নেমে ঝড় তুলেছিলেন যশস্বী জয়সওয়াল (১৯ বলে ৪৯)। জোড়া ছয়ে শুরু করলেও ১৬-তে থেমে যান ১৪ বছরের বৈভব সূর্যবংশী। ৫২ রানের ওপেনিং জুটি গড়ে তাঁরা মঞ্চ তৈরি করে দিলেও ফিনিশিং টাচের অভাবে ফের ডুবল রাজস্থান।



অর্ধশতরানের পর বিরাট কোহলি। বৃহস্পতিবার বেঙ্গালুরুতে। - এএফপি

# 'ছন্দটা শেষপর্যন্ত ধরে রাখতে হবে'

## বক্তা রোহিত, মনোযোগী শ্রোতা হার্দিক

**হায়দরাবাদ, ২৪ এপ্রিল :** প্রথম পাঁচ ম্যাচে একটা জয়।

সেখান থেকে উলটপুরাণ। শেষ চারেই জিৎ! দেওয়ালে পিঠ ঠেকে যাওয়া পরিস্থিতি থেকে নতুন করে স্বপ্ন দেখা শুরু। অতীতের সাফল্যের ইতিহাসকে যা উসকে দিচ্ছে। শুরুতে ব্যর্থতা। শেষ পর্বে জ্বলে ওঠা। পাঁচবারের চ্যাম্পিয়ন মুম্বই ইন্ডিয়ান্স বারবার যা করে দেখিয়েছে।

> টস গুরুত্বপূর্ণ ছিল। পরিস্থিতি যা ছিল আমাদের প্রথমে বোলিং করার ইচ্ছে ছিল। প্রথমে মনে হয়েছিল এটা ২৬০-২৮০ উইকেট। যদিও সবকিছু রাতারাতি বদলে যায়। ব্যাটিং স্ট্র্যাটেজি নিয়ে আমাদের নতুন করে ভাবতে হবে।
>
> **ড্যানিয়েল ভেত্তোরি**

২০২৫ সালে কি সেরকম কোনও স্ক্রিপ্ট অপেক্ষা করছে? আর সেই নয়া স্ক্রিপ্ট লিখছেন প্রাক্তন অধিনায়ক রোহিত শর্মা। প্রথম সাত ম্যাচে ব্যাট কার্যত নিশ্চুপ। ব্যাটিং গড় মাত্র ১৩.৪। রোহিতের আইপিএল কেরিয়ার ঘিরেও নানান প্রশ্ন উঠছিল। শেষ দুইয়ে চেন্নাই সুপার কিংস ও সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে স্বমেজাজে হিটম্যান। জোড়া হাফ সেঞ্চুরিতে সমালোচকদের চুপ করিয়ে দিয়েছেন।

রোহিত স্পর্শে জ্বলে উঠছে সূর্যকুমার যাদবের ব্যাটও। তারই ঝলক সানরাইজার্স হায়দরাবাদ ম্যাচে। হার্দিক পান্ডিয়া অধিনায়ক হলেও ফের মাঠ, দলের সাজঘরেও যেন অঘোষিত 'নেতা' রোহিত।



স্ট্র্যাটেজিক টাইম আউটে রোহিত শর্মার সঙ্গে আলোচনায় হার্দিক পান্ডিয়া।

মুম্বই ইন্ডিয়ান্সের হয়ে আইপিএলে সর্বাধিক ২৬০ ছক্কা মারার (কায়রন পোলার্ডের ২৫৮-কে পিছনে ফেলে) রেকর্ডের দিনে সাজঘরে তারই ঝলক।

জিতে ফেরার পর দলের সামনে বক্তব্য রাখলেন। রোহিত বলছেন, বাকিদের সঙ্গে যেখানে মনোযোগী শ্রোতা হার্দিক পান্ডিয়াও। মুম্বই ইন্ডিয়ান্সের পোস্ট করা ভিডিওয় সেই ছবি উঠে এসেছে। রোহিতকে নিয়ে ভিডিওয় ক্যাপশনে লেখা হয়েছে, 'পরপর দুই ম্যাচে হাফ সেঞ্চুরি। সাজঘরে ব্যাটিং পুরস্কার। মাঠের সর্বত্র মেরেছে ওদের। আমরা সবাই যা দেখতে ভালোবাসি।'

সতীর্থদের উদ্দীপনা জোগাতে রোহিতের মূল বক্তব্য, দল সাফল্যে ফিরেছে। ধারাবাহিকতা দেখাচ্ছে। এই ধারাবাহিকতা ধরে রাখতে হবে। ম্যাচ শুরুর আগে হাডলেও দলকে সেকথা বলেছিলেন। তারই প্রতিফলন মিলেছে বাইশ গজে। মুম্বইয়ের পাঁচবারের আইপিএল চ্যাম্পিয়নের বিশ্বাস, ছন্দটা শেষপর্যন্ত বজায় থাকবে। এই সাফল্য ধরে রাখতে হবে।

রোহিতকে ঘিরে মুম্বই যখন চনমনে, তখন হায়দরাবাদ আরও অন্ধকারে। কোচ ড্যানিয়েল ভেত্তোরি অবশেষে স্বীকার করে নিলেন, প্রথম বল থেকে চোখ কান বুজে চালানোর পরিকল্পনা বুমেরাং হচ্ছে। বলেছেন, 'টস গুরুত্বপূর্ণ ছিল। পরিস্থিতি যা ছিল আমাদের প্রথমে বোলিং করার ইচ্ছে ছিল। প্রথমে মনে হয়েছিল এটা ২৬০-২৮০ উইকেট। যদিও সবকিছু রাতারাতি বদলে যায়। ব্যাটিং স্ট্র্যাটেজি নিয়ে আমাদের নতুন করে ভাবতে হবে।'

# সুপার কাপে চ্যাম্পিয়ন হতে চান টাংরি

**কলকাতা, ২৪ এপ্রিল :** 'সুপার কাপ জিততে নিজেদের সেরাটা দেব।'

ভুবনেশ্বরে উড়ে যাওয়ার আগে হুংকার মোহনবাগান সুপার জায়েন্টস অধিনায়ক দীপক টাংরির। এদিনই ক্লাবের তরফ থেকে ২৫ জনের দল ঘোষণা করা হয়। যার অধিনায়ক নির্বাচিত হয়েছেন ক্লাবের অ্যাকাডেমি থেকে উঠে আসা এই মিডফিল্ডার। দীপক নিজেই জানালেন তাঁর ছোট থেকে দেখা স্বপ্ন সফল হল। তিনি বলেছেন, 'ছোট থেকে মোহনবাগানে খেলছি। তারপর সিনিয়ার দলে ঢুকেছি। এরকম ক্লাবে অধিনায়কত্ব করার স্বপ্ন সবারই থাকে। আমারও ছিল। আট-নয় বছর পরিশ্রমের পর স্বপ্ন সত্যি হল বলা যেতে পারে।' সুপার কাপে মূলত কিছু সিনিয়ার ও আরএফডিএলে খেলা ফুটবলারদের মিলিয়ে মিশিয়ে তৈরি করা হয়েছে। এই প্রসঙ্গে দীপক বলেছেন, 'নতুনদের সুযোগ দেওয়া ভালো। আমাদের একটা জুনিয়ার স্কোয়াড



ছিলই। তারা সুযোগ পাবে। নতুনরা সুযোগ পাওয়া সবসময়ই ভালো। কিছু সিনিয়ার ফুটবলারও আছে। জুনিয়ারদের পক্ষে ভালো যে তারা এরকম একটা প্রতিযোগিতায় সিনিয়ারদের সঙ্গে খেলার সুযোগ পাবে। এতে ওরাও উপকৃত হবে।' অধিনায়ক হলেও অবশ্য জুনিয়ারদের বাড়তি কিছু বলার দরকার আছে বলে তিনি মনে করছেন না। বরং দীপকের কথায়, 'এই জুনিয়াররা মোহনবাগানের জার্সি গায়ে দিয়েই খেলে। তাই এর ওজন জানা আছে ওদের। আমি শুধু এটুকুই বলব ওদের, খেলাটাকে উপভোগ করো তাহলেই হবে। আমরা সকলেই নিজেদের সেরাটা দিতে তৈরি।'

প্রথম রাউন্ডে চার্চিল ব্রাদার্স নাম তুলে নেওয়ায় মোহনবাগান সরাসরি কোয়ার্টার ফাইনাল থেকে খেলবে। আগামী শনিবার তাদের প্রথম ম্যাচ কেরালা ব্লাস্টার্সের বিপক্ষে। যারা আবার নাকি ইস্টবেঙ্গলকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছে। অস্কার ব্রুজোঁর দলের বিপক্ষে ওই ম্যাচে দুর্দান্ত খেলেন নোয়া সাদাউ। এই প্রসঙ্গে দীপকের মন্তব্য, 'কেরালা ব্লাস্টার্সকে নিয়ে নতুন করে কিছু বলার নেই। আইএসএলে যা শক্তি ছিল, ওদের এখনও তাই আছে। শুধু কোচ পরিবর্তন হয়েছে। হয়তো এতে মানসিকতার কিছু পরিবর্তন হতে পারে। আর নোয়াকে নিয়েই বা আলাদা করে কী বলব? আমরা এগারোজনের বিপক্ষে খেলব। সবটাই দলগতভাবে হবে। কোচেরও পরিকল্পনা থাকবে। নোয়াকে আটকানো যাবে না, এমন তো নয়।' ম্যানেজমেন্ট থেকে কোচ বাস্তব রায়, সকলেই বলছেন সুপার কাপে তারা অভিজ্ঞতা অর্জনের জন্য দল পাঠাচ্ছেন। সেখানে দলের অধিনায়ক কিন্তু যাওয়ার আগে জানিয়ে গেলেন, 'নিজেদের সেরাটা দিতে চাই। সুপার কাপে চ্যাম্পিয়ন হতেই যাচ্ছি।' শেষপর্যন্ত চ্যাম্পিয়ন হতে পারলে নিশ্চিতভাবেই সেটা ফুটবলার থেকে সমর্থক, সবার কাছেই হবে বোনাসের মত।

# ইস্টবেঙ্গলকে ভালো দল গড়ার পরামর্শ মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ এপ্রিল :** মোহনবাগান সুপার জায়েন্টের সাফল্যের উদাহরণ টেনে ইস্টবেঙ্গলকে আরও ভালো করার পরামর্শ মুখ্যমন্ত্রীর।

বৃহস্পতিবার রবীন্দ্র সদনে ইস্টবেঙ্গলের শতবর্ষ নিয়ে নির্মিত তথ্যচিত্র 'শতবর্ষে ইস্টবেঙ্গল' মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে মুক্তি পেয়েছে। সেই মুক্তিপ্রকাশ অনুষ্ঠানেই মুখ্যমন্ত্রী বলেছেন, 'ইস্টবেঙ্গলের পারফরমেন্স ভালো নয় কেন। দলের এই পারফরমেন্সে সবচেয়ে বেশি দুঃখিত হন ক্লাবের সমর্থকরা। মোহনবাগান তো দুর্দান্ত দল গড়েছে। আইএসএলে সবাইকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে। শুধু টাকা খরচ করলেই হয় না। চ্যাম্পিয়ন হতে গেলে ভালো খেলোয়াড় নিতে হবে।' তিনি আরও যোগ করেছেন, 'আমি ক্লাবকর্তাদের বলব এই বিষয়ে তারা যেন বিনিয়োগকারীদের সহযোগিতা করেন। আগে থেকে পরিকল্পনা করে ভালো মানের খেলোয়াড় দলে নিতে হবে। বাংলায় খেলোয়াড়ের অভাব নেই। ইতিবাচক মানসিকতা নিয়ে চললে ইস্টবেঙ্গল সাফল্য পাবে।'

এদিন অনুষ্ঠানের শুরুতেই পহলগাম হামলায় নিহতদের শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। তারপর মহিলা জাতীয় লিগ জয়ী লাল-হলুদ দলকে শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী। তাদেরকে ৫০ লক্ষ টাকার আর্থিক পুরস্কারও তুলে দেন তিনি। পাশাপাশি রাজ্য সরকারের পক্ষ থেকে একটি ট্রফিও তুলে দিন তিনি। পরে মুখ্যমন্ত্রী বলেছেন, 'ইস্টবেঙ্গল মহিলা দল আমাদের গর্বিত করেছে। দলের কোচ অ্যান্টনি অ্যান্ড্রুজকে শুভেচ্ছা জানাই। আগামী মরশুমে লাল-হলুদের মেয়েরা এএফসি চ্যাম্পিয়ন্স লিগে খেলবে। আশা করছি, ওখানেও সাফল্য পাবে তারা।'

এদিন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়াও ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস, ইস্টবেঙ্গল কোচ অস্কার ব্রুজোঁ, মোহনবাগান সচিব দেবাশিস দত্ত, প্রাক্তন মোহনবাগান সচিব সৃঞ্জয় বসু, মহমেডান স্পোর্টিং ক্লাবের কার্যনির্বাহী সভাপতি মহম্মদ কামারুদ্দিন, আইএফএ সচিব অনির্বাণ দত্ত, সিএবি সভাপতি স্নেহাশিস গঙ্গোপাধ্যায় সহ একাধিক বিশিষ্ট ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন।



রবীন্দ্র সদনে বৃহস্পতিবার ইস্টবেঙ্গল মহিলা দলকে সংবর্ধনা দিচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ছবি : ডি মণ্ডল

# নয়া ক্রিকেট স্টেডিয়ামের প্রস্তাব মমতার

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ এপ্রিল :** রাজারহাটে ১৫ একর জমিতে সিএবি-কে নয়া ক্রিকেট স্টেডিয়াম তৈরির প্রস্তাব দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার ইস্টবেঙ্গল ক্লাবের এক অনুষ্ঠানে তিনি বলেছেন, 'রাজারহাটে ১৫ একর জমি রয়েছে। ওখানে ফুটবল স্টেডিয়াম তৈরি করার কথা ছিল। কিন্তু সেটা না হওয়ায় সিএবি-কে ওখানে ক্রিকেট স্টেডিয়াম তৈরির প্রস্তাব দিচ্ছি। সরকার সবরকম সাহায্য করবে।' একটা সময় ইডেনে ফুটবল খেলা হত। পরে ইডেন গার্ডেন্স পুরোপুরি ক্রিকেটের হাতে চলে যায়। এবারেও ফুটবলের জন্য নির্ধারিত জমি ফুটবল কর্তাদের অপদার্থতায় ক্রিকেটের হাতে চলে যাচ্ছে। এদিকে রাতের দিকে এই সিএবি সভাপতি স্নেহাশিস গঙ্গোপাধ্যায়ের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানিয়েছেন, আগে সমস্ত বিষয়টি বুঝবেন। তারপর এই নিয়ে মন্তব্য করবেন।

## আজ চারশোর মাইলস্টোনে ধোনি

- খবর এগারোর পাতায়

# ডার্বি জিতে সেমিতে এসি মিলান

**কোপা ইতালিয়া**

**মিলান, ২৪ এপ্রিল :** কোপা ইতালিয়ার সেমিফাইনালের দ্বিতীয় লেগে ইন্টার মিলানকে ৩-০ গোলে উড়িয়ে দিল এসি মিলান। দুই পর্ব মিলিয়ে তারা জিতল ৪-১ গোলে।

৩৮ মিনিটে অ্যালেক্স জিমিনেজের ক্রসে মাথা ছুঁয়ে গোল করেন লুকা জোভিচ। যদিও তার আগে সুযোগ পেয়েছিল ইন্টার। প্রথমে ফেডেরিকো ডিমারকোর শট ক্রসবার ছুঁয়ে বেরিয়ে যায়। তারপর বক্সের ভেতর সহজ সুযোগ নষ্ট করেন অধিনায়ক লওটারো মার্টিনেজ। ৫০ মিনিটে দ্বিতীয় গোল করেন জোভিচ। তিজানি রেইন্ডার্স কফিনে শেষ পেরেক পোঁতেন ৮৫ মিনিটে।

ত্রিমুকুট জয়ের সম্ভাবনা শেষ হলেও ইন্টারের সামনে সুযোগ রয়েছে সিরি আ, চ্যাম্পিয়ন্স লিগ জয়ের। আগামী সপ্তাহে চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালে ইন্টারের প্রতিপক্ষ বার্সেলোনা। সেদিকে তাকিয়ে ইন্টারের স্টিফান দি ভ্রিজ বলেছেন, 'হারটা কষ্টের, তবে সেটা ভুলে সামনে এগোতে হবে।' অন্যদিকে, ইন্টার কোচ সিমোনে ইনজাঘির মন্তব্য, 'ক্লান্তির অজুহাত দেওয়া ঠিক হবে না। আমাদের আরও উদ্যম দেখানো উচিত ছিল।'

# রোনাল্ডোদের কোচ হওয়ার দৌড়ে মোরিনহো

**লিসবন, ২৪ এপ্রিল :** ২০২৬ সালের জুলাই পর্যন্ত রবার্তো মার্টিনেজের সঙ্গে চুক্তি রয়েছে। তবে তাঁকে সরিয়ে দিতে চাইছে পর্তুগাল ফুটবল ফেডারেশন। পরিবর্তে কোচ হিসাবে হোসে মোরিনহোকে চাইছে তারা।

২০২৪ সালে ইউরোয় সেভাবে নজর কাড়তে পারেনি পর্তুগাল। দল নির্বাচন নিয়েও অভিযোগ রয়েছে মার্টিনেজের বিরুদ্ধে। যে কারণে বিশ্বকাপের আগেই নতুন কোচ নিয়োগ করতে চাইছে তারা। সেক্ষেত্রে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর দেশের ফেডারেশনের পছন্দ মোরিনহো। তবে এই মুহূর্তে তুরস্কের ক্লাব ফেনেরবাখের দায়িত্বে রয়েছেন তিনি। ঘরোয়া লিগে খেতাবের দৌড়ে তাঁর দল। তুরস্কের ক্লাবটির সঙ্গে আরও এক বছরের চুক্তিও রয়েছে মোরিনহোর। পর্তুগিজ সংবাদমাধ্যম সূত্রের খবর, প্রয়োজনে অতিরিক্ত খরচ করেও মোরিনহোকে জাতীয় দলের কোচ করতে চায় পর্তুগাল। অন্য আরেকটি সংবাদমাধ্যমের দাবি চুক্তি পাকা হয়ে গিয়েছে। সবমিলিয়ে আগামী ফিফা বিশ্বকাপে 'দ্য স্পেশাল ওয়ান'-কে পর্তুগাল ডাগআউটে দেখার সম্ভাবনা ক্রমেই জোরালো হচ্ছে।

# আলাদিনের জাদুতে ধরাশায়ী মহমেডান

**মহমেডান স্পোর্টিং ক্লাব-০**
**নর্থইস্ট ইউনাইটেড এফসি-৬**
**(জিতিন, আলাদিন-হ্যাটট্রিক, নেস্টর, গুইয়েরমো)**

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ এপ্রিল :** হারই ভবিতব্য। এটা মেনে নিয়েই যেন সুপার কাপ খেলতে নেমেছিল মহমেডান স্পোর্টিং ক্লাব।

আলাদিন আজারাইয়ের জাদুতেই ধরাশায়ী সাদা-কালো শিবির। বৃহস্পতিবার মহমেডান যত না নর্থইস্ট ইউনাইটেড এফসি-র কৌশলের কাছে পরাস্ত হল, তার চেয়েও বেশি প্রভাব ফেলল পারিপার্শ্বিক পরিস্থিতি। তিনদিনের অনুশীলন। হুয়ান পেদ্রো বেনালির পূর্ণশক্তির দলের সামনে মাত্র এক বিদেশি। পর্যাপ্ত ফুটবলারের অভাব। বাধ্য হয়েই আক্রমণ আর মাঝমাঠের ফুটবলারদের খেলাতে হল রক্ষণে। এগুলোই মারাত্মক প্রভাব ফেলল। গোটা ম্যাচের মধ্যে ৬১ মিনিটে রবি হাঁসদার শট ছাড়া বিপক্ষের রক্ষণকে সেই অর্থে পরীক্ষার মুখে ফেলতে পারল কই মেহরাজউদ্দিন ওয়াডুর দল। হাসতে হাসতে ৬-০ গোলে ম্যাচটা জিতে নিল নর্থইস্ট।

গোলবর্ষণ শুরু তৃতীয় মিনিটে। মহমেডানকে প্রথম ধাক্কাটা দেন জিতিন এমএস। রক্ষণের ভিড়ের মধ্যে থেকে বল জালে পাঠান তিনি। ম্যাচের শুরু থেকেই অনভ্যস্ত পজিশনে বেশ নড়বড়ে লাগছিল অমরজিৎ সিং কিয়াম, বিকাশ সিংদের। নর্থইস্ট সেই সুযোগ পুরোদস্তুর কাজে লাগায়। ১৮ মিনিটে দ্বিতীয় গোল করলেন আলাদিন। বক্সের সামনে থেকে নিখুঁত প্লেসিংয়ে লক্ষ্যভেদ। মিনিট দুয়েকের মধ্যে আরও একবার গুইয়েরমো ফার্নান্ডেজের জন্য বল সাজিয়ে দেন তিনি। তবে হেডার তেকাঠির মধ্যে রাখতে ব্যর্থ হন স্প্যানিশ স্ট্রাইকার। ৪২ মিনিটে জিতিনের বাড়ানো বল থেকে মাটি ঘেঁষা শটে তৃতীয় গোল করেন নেস্টর আলবিয়াখ। মহমেডান যে আক্রমণ সংগঠিত করতে পারেনি তা নয়। আসলে মার্ক আন্দ্রে সমারবক, ইসরাফিল দেওয়ানদের সব প্রচেষ্টাই ভোঁতা হয়ে গেল নর্থইস্ট রক্ষণের সামনে।

দ্বিতীয়ার্ধে আরও আগ্রাসী বেনালির দল। ৫৭ মিনিটে ফের গোল আলাদিনের। প্রথম প্রচেষ্টায় থই সিংয়ের শট রুখে দিলেও ফিরতি বল জালে পাঠান মরক্কান স্ট্রাইকার। ৬৬ মিনিটে আরও একবার সাদা-কালো রক্ষণের জাল ছিঁড়ল নর্থইস্ট। গুইয়েরমোর গোলের নেপথ্যে অবদান সেই আলাদিনেরই। সংযুক্তি সময়ে তিনি হ্যাটট্রিক সেরে ফেললেন পেনাল্টি থেকে। মহমেডানের বিরুদ্ধে ম্যাচের সেরাও আলাদিনই।

**মহমেডান :** শুভজিৎ, বিকাশ, সাজাদ, সামাদ, অমরজিৎ, আঙ্গুসানা (ম্যাক্সিয়ন), সমারবক, চিকারো, ইসরাফিল (বামিয়া), রবি ও রেমসাঙ্গা (অ্যাডিসন)



নর্থইস্ট ইউনাইটেডের জয়ের নায়ক আলাদিন আজারাই।

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন মুর্শিদাবাদ-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, মুর্শিদাবাদ - এর একজন বাসিন্দা মাহবুল শেখ - কে 02.02.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 93G 59419 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি সিকিম রাজ্য লটারিতে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "যখন আমি জীবনে উন্নতির কথা ভাবছিলাম সেই মুহূর্তে ডিয়ার লটারি আমাকে একটি সঠিক পথ দেখিয়েছে। আমি ডিয়ার লটারি এবং সিকিম রাজ্য লটারিকে অজস্র ধন্যবাদ জানাই কারণ তারা আমাকে আমার সর্বস্ব অর্জন করার আত্মবিশ্বাস প্রদান করেছে। ডিয়ার লটারির মাধ্যমে আমি সবাইকে তাদের ভাগ্য পরীক্ষা করার অনুরোধ করছি, কারণ ডিয়ার লটারি এবং সিকিম রাজ্য লটারি অসংখ্য কোটিপতি তৈরী করেছে এবং আপনি হয়তো হতে পারেন পরবর্তী কোটিপতি।"

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

# চ্যাম্পিয়ন পতিরাম পাইথনস

**বালুরঘাট, ২৪ এপ্রিল :** দক্ষিণ দিনাজপুর জেলা প্রিমিয়ার লিগ টি২০ ক্রিকেটে চ্যাম্পিয়ন হল পতিরাম পাইথনস। বৃহস্পতিবার ফাইনালে তারা ৪ উইকেটে বালুরঘাট লায়ন জায়েন্টসকে হারিয়েছে। বালুরঘাট স্টেডিয়ামে লায়ন ১৯.২ ওভারে ১১৮ রানে অল আউট হয়। সাহিল সরকারের অবদান ৬১ রান। ম্যাচের সেরা তাপস সরকার ১৪ রানে পেয়েছেন ৪ উইকেট। ভালো বোলিং করেছেন সুমন বন্দ্যোপাধ্যায়ও (১১/২)। জবাবে পাইথনস ১৯.৩ ওভারে ৬ উইকেটে ১১৯ রান তুলে নেয়। অনুরণ সরকার রেখে এসেছেন ৪০ রান। ঋক দাসের শিকার ৩৬ রানে ২ উইকেট। উদ্যোক্তাদের তরফে চ্যাম্পিয়ন ও রানার্স দলকে ট্রফি সহ যথাক্রমে ২৫ হাজার ও ১০ হাজার টাকা পুরস্কার দেওয়া হয়েছে।



চ্যাম্পিয়ন ট্রফি নিয়ে সেন্ট মারিয়া গার্লস হাইস্কুল। - আয়ুষ্মান চক্রবর্তী

# চ্যাম্পিয়ন সেন্ট মারিয়া হাইস্কুল

**আলিপুরদুয়ার, ২৪ এপ্রিল :** জেলা বিদ্যালয় ক্রীড়া সংসদের অনূর্ধ্ব-১৪ মেয়েদের ফুটবলে চ্যাম্পিয়ন হল সেন্ট মারিয়া গোর্থি গার্লস হাইস্কুল। বৃহস্পতিবার ফাইনালে তারা ৫-১ গোলে নির্মলা গার্লস হাইস্কুলকে হারিয়েছে। হ্যাটট্রিক করে সেন্ট মারিয়ার আদিল টোপ্পো। তাদের বাকি গোলস্কোরার সুপর্ণা ওরাওঁ ও বর্ষা এক্কা। নির্মলার গোলটি রিনি ওরাওঁয়ের।

# বিশাখার হ্যাটট্রিক

**জলপাইগুড়ি, ২৪ এপ্রিল :** জেলা ক্রীড়া সংস্থার মহিলা ফুটবল লিগে বৃহস্পতিবার জলপাইগুড়ি ফুটবল অ্যাকাডেমি ৪-০ গোলে মিলন সংঘকে হারিয়েছে। হ্যাটট্রিক করে ম্যাচের সেরা হয়েছেন বিশাখা বর্মন। অন্য গোলটি পুষ্পিতা রায়ের। এদিন খেলা শুরুর আগে কাশ্মীরে জঙ্গি হামলায় নিহতদের আত্মার শান্তি কামনায় জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে ১ মিনিট নীরবতা পালন করা হয়।

# জয়ী টিম ডি

**পারডুবি, ২৪ এপ্রিল :** পশ্চিম পারডুবি প্রিমিয়ার লিগের দ্বিতীয় পর্বের দ্বিতীয় ম্যাচে বৃহস্পতিবার পয়েস্তি প্যান্থারকে ৮ রানে হারিয়েছে টিম ডি। প্রথমে টিম ডি ১২ ওভারে ৬ উইকেটে ১৩৩ রান তোলে। উজ্জ্বল কীর্তনিয়ার অবদান ৪৪ রান। জবাবে প্যান্থার ১২ ওভারে ৮ উইকেটে ১২৫ রানে থামে। সর্বোচ্চ ৩৬ রান করেন অসিত রায়শর্মা।

